হিন্দুজাতি ও শিক্ষা।

দ্বিতীয় ভাগ

ইংরেজী ও পাশ্চাত্য শিক্ষার কাহিনী—দ্বিতীয় খণ্ড।

(অষ্টাদশ শতাব্দীর শেষ হইতে কলিকাতা
বিশ্ববিদ্যালয় স্থাপন পর্য্যন্ত।)

শ্রীউপেন্দ্র নাথ মুখোপাধ্যায় প্রণীত।

প্রকাশক—

শ্রীশ্রীকালী ঘোষ।

৫৮নং মির্জাপুর ষ্ট্রীট, কলিকাতা।

১৯১৪

মূল্য এক টাকা।

সূচীপত্র।

দ্বিতীয় খণ্ড।

সূচনা।

পৃষ্ঠা ।

হিন্দুজাতি ও শিক্ষা

য় ভাগ

বাঙ্গালীরা ও শিক্ষা।

(১৮৩০—৪০)

১৮৩৫ সাল পর্য্যন্ত এদেশের গবর্ণমেণ্ট, ইংরেজী শিক্ষার পক্ষপ ছিলেন না—গবর্ণমেণ্ট স্কুলে ইংরেজী শিক্ষা দেওয়া হইবে না তাহাই স্থির ছিল। এসময় বাঙ্গালীরা নিজেরাই অসংখ্য ইংরেজী স্কুল খুলিয়াছিল: এসকল স্কুলের তালিকা সংগ্রহ অথবা সংখ্যা নিরূপন করা অসম্ভব। অনেক স্কুল অল্পকাল মাত্র স্থায়ী হইত; অনেকস্থানে সামান্ত মাত্র সংখ্যায় ছাত্র পড়িত। এ নিয়মের অনেক ব্যতিক্রমও ছিল সে সময়ের স্থাপিত স্কুল একটি এখনও দেখিতে পাওয়া যায়। গৌর মোহন আঢ্যের স্থাপিত ওরিয়েণ্টাল সেমিনারী (Oriental Seminary) এখনও কলিকাতার একটী প্রধান বিদ্যালয়

স্কুলের সংখ্যা নিরূপিত করিতে না পারিলেও বাঙ্গালীদের মধ্যে সে সময়ে ইংরেজী শিক্ষার কিরূপ প্রচলন ছিল তাহা নির্দ্ধারণ করা কঠিন নয়। ১৮৩০ সালে যখন পাদরীগণ এদেশে ইংরেজী শিক্ষা প্রদানের প্রস্তাব করেন, তাঁহারা স্বীকার করেন যে তখন কলিকাতা নগরে অন্যূন দুই সহস্র বাঙ্গালী ছাত্র বাঙ্গালীদের স্থাপিত স্কুলে পড়িতেছে। তাঁহারা আরও বলেন যে সমগ্র ভারতবর্ষে তখন যাহারা ইংরেজী পড়িতেছে তাহাদের সংখ্যা এরূপ হইবে না। ১৮৩৫ সালে ট্রেভিলিয়ান সাহেব (Sir Charles Travelyan) হিসাব করেন যে অন্যূন ছয় সহস্র বাঙ্গালী বালক ইংরেজী শিখিতেছিল।

"In Calcutta where there are at last six thousand

boys learning English." ট্রেভিলিয়ান সাহেব সাধারণ শিক্ষা সমিতির (General Committee of Public Instruction) একজন বিশিষ্ট সভ্য ছিলেন।

আর এক উপায়ে সে সময়কার ইংরেজী শিক্ষার প্রচলন সম্বন্ধে আভাস পাওয়া যাইবে। ১৮৩৪,৩৫ সালে কলিকাতা স্কুলবুক ডিপজিটরী হইতে ৩১৬৪৯ খণ্ড ইংরেজী পুস্তক বিক্রয় হয়—

"The people are greedy for European knowledge and crowd to our seminaries in greater number than we can teach them."

এই সময়ে Boutros বলিয়া একজন অধ্যাপক দিল্লি কলেজের প্রিন্সিপাল ছিলেন। তখন দিল্লি কলেজে প্রায় সকল বালকই অপরাপর গবর্ণমেণ্ট স্থাপিত কলেজের ন্যায়, পড়িতে মাসহারা চাহিত। Boutros সাহেব সেই সময়ে কলিকাতায় ইংরেজী শিক্ষার প্রচলন সম্বন্ধে লিখিয়াছেন :—

"Tha English language itself has thus become not only of material advantage but it is fashionable in Indian metropolis; a Native gentleman does not like to confess his ignorance of it; it seems as if he would lose caste in the eyes of an Englishman of rank by addressing him in Bengalee. From the operation of the causes above enumerated, in ten or fifteen years more, it will be difficult to find in Calcutta, a man under 30, above the rank of a Palkee bearer, unable to speak English.

বাঙ্গালা দেশের জমিদারগণ সে সময়ে কিরূপ আগ্রহের সহিত শিক্ষা বিস্তারে সহায়তা করিতেন নিম্ন লিখিত অংশ হইতে তাহা কতকটা প্রকাশ পাইবে।

" The Chowdhury Baboos of Taki became anxious that the children in their own zemindary should participate in these benefits. They accordingly set about vigorously doing their part. They erected a spacious school room and school house for the teacher. The latter of which they furnished in the European fashion in a very neat and substantial manner, and they added the liberal allowance of 250 Rs. per month to the salary allowed to the master from the funds of the mission. Thus encouraged, a gentleman who had been employed as an Usher in the parent institution at Calcutta undertook the charge of the Taki school, which soon consisted of upwards of 150 scholars, and in 1835 when visited by the writer of these remarks, the progress of the pupils in the English Language, Geography, General and Bible History, Mathematics and Geometry, was everything gratifying and creditable. Such moreover was the zeal, with which the youths entered into this scheme for their instruction that, at the Annual Examination at Calcutta of the Parent school, a number of them were brought all the way frem their native villages to contend for prizes there given, and were not unsuccessful.

দেশের সাধারণ লোকও শিক্ষা লাভের নিমিত্ত সে সময়ে লালায়িত হইয়াছিল। কলকারখানার শ্রমজীবিদিগের পর্য্যন্ত ইংরেজী শিক্ষা লাভের নিমিত্ত আগ্রহ জন্মিয়াছিল।

" Another proof of the value set upon education whieh we are now bestowing, and of the readiness—of the natives to obtain it for their children, is found in the

fact of ihe native superintendents, employed at the Gloucester Cotton Works in the neighbourhood of Calcutta having applied in 1836 to obtain a schoolmaster from the Assembly's Institution, who shonld be under the immediate control of the missionaries themselves. This was the more easily attainable as the Cotton Works was within twenty miles of Calcutta; and the public spirited superintendent at that time Mr. William Patrick entering at once and heartily into the view of his native workmen, the school was established; and a young native who had for several years been a monitor at the parent institution, was placed in charge of it. It is not the least remarkable circumstance attending this school that several Christian children who had been brought out from Glasgow and Paisley, before their education had been completed, were placed nnder this Native Schoolmaster."

দেশমধ্যে সে সময়ে পল্লীগ্রামের বালকদিগের পর্য্যন্ত ইংরেজী শিক্ষার নিমিত্ত কিরূপ আগ্রহ হইয়াছিল নিম্ন লিখিত অংশ হইতে প্রকাশ হইবে।

"Some gentlemen coming to Calcutta were astonished at the eagerness with which they were pressed for books by a troop of boys who boarded the Steamer from an obscure place called Komercolly (কুমারখালী), A Plato was lying on the table and one of the party asked a boy whether that would serve his purpose. 'O yes, he exclaimed, "give me any book." The gentleman atlast hit upon the expedient of cuttiug up an old Quarterly Review and distributing ths articles among them. In

the evening when some of the party went ashore, the boys of the town flocked round them, expressing their regret that why there was no English School in the place and saying that they hoped that the Governor General to whom they made an application on the subject when on his why up the country, will establish one."

উপরে গৌর মোহন আঢ্যের স্থাপিত স্কুলের কথা বলিয়াছি। সময়ে স্কুলটী কলিকাতার মধ্যে একটী প্রধান বিদ্যালয় হয়। তখন কি ভাবে বাঙ্গালীরা স্কুল স্থাপন করিত, স্কুলে কি পড়ান হইত, তাহা বুঝিবার নিমিত্ত স্কুলের রিপোর্ট হইতে নিম্ন লিখিত সংক্ষিপ্ত বিবরণ সংকলন করিয়া দিলাম।

গৌর মোহন আঢ্যের নিবাস চুঁচুড়ায় ছিল। তিনি সুবর্ণবণিক সম্প্রদায় ভুক্ত ছিলেন। তাঁহার বাল্যাবস্থায় দেশে ইংরেজী স্কুলের সংখ্যা বড় অধিক ছিল না। পরে নিজ চেষ্টায় তিনিইংরেজী ভাষায় ও সাহিত্যে বিশেষ বুৎপত্তি লাভ করেন। ১৮২৯ সালে কলিকাতায় অনেকগুলি ইংরেজী স্কুল বাঙ্গালীরা প্রতিষ্ঠা করেন। হিন্দুস্কুলের বিবরণ লিখিবার পরিচ্ছেদে কি কারণে এরূপ ঘটিয়াছিল তাহা উল্লেখ করিয়াছি। এই সময় গৌরমোহন আঢ্য কলিকাতায় একটী ইংরেজিস্কুল খুলিতে সংকল্প করেন। বাঙ্গালী বালকেরা অল্প মাহিনায় পড়িতে পারে তাহাই তাঁহার উদ্দেশ্য ছিল। বাগবাজারে বসু মল্লিকের ঘাটের নিকট বৈশোহাটা নামকস্থানে তিনি একটী শিশুদের নিমিত্ত বিদ্যালয় (Infant School) খুলেন। এই শুভ অনুষ্ঠানে তিনি তৎকালীন অনেক সম্ভ্রান্ত ও সিশিষ্ট বাঙ্গালীর সাহায্য পাইয়াছিলেন। রাজা রাধাকান্ত দেব, নড়ালের খ্যাতনামা জমিদার রামরতন রায়, রাজা কালীকৃষ্ণ বাহাদুর, কাশীনাথ ঘোষ, বৈষ্ণব দাস মল্লিক ইঁহারা সকলেই নব স্থাপিত স্কুলের পৃষ্টপোষক ছিলেন ও যথাসাধ্য গৌরমোহন আঢ্যকে সহায়তা করিতেন। পঞ্চাশটী ছাত্র লইয়া প্রথমে স্কুলটী স্থাপিত হয়। চারটীমাত্র শ্রেণী ছিল উচ্চতম

শ্রেণীতে Murray's Sequel to the English Reader পড়ান হইত। গৌরমোহন আঢ্য নিজে পড়াইতেন। স্কুলটীর অবস্থা ক্রমশঃ উন্নত হইতে লাগিল, ছাত্র সংখ্যার বৃদ্ধি হেতু বেঁশোহাটার ক্ষুদ্র গৃহটি শীঘ্রই পরিত্যাগ করিতে হয়। ।৷৹ আট আনা হইতে ২৲ দুই টাকা মাহিনা করা হইল; স্থানাভাব হেতু ২।৩ বার বাটী পরিবর্ত্তন করিতে হয়; পরে স্কুলটীর নিজের গৃহ নির্ম্মান হয় ও মূলস্কুল ব্যতীত দুইটী শাখা স্কুল খুলিতে হয়। গৌরমোহন আঢ্য নিজ স্থাপিত স্কুলের চরম উন্নতির অবস্থা দেখিতে পান নাই। ১৮৪৫ সলে ১৩ই ফেব্রুয়ারী তারিখে স্কুলের একটী শিক্ষকের অনুসন্ধানে তিনি শ্রীরামপুর গিয়াছিলেন; কলিকাতায় ফিরিবার সময় নৌকাডুবি হইয়া তাঁহার কাল হয়।

আমাদের মধ্যে অনেকেরই মনে ধারণা আছে যে বিনা সাহায্যে বাঙ্গালীরা কোন বড় উদ্যোগের ভার লইতে পারে না। ১৮৫৪ সালের স্কুলের রিপোর্ট হইতে সে সময়ের শিক্ষক দিগের নাম, পাঠ্য সামগ্রী ছাত্র সংখ্যার তালিকা নীচে উদ্ধৃত করিয়া দিলাম। নিজ চেষ্টায় শিক্ষাপ্রাপ্ত সে সময়কার একজন বাঙ্গালীর স্থাপিত ইংরেজী স্কুলের অবস্থা পাঠ করিলে এ দেশের শিক্ষা বিস্তার সম্বন্ধে অনেক ভুল ধারণা আমাদিগের মন হইতে দূর হইতে পারে।

এই সময়ে স্কুলে তিন প্রকার শিক্ষক পড়াইত। নিম্নকার শ্রেণীতে ফিরিঙ্গী অথবা ইয়োরোপীয়গণ শিক্ষা দিত। ইংরেজী উচ্চারণ ও ইংরেজী ভাষায় জ্ঞান যাহাতে বালকদিগের সহজে হয় সেই অভিপ্রায়ে এই শ্রেণীর শিক্ষকগণ শিক্ষা প্রদান করিত। তাহার উপর কয় শ্রেণীতে ইংরেজী সাহিত্য, ইতিহাস, ভূগোল, অঙ্কশাস্ত্র প্রভৃতি পাঠ্য সামগ্রী শিক্ষিত বাঙ্গালী শিক্ষকগণ পড়াইত। উচ্চতম শ্রেণীতে বিশেষ পারদর্শী ইংরেজ শিক্ষকগণ শিক্ষা প্রদান করিত। তখন উচ্চশ্রেণীতে কি পড়ান হইত নিম্নে তাহার তালিকা দিলাম—

Literature—Shakespeare's plays, Othello, Macbeth, Hamlet, King Lear, Richard II, and The Merchant of Venice; Young's Night Thoughts to four nights; Bacon's Essays, the whole; Burke on the Sublime and Beautiful. History:—Hume's History of England, Reign of Elizabeth, and Robertson's State of Europe and Charles V. Five books. Mental Philosophy: –Stewart as far as the Association of Ideas. Moral Philosophy:—Smith's Moral Sentiments. Natural Philosophy:—Mechanics Hydrostatics, Pneumatics Optics and Astronomy. Mathematics: Six Books of Euclid: Algebra, Quadratic Equations and Proportions. English composition:—Essays. Bengali:—Probode Chandrika and Essays.

THE ORIENTAL SEMINARY.

Twenty fifth year, 1854.

Baboo Hurrakisto Addy — Proprietor and Manager Secrctary.

Establishment on the 1st of May, 1854.

Reverend J. Nash D. D, — Principal.

Reverend J. Leigh Spencer, A. M. — Professor of Literature.

ASSISTANTS IN THE SENIOR DEPARTMENT.

1. Pascal De Rozario; 2, J. De Souza; 3. A. Wilson and T. D. Lace Esquires.

ASSISTANTS IN THE JUNIOR DEPARTMENT.

1. Baboo Sree Nath Banerjee; 2. Baboo Rassick Lall Sirkar; 3. Mr. J. Vallis; 4. Baboo Ram Sebak Burral; 5. Baboo Brindabon Biswas; 6.

Mr. J. Martyn; 7. Subal Chandra Day; and 8· Baboo Bostom Charan Day.

Pandit Modoosudhan Chutamani.	Pandit,
Bostom Charan Dey.	Librarian.
Issen Chandra Banerjee,	Writer.

PATSHALA.

Narshing Chandra Bhattacharjia.	Head Pundit.
Ram Jeban Mookerjee.	Assistaut Ditto.
J. De Souza, Esquire.	Headmaster,
Baboo Kaylas Chandra Bosu	First Assistant.
„ Russick Lal Chander.	Second Ditto.
„ Govind Chandra Ghosal.	Third Ditto.
„ Omes Chandra Banerjee.	Fourth Ditto.
„ Dino Nath Mukerjee.	Fifth Ditto.
„ Giridhari Para.	Sixth Ditto.
„ Gopal Chandra Sen.	Seventh Ditto.
Pandit Issur Chandra Nayratna.	Pandit.

BHOWANIPUR BRANCH SCHOOL.

First year, 1854.

J. D. Lace Esquire,	Head Master.
Baboo Goopee Mohan Dutt.	First Assistant.
„ Kaylas Chandra Banerjee.	Second Ditto.
„ Juggut Dallal Bysack.	Third Ditto.
Pandit Bhola Nath Saraswati.	Pandit.

	Pupils.
In the Oriental Seminary	510
Chitpore Road Branch School	335
Patshala	86
Total	931

The number attending the Bhowanipur Branch School. 130

Total 1061

পূর্ব্বে লিখিয়াছি ১৮১৬ সালে গঙ্গাধর ভট্টাচার্য্য বেঙ্গল গেজেট্ প্রকাশ করেন। তাহার পর ১৬ বৎসর, যে সকল বাঙ্গালা সংবাদপত্র প্রকাশ হইয়াছিল, লং (Long) সাহেবের তালিকা হইতে উদ্ধৃত করিয়া দিলাম।

Names of Newspapers r Periodicals.	When first published	How long continu-ed	Names of the writers.	Month-ly Price
Bengal Gazette	1816	1 Year	গঙ্গাধর ভট্টাচার্য্য	1-0-0
সমাচার দর্পন	1818	21 Years	J. Marshman	1-0-0
সংবাদ কৌমুদী	1819	33 Years	তারাদ দত্ত ও ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়	1-0-0
সমাচার চন্দ্রিকা	১৮২২		ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়	1-0-0
সংবাদ তিমির নাশক		10 Years	কৃষ্ণমোহন দাস	
বঙ্গদূত		10 Years	নীলরত্ন হালদার	
সংবাদ প্রভাকর	১৮৩০	২৫ বৎসর	ঈশ্বরচন্দ্র গুপ্ত	1-0-0
সংবাদ সুধাকর		৩ ,,	প্রেমচাঁদ রায়	
অনুবাদীক		২ ,,		
জ্ঞানান্বেষণ	১৮৩১	১৩ ,,	দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়	
সুধাকর			রসিক মল্লিক	
সংবাদ-রত্নাকর		১ ,,	P. Roy.	
সমাচার শুভ রাজেন্দ্র		১ ,,	ব্রজমোহন সিংহ	
শাস্ত্র প্রকাশ		১ ,,	দুর্লভচন্দ্র চট্টোপাধ্যায় লক্ষ্মীনারায়ণ বন্দোপাধ্যায়	

কৌতুকের সামগ্রী বলিয়া কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের বার্ষিক বিবরণ (Calender) হইতে নিম্নাংশ উদ্ধৃত করিয়া দিলাম।

THE GENERAL ASSEMBLY'S INSTITUTION, CALCUTTA.

Affiliated, 1864.

This institution was established in 1830, by the General Assembly of the Church of Scotland. It is the oldest (তখন হিন্দুকলেজ ১৪ বৎসর স্থাপিত হইয়াছে) Institution of the kind in India; for it was here that the system, now all but universally followed, was first tried,—of imparting the highest forms of knowledge, including sound Christian instruction, through the medium of the English language. Before this experiment, Bengali or Sanskrit had been exclusively favoured in Bengal by the Government, by Oriental Scholars, and even by Missionaries themselves. The new system was introduced by Dr. Duff, who began his Missionary labours by founding this Institution. Valuable help in the way of procuring pupils was given at the commencement by the famous Rajah Ram Mohon Ray!

গভর্ণমেণ্ট ও শিক্ষা।

(১৮৩০—৪০)

১৮২৯ সালে লর্ড আমহার্ষ্ট এ দেশ হইতে স্বদেশে প্রত্যাবর্ত্তন করেন। সেই বৎসর লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক শাসনকর্ত্তা নিযুক্ত হইয়া এ দেশে আসেন। তাঁহার সময়ে এ দেশে প্রকৃত শিক্ষা প্রদান

আরম্ভ হয়। ছয় বৎসর শাসন কার্য্য করিয়া ১৮৩৫ সালে লর্ড বেণ্টিঙ্ক স্বদেশে ফিরিয়া যান।

১৮৩০ সালে সেপ্টেম্বর মাসে কোর্ট অব ডিরেক্টরগণ (Court of Directors) শিক্ষা সম্বন্ধে যাহা ভারত গভর্ণমেণ্টকে লিখিয়াছিলেন তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে। "এক শ্রেণীর এরূপ লোক প্রস্তুত হওয়া উচিত যে তাহারা বুদ্ধি ও চরিত্রগুণে দেশের দেওয়ানী সংক্রান্ত কাজ করিতে পারিবে"।

"To raise a class of persons qualified by their in elligence and morality for high employments in the civil administration of India." ইহা করিতে গেলে ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞানের সহিত ভালরূপে পরিচিত হওয়া উচিৎ। "As the means of bringing about this most desirable object we rely chiefly on their becoming through a familiarity of European literature and science conversant with the ideas and feelings of civilized Europe."

"এ দেশের লোক দিগকে সন্তুষ্ট রাখিবার নিমিত্ত গভর্ণমেণ্ট সংস্কৃত, আরবী, ও ফারসী পড়াইবার নিমিত্ত কলেজ খুলিয়াছিলেন। গভর্ণমেণ্ট প্রাচীন শিক্ষার প্রতি সম্মান প্রদর্শন করিতেছে তাহা দেখিয়া তাহারা সন্তুষ্ট হইবে। বিশেষ পণ্ডিত ও মৌলবীরা সন্তুষ্ট হইবে। যখন আমাদের রাজত্ব নূতন ছিল সেই সময়ের নিমিত্ত এইরূপ রাজনীতি অনুমোদিত, এখন ইহা তত আবশ্যক নহে।"

"The Oriental Colleges were founded as a means of conciliating the people by showing respect for the ancient learning, more especially as a means of conciliating the Pundits and Moulavis. This was politic in the early stage of our Empire in India. It is much less now."

১৮৩০ সাল পর্য্যন্ত বাঙ্গালীরা নিজ চেষ্টায় ইংরেজী শিক্ষার সম্বন্ধে কি করিয়াছিল তাহা পূর্ব্ব-পরিচ্ছেদে লিখিত হইয়াছে। ১৮৩০ সালের পর মিশনারীগণ এদেশে ইংরেজী শিক্ষা বিস্তার করিতে ব্যগ্র হয়, তাহারা কি ভাবে চেষ্টা করিতে ছিল, সে কথাও পূর্ব্বে বলা হইয়াছে। ইংরেজীতে অভিজ্ঞ এদেশীয় কর্ম্মচারীব অভাব (Court of Directors) কোর্ট অফ্ ডিরেক্টর দিগের ভাবিবার বিষয় হইয়াছিল। এ দেশে সে সময় এ অভাব কিরূপ বোধ হইতেছিল তাহা নিম্নে লিখিত উদ্ধৃত অংশ হইতে বুঝা যাইবে!

"Another great change has of late years been made in our Indian Administration which ought alone to excite us to corresponding exertions for the education of the natives. The system established by Lord Cornwallis was based upon the principle of doing everything by European agency. Europeans are no doubt superior to the natives in some of the most important qualities of administration, but the public revenue did not admit of the employment of sufficient number of them. The wheels of Government thus soon became clogged. More than half of the business of the country remained unperformed and at last it became necessary to abandon a plan which after a fair trial had become completely broken down. The plan which Lord William Bentinck substituted for this, was to transact the public business by native agency under European superintendence." Sir Charles Trevelyan.

প্রাচীন ভাষায় পাশ্চাত্য জ্ঞান শিক্ষার সম্বন্ধে বাঙ্গালীরা তখন কিরূপ ভাবিত নিম্নে উদ্বৃত অংশ হইতে কতকটা প্রকাশ হইবে।

"That we did not succeed in giving to those systems a more effectual impulse was not owing to any want of exertion in our part. We pushed them as far or farther than they would go, and it was only because the natives would not buy the books printed by us, or read them without being paid to do so, that a change was at last resolved on." Ibid.

পাদরিদিগের উত্তেজনাতেই হউক, কোর্ট অফ্ ডিরেক্টরগণের আদেশেই হউক, শাসনকার্য্যের সুবিধার নিমিত্তই হউক, বা অপর কোন কারণেই হউক লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক এ দেশে গভর্ণমেণ্ট পরিচালিত স্কুলে ইংরেজী শিক্ষা প্রচলন করিবার সঙ্কল্প করেন। এই সঙ্কল্পটী ৭ই মার্চ্চ ১৮৩৫ সালে তিনি একটী আদেশপত্র আকারে সাধারণ শিক্ষাসমিতির সদস্যগণের নামে প্রকাশ করেন। মন্তব্যটি প্রকাশ হইবার দিন কয়েকের মধ্যেই শাসনকার্য্য পরিত্যাগ করিয়া লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক স্বদেশে প্রত্যাগমন করেন। নিম্নে মন্তব্যটির অনুবাদ ও মূল লিখিত হইল।

LORD BENTINCK'S RESOLUTION.

of 7 March 1835.

His Lordship in Council is of opinion that the great object of the British Government ought to be the promotion of European Literature and science amongst the natives of India and that all the funds appropriated for the purpose of education would be best employed on English education alone.

It is not the intention of his Lordship to abolish any college or school of uative learning, which the native population shall appear to be inclined to avail themselves of the advantages it affords. His Lordship in Council decidedly objects te the practice which has hitherto prevailed of supporting the students during the period of their education. He canceives that the only effect of such a system can be, to give artificial encouragement to branches of learning which, in the natural course of things, would he superseded by more useful studies, and he directs that no stipend shall be given to any student who may hereafter enter at any of these institutions, and that that when any Professor of oriental learning sh all vacate his situation the Committee shall report to the Government the number and state of the class, in order that the Government may be able to decide upon the expediency of appointing a successor.

It has come to the knowledge of his Lordship in Council that a large sum has been expended by the Committee in the printing of oriental works. His Lordship in Council directs that no portion of the funds shall hereafter be so employed.

His Lordship in Council directs that all the funds which these reforms will leave at the disposal of the

Committee, be henceforth employed in imparting to the native population a knowledge of English literature and science through the medium of the English language.

"বড় লাট সাহেবের ইচ্ছা নহে যে এদেশীয় প্রাচীন শিক্ষার নিমিত্ত যে সমস্ত স্কুল বা কলেজ আছে তাহা উঠিয়া যায়। যতদিন পর্য্যন্ত এদেশীয় লোকেরা এই সকল বিদ্যালয় প্রদত্ত শিক্ষা লাভ করিতে ইচ্ছা করিবে ততদিন পর্য্যন্ত এ শ্রেণীর বিদ্যালয়ে প্রতিষ্ঠিত থাকিবে। কিন্তু এই সকল বিদ্যালয়ে পাঠ করিবার সময় ছাত্রদিগের ভরণ পোষণের ভার গ্রহণ করিতে বড়লাট সাহেব সম্পূর্ণ বিরোধী।

তিনি বিবেচনা করেন যে এই প্রথা জারী রাখিলে শিক্ষা প্রদানে এক প্রকার অস্বাভাবিক উৎসাহ প্রদান করা হয়। সে প্রকার শিক্ষার স্থলে নিশ্চয়ই সময়ে অন্য প্রকার প্রয়োজনীয় শিক্ষা প্রচলিত হইবে। তিনি আদেশ করেন যে ভবিষ্যতে এই সকল বিদ্যালয়ে যে সকল ছাত্র ভর্ত্তি হইবে তাহাদিগকে আর মাসহারা দেওয়া হইবে না। আর এই সকল বিদ্যালয়ের অধ্যাপকগণ যখন কার্য্য হইতে অবসর গ্রহণ করিবেন তখন সাধারণ শিক্ষা সমিতির সদস্যগণ ঐ অধ্যাপকের নিকট কত ছাত্র পড়িত ও ছাত্রদিগের শ্রেণীর সংক্রান্ত অপরাপর সংবাদ তালিকা করিয়া গভর্ণমেণ্টের নিকট দাখিল করিবেন। সেই অধ্যাপকের স্থলে অন্য অধ্যাপক নিযুক্ত হইবেন কি না, তালিকা দেখিয়া গভর্ণমেণ্ট স্থির করিবেন। গভর্ণর জেনারেল আরও অবগত হইয়াছেন যে পাশ্চাত্য ভাষায় গ্রন্থ মুদ্রিত করিতে সাধারণ শিক্ষা সমিতি অনেক অর্থ ব্যয় করিয়াছেন। গভর্ণর জেনারেল আদেশ করেন যে ভবিষ্যতে সরকারী আয় হইতে এই উদ্দেশ্যে আর অর্থ না ব্যয় হয়।

গভর্ণর জেনারেল আদেশ করেন যে এইরূপ সংস্কারের ফলে যে অর্থ

উদ্বৃত্ত হইবে সেই অর্থে এ দেশীয় লোকদিগকে ইংরেজী ভাষার সাহায্যে ইংরেজী সাহিত্য ও দর্শন শিক্ষা দেওয়া হইবে।"

গভর্ণমেণ্ট স্থাপিত সাধারণ শিক্ষা সমিতি (General Committee of Public Instruction) তখন শিক্ষা সম্বন্ধে গভর্ণমেণ্টের বেনামি বিভাগ ছিল। ছয় সাত জন উচ্চ পদস্থ ইংরেজ কর্ম্মচারী ইহার সভ্য ছিলেন। তাঁহাদের নিকট হইতে এ সম্বন্ধে মতামত সংগৃহীত হইলে, ইংরেজী শিক্ষা দিবার মতই সাব্যস্ত হইল। একজন কর্ম্মচারী ইহার বিপক্ষে ছিলেন। তিনি তখন সমিতির সভাপতি ছিলেন। তিনি পদ ত্যাগ করিলেন; মেকলে সেই পদে বসিলেন। "গভর্ণর জেনারেলের মত যে এদেশবাসী দিগের মধ্যে ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞান শিক্ষা প্রদান ও বিস্তার ইংরেজ রাজ্যের মহান্ উদ্দেশ্য হওয়া উচিত; ও যে সমস্ত অর্থ শিক্ষার নিমিত্ত ব্যয় হয় তাহা কেবল মাত্র ইংরেজী শিক্ষার ব্যয় হওয়া বাঞ্ছনীয়।"

লর্ড বেণ্টিঙ্কের মন্তব্যের ফলে দেশে হুগলি কলেজ, ঢাকা কলেজ, কৃষ্ণ নগর কলেজ স্থাপিত হয়। কলিকাতায় মেডিকেল কলেজও এই সময় খোলা হয়। এই সকল কলেজ গুলির উৎপত্তির কথাও সে সময়ে তাহাদের যে অবস্থা ছিল তাহার সংক্ষেপ বৃত্তান্ত নিম্নে লিখিতেছি :--

হুগলি কলেজ।

মহম্মদ মহসীন নামক সিয়ামতাবলম্বী একজন ধর্ম্মপরায়ন মুসলমান ভদ্র লোক হুগলিতে বাস করিতেন। তিনি একজন নিকট আত্মীয় হইতে অনেক আয়ের ভূসম্পত্তির উত্তরাধিকারী হন। ১৮০৬ সালে মহম্মদ মহসীনের কাল হয়। তাঁহার পুত্র কন্যা অথবা নিকট আত্মীয় কুটুম্ব কেহ ছিল না। মৃত্যুকালে তিনি তাঁহার সম্পত্তি ভগবানের সেবায় (To the service of God) সমর্পণ করিতে সঙ্কল্প করেন ও সেই মর্ম্মে উইল রাখিয়া যান

যশোহর জেলায় তাঁহার সৈয়দ পুরস্থ জমিদারী হইতে বার্ষিক ৪৫০০০, হাজার টাকা আয় হইত ; এতদ্ভিন্ন হুগলির ইমামবারা ও হুগলি জেলায় ইমাম বাজার তাঁহার সম্পত্তি ছিল। তিনি উইলে নির্দ্দেশ করিয়া যান যে তাঁহার সম্পত্তি নয় ভাগ করা হইবে। তিন ভাগ ধর্ম্ম সেবায় ও চার ভাগ কতকগুলি বৃত্তি ও পরিচারক দিগের বেতনের নিমিত্ত ব্যয় হইবে ; বাকি দুই ভাগ একসিকিউটরগণ (Executor) পাইবেন , দুই জন মুসলমান ভদ্রলোক Executors নির্দ্ধারিত হন। সময়ে অর্থ তসরূপ করিবার অভিযোগে গভর্ণমেণ্ট স্বয়ং এক্সিকিউটর (Executor) হইলেন ও সম্পত্তি পরিচালনার নিমিত্ত একজন কর্ম্মচারী নিযুক্ত করিলেন ; ইহার ফলে দীর্ঘকাল ব্যাপী মোকদ্দমা চলে ; প্রিভিকাউন্সিলে (Privy Council) পর্য্যন্ত সকল আদালতেই গভর্ণমেণ্টের জয় হয়। যতদিন মোকদ্দমা চলিতে ছিল ততদিন মহম্মদ মহসীনের সম্পত্তির আয় প্রায় সমস্তই জমিতেছিল। তাহার ফলে ১৮৩৫ সালে আট লক্ষ একষট্টি হাজার এক শত টাকা (৮৬১১০০,) সঞ্চিত হয়। সেই বৎসর এপ্রিল মাসে গভর্ণমেণ্ট হুগলিতে সে অর্থ হইতে কলেজ স্থাপন করিতে সঙ্কল্প করেন।

"The Governor General desires to provide instructions for all classes of the population in every possible branch of useful knowledge"

চুঁচড়ায় নদীতীরে ফরাসী জেনারেল লেপেরন (General Le Perron) ১৮১০ সালে যে অট্টালিকা নির্ম্মান করেন সেই গৃহ খরিদ করিয়া ১৮৩৬ সালে ১লা অগাষ্ট হুগলি কলেজ খোলা হয়। কলেজ খুলিবার তিন দিনের মধ্যে বার শত ছাত্র ইংরেজী বিভাগে ভর্ত্তি হইবার নিমিত্ত উপস্থিত হয়। অনেকে নদীর উভয় পারের তিন চারি ক্রোশ দূরস্থ গ্রাম হইতে আসে, এতদ্ব্যতীত তিন শত জন মুসলমান বালক আরবী ও ফারসী বিভাগে ভর্ত্তি হয়।

প্রথম তিনবৎসর কোনরূপ বেতন গ্রহণ করা হইত না। ছাত্রদিগের পড়িতে পুস্তকাদিও দেওয়া হইত। ১৮৩৯ সালে ছাত্রদিগের মাহিন প্রদানের নিয়ম হইল। অভিভাবকদিগের অবস্থানুসারে ৷৷০ আনা হইতে ৫৲ টাকা পর্য্যন্ত মাহিনা স্থির হইল। অনেক দিন পর্য্যন্ত কিন্তু অনেক বালক বিনা বেতনে পড়িত। ১৮৪৬ সালে নিয়ম হইল যে সকল বালককেই মাহিনা দিয়া পড়িতে হইবে। "The two hundred Mahomedan students attending the Madrassa do not pay a single rupee for their education ; whereas in the English Department, which is under the same roof, the Hindu students pay eight thousand rupees yearly in tuition fees." হুগলি কলেজের বার্ষিক আয় তখন প্রায় ৫৪ হাজার টাকা ছিল ; ব্যয় হইত ৬২ হাজার টাকা। যে টাকা অনাটন হইত গভর্ণমেণ্ট সাহার্য্য করিতেন। যখন হুগলি Branch school ব্র্যাঞ্চ স্কুল স্থাপিত হয়, তখন হুগলি জেলার জমিদারগণ স্কুল গৃহ নির্ম্মানের ও স্কুলের খরচের নিমিত্ত অনেক টাকা চাঁদা দেন। ব্র্যাঞ্চ স্কুল স্থাপিত হইবার পর সেই টাকা হইতে কিছু বাঁচে ; সেই টাকার সুদে মাসিক ৮৲ টাকা হিসাবে হুগলি কলেজে দুটী জলপানি দেওয়া হয় ; এতদ্ব্যতীত রাণী কাত্যায়ানী ৫০০০৲ টাকা কলেজে দান করেন ; তাহার উপসত্ব হইতে মাসিক ১৬৲ টাকার জলপানি আছে।

প্রথম বৎসরের শেষে ইংরেজী ও ফারসী বিভাগে হুগলি কলেজে ১২৭১ জন ছাত্র পড়িত ; তাহার মধ্যে ১০৬৮ জন হিন্দু ইংরেজী বিভাগে পড়িত। ১৬৯ জন মুসলমান ছাত্র আরবী ও ফারসী শিখিত ; আর ৩৪ জন ফিরিঙ্গী বালক হিন্দুদিগের সহিত ইংরেজী বিভাগে পড়িত। হুগলি কলেজে বালকের সংখ্যা ক্রমে অনেক হ্রাস হইয়া যায়। যখন কলেজ খোলা হয় তখন স্থির হইয়াছিল যে ৬০০ শত বালকের অধিক

ভর্ত্তী হইবেনা; তাহার কারণ ছিল, মিশনারীগণ হুগলি ও চুঁচড়ায় অনেকগুলি স্কুল খোলেন, সেই সব স্কুলে বালকেরা বিনা বেতনে অথবা অতি অল্প বেতনে পড়িতে পারিত; তাহার পর বাঙ্গালীরা চুঁচড়াতে ও নিকটবর্ত্তী গ্রামে স্কুল খুলিতে আরম্ভ করে, এই সকল কারণে পরে বালকের সংখ্যা চারি পাঁচ শতের অধিক হইত না।

ঢাকা কলেজ।

১৮৩৫ সালে (General Committee of Public Instruction) সাধারণ শিক্ষা সভা ঢাকাতে একটী স্কুল খুলিতে সঙ্কল্প করেন। প্রায় ৫০০০৲ টাকা চাঁদা উঠে। মনমোহন ঘোষের পিতা রামলোচন ঘোষের নিবাস ঢাকা জিলায় ছিল। তখন তিনি কলিকাতায় Board of Revenue আফিসে সেরেস্তাদারের কাজ করিতেন। তিনি স্কুল খুলিতে ১০০০৲ টাকা দান করেন। সাধারণ শিক্ষা সভার নিকট তিনি যে পত্র লিখেন তাহা নীচে উদ্ধৃত করিতেছি।

"For the accomplishment of an object so laudable it is, I am persuaded, the bounden duty of every one having the least regard for the prosperity of his own country, to contribute as far as lies in his power and this sentiment induces me to subscribe for the institution to the extent of Rupees one thousand a sum too much for an individual in my circumstances to afford without inconvenience, but which I have ventured to appropriate for the benefit of my countrymen, considering that every person, whether rich or poor ought to advance so far as lies in his power, the cause of education."

কিছুপরে রামলোচন ঘোষ ঢাকা কলেজ সংশ্লিষ্ট কেবল হিন্দু বালক দিগের শিক্ষার নিমিত্ত একটী পাঠশালা খুলিতে ৩০০০৲ টাকা প্রদান করিতে প্রস্তাব করেন। এ টাকা গৃহীত হয় নাই। যে বৎসর ঢাকা কলেজ খোলা হয় সেই বৎসর কলেজে দেড়শত বালক ভর্ত্তী হইয়াছিল। তিন বৎসরের মধ্যে বালকের সংখ্যা প্রায় ৩১০ জন হয়। প্রথম তিন বৎসর কোনরূপ মাহিনা লওয়া হইত না। ১৮৩৮ সালে প্রথম মাহিনা লইবার চেষ্টা হয়;। কিন্তু শীঘ্রই সে চেষ্টা পরিত্যাগ করিতে হইল। ১৮৪৫ সাল হইতে বালকের নিয়মিত বেতন দিতে আরম্ভ করে।

ঢাকা কলেজ যখন খোলা হয় তখন উহা নামে মাত্র কলেজ ছিল। শিক্ষার সীমা অতি সামান্যই ছিল। ১৮৩৭ সালে "The most advanced pupils were reading Goldsmith's History of England and understood some of the propositions of the 1st Book of Euclid."

১৮৪২ সালে স্কুলটী কলেজে পরিণত হয়। England হইতে আনীত Ireland নামক একজন ইংরেজ কলেজের Principal নিযুক্ত হন।

যখন সিনিয়র স্কলারসিপ্ (Senior Scholarship) পরীক্ষা হইত তখন ঢাকা কলেজের ছাত্রেরা হিন্দু ও হুগলি কলেজের ছাত্রদিগের সহিত ঐ পরীক্ষায় প্রতিযোগিতা করিত। বলা বাহুল্য প্রতিযোগিতায় সমকক্ষ হইত।

যখন ঢাকায় স্কুল খোলা হয় তখন ১৪৪ জন ছাত্রের মধ্যে ১২৮ জন হিন্দু, ১০ জন মুসলমান ও ৬ জন খৃষ্টান বালক পাঠ করিত। ১৮৫০ সালে ৩৮৩ জন ছাত্রের মধ্যে ৩২৩ জন হিন্দু, ২৯ জন মুসলমান ও ৩১ জন খৃষ্টান বালক পাঠ করিত।

কৃষ্ণনগর কলেজ।

কৃষ্ণনগরে মিশনারীগণ অনেক দিন হইতেই আড্ডা করিয়াছিলেন ও তৎসঙ্গে স্কুল স্থাপন করিয়াছিলেন। ১৮৪৩ সালে কৃষ্ণনগরে ইংরেজী স্কুল খুলিতে তথাকার সম্ভ্রান্ত বাঙ্গালীরা সঙ্কল্প করেন; সেই উদ্দেশ্যে চাঁদা তোলা হয়। ৩৬০০৲ টাকা সংগৃহীত হইয়াছিল। অর্থ পর্য্যাপ্ত না হওয়ায় সাহায্যের নিমিত্ত গভর্ণমেণ্টের নিকট আবেদন করা হয়; গভর্ণমেণ্ট সাহায্যদানে অস্বীকৃত হন; যে টাকা স্কুল খুলিতে চাঁদা উঠিয়াছিল বাঙ্গালীরা সেই টাকা তথায় মিশনারীগণের স্থাপিত স্কুলে প্রদান করেন।

১৮৪৫ সালে গভর্ণমেণ্ট কৃষ্ণনগরে একটী ইংরেজী কলেজ খুলিতে অভিপ্রায় প্রকাশ করেন "The object of Government in thus providing tha means of a liberal and cheap education, for the inhabitants of these populous Districts, is to advance their moral and intellectual condition, and to fit them for taking that part in the administratiou of public affairs which it is the declared intention of the Legislature to give them, and which on every considera-tion of sound policy, it is obviously desirable they should possess."

এ সময় (নভেম্বর, ১৮৪৫ সালে) গভর্ণমেণ্টের আদেশে বাকুড়া ও বর্দ্ধমানে জেলা স্কুল স্থাপিত হয়, যশোহরে পূর্ব্বেই জেলা স্কুল খোলা হইয়াছিল। এই তিনটি স্কুলের নিমিত্ত চারিটী নিম্নবৃত্তী (Junior Scholarship) মাসিক ৮৲ টাকা হিসাবে নির্দ্ধারিত হইল। বৃত্তি ভোগীদিগের কৃষ্ণনগর কলেজে পড়িতে হইত।

১৮৪৬ সালে জানুয়ারী মাসের ১লা তারিখে একটী বাটী ভাড়া লইয়া কৃষ্ণনগর কলেজে স্থাপিত হয়, অল্প দিনের মধ্যেই গৃহ নির্ম্মাণের নিমিত্ত ১৫০৯০৲ টাকা চাঁদা উঠে; নবদ্বীপের মহারাজা ও কাশীম বাজারের রাজা ইঁহারা উভয়েই কলেজ নির্ম্মাণের নিমিত্ত জমি প্রদান করেন। গোয়াড়ির যে অংশকে এখন হরিনাথের বেড় বলে সেই অংশের একভাগ কলেজের নিমিত্ত কাসিমবাজারের রাজা দান করেন। প্রথম বৎসরেই ছাত্র সংখ্যা ২৮৯ জন হয়। বালকদিগের ৩৲ তিন টাকা ও ও ২৲ টাকা হিসাবে মাহিনা দিতে হইত। প্রথম বৎসর যাহারা ভর্ত্তী হইয়াছিল তাহাদিগের মধ্যে ৩ জন মুসলমান, ৩ জন খৃষ্টান, অবশিষ্ট ২৮৩ জন হিন্দু ছিল। উচ্চবৃত্তি (Senior Scholarship) পরীক্ষায় কৃষ্ণনগর কলেজের ছাত্রগণ অন্যান্য কলেজের ছাত্রগণের সহিত প্রতি-যোগিতা করিত। ১৮৪৮ সালে গুণানুসারে কৃষ্ণনগর কলেজ হইতে একজন ছাত্র এ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে।

সংস্কৃত কলেজ।

১৮৩০ হইতে ১৮৪০ সাল পর্য্যন্ত সংস্কৃত কলেজের শিক্ষার ইতিহাস অনুসন্ধান করিলে অনেক কৌতুকের সামগ্রী পাওয়া যায়। কলেজের Superintendent (তত্ত্বাবধারক) হইলেন একজন ইংরেজ সৈনিক পুরুষ (Captain Price.); ডাঃ উইলসন্ (Dr : Wilson) হইলেন প্রধান সম্পাদক। টাকশালের কর্ম্মচারী রস সাহেব (Ross) প্রাকৃতিক বিজ্ঞান স ন্ধে শিক্ষা দিতেন। "They were delivered in English." ছাত্রেরা ই রে জী বুঝিত না। বহু কর্ম্মভার নিপীড়িত ডাক্তর টিট্‌লার (Dr. Tytler) ১৮২৬ সাল হইতে ইয়োরোপীয় চিকিৎসা শাস্ত্রের উপর বক্তৃতা দিতেন। ৫ বৎসর পরে ডাক্তার গ্রাণ্ট (Dr. Grant) সাহেব এনাটমি ও ফিজিওলজি পড়াইতেন। এতদ্ভিন্ন ইয়োরোপীয় মতে রোগ

ত অস্ত্রচিকিৎসা শিক্ষা দেওয়া হইত। ভালরূপে চিকিৎসা শাস্ত্র শিক্ষা দিবার নিমিত্ত কলেজের সংশ্লিষ্ট একটী ছোট হাসপাতাল খোলা হইল। তথায় ত্রিশটি রোগী থাকিবার ব্যবস্থা হয়। তথায় ব্যাকরণ, সাহিত্য, দর্শন ও সনাতন ধর্ম্ম শাস্ত্র অধ্যায়ী, সংস্কৃত কলেজের চিকিৎসা শাস্ত্র অধ্যয়ন ঈপপ্সু ছাত্রেরা, ইউরোপীয় মতে রোগ চিকিৎসা ও অস্ত্র ব্যবহার করিতে শিক্ষালাভ করিত। চিকিৎসা শিক্ষা এখানেও শেষ হইত না; তাহাদিগকে সুশ্রুত, চরক, ভাবপ্রকাশ প্রভৃতি সনাতন চিকিৎসা শাস্ত্র উপযুক্ত শিক্ষকের নিকট পাঠ করিতে হইত। এইরূপ মিশ্রিত শিক্ষায় একটু গোল বাধে। কোন কোন ইংরেজ ডাক্তার বলিলেন সে এইরূপ সঙ্কর শিক্ষার প্রয়োজন নাই ও একপ্রকার শিক্ষা দেওয়া উচিত। "Dr. Tytler was very far from recommending any such innovation." ডাঃ টিটলার উভয় শিক্ষার ঘোর পক্ষপাতি ছিলেন। এই মতভেদ লইয়া সাধারণ শিক্ষা সমিতিতে (General Committee of Public Instruction) ঘোর আন্দোলন উপস্থিত হইয়াছিল। তাহারই ফলে পর বৎসর কলিকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হয়।

সংস্কৃত কলেজে প্রথম হইতেই বেদ পাঠ নিষিদ্ধ ছিল। প্রথম কারণ পড়াইবার লোক পাওয়া সহজ নহে, দ্বিতীয় কারণ পাছে দ্বিজাতী ভিন্ন অপরে ইহা পাঠ করে এই আশঙ্কায় এইরূপ নিয়ম হয়। বাঙ্গলা ভাষার চর্চ্চা প্রথমে আদৌ হইত না। ১৮৩০ সালে ছাত্রগন বাঙ্গলা ভাষা, শিক্ষা ও পরীক্ষার নিমিত্ত ব্যবহার করিতে অনুমতি পায়। ১৮৩৮ সালে পাশ্চাত্য প্রথায় গণিত, ভূগোল, ইতিহাস বাংলা ভাষায় শিক্ষা দিবার নিমিত্ত একজন শিক্ষক নিযুক্ত হন। ইংরেজী শিক্ষা লইয়া বড়ই গোল হইত। ১৮২৭ সালে ইংরেজী ক্লাশ খোলা হয়; কিন্তু এ ক্লাশে বড় সুবিধা হইল না। ১৮৩৫ সালে এ ক্লাশ বন্ধ করিতে হয়। ১৮৪০ সালে Court of Directors দিগের তাড়নায় আবার ইংরেজী ক্লাশ খোলা হয়।

১৮২৩ সালে ১লা জানুয়ারী সংস্কৃত কলেজ খোলা হয়। তখন ৪৯ ছাত্র ভর্ত্তী হয়; দশ বৎসর পরে ছাত্রের সংখ্যা ১৩৫ জন হয়। ১৮৫০ সালে ৩০০ জন বালক পড়িত। বলা বাহুল্য কেহই ইহাদের মধ্যে বেতন দিয়া পড়িত না। সকলেই বিনা বেতনে পড়িত; পরন্তু অনেকে মাসহারা পাইত; ৫৲ টাকা হইতে ৮৲ টাকা মাসহারার নিয়ম ছিল।

সংস্কৃত কলেজের উপর পাদ্রীরা কখনই সদয় ছিলেন না; যখন কলেজ স্থাপন করিবার প্রথম কথা হয়, তখন তৎকালীন সরকারী খ্রীষ্টান ধর্ম্মের প্রধান কর্ম্মচারী বিসপ্ হিবার (Bishop Heber) এ প্রস্তাবে খড়্গহস্ত হইয়াছিলেন। সে কথা পূর্ব্বে বলিয়াছি। ১৮৩৫ সালে যখন গভর্ণমেণ্ট স্থির করিলেন যে এদেশে সংস্কৃত, আরবী, ও ফারসী শিক্ষা দিবার পরিবর্ত্তে ইংরেজী শিক্ষা দেওয়া হইবে তখন পাদ্রীগণ সংস্কৃত কলেজের বিপক্ষে আর একবার খেপিয়া উঠেন। তাঁহারা বলেন যে সংস্কৃত কলেজের নিমিত্ত গভর্ণমেণ্টের যে অর্থ ব্যয় হয় সে অর্থ ইংরেজী শিক্ষার নিমিত্ত ব্যয় হওয়া উচিত। পাদ্রী ডফ্ এই চেষ্টার মুখপাত্র ছিলেন। এদেশের শিক্ষার সম্বন্ধে লর্ড অকল্যাণ্ডের নিকট ডফ সাহেব তিন খানি পত্র লিখেন। পত্র গুলি এখনও রক্ষিত আছে। এক খানি পত্র হইতে পরে কিছু উদ্ধৃত করিয়া দিয়াছি। ফলে পাদরী সাহেবের জয় হয় নাই।

হিন্দু কলেজ। (১৮৩০-৪০)

১৮৩০ হইতে ১৮৪০ সালের হিন্দু কলেজের শিক্ষার ইতিহাস বিস্তারিত ভাবে লিখিবার প্রয়োজন নাই। পরিদর্শক ডঃ উইলসন কলেজের অভাব সম্বন্ধে জেনারেল কমিটির (General Committee) নিকট রিপোর্ট (report) (সমালোচনা পত্র) পাঠাইতেন। তাঁহারা হিন্দু কলেজের অভিভাবক দিগকে সেই অভাব পূরণ করিতে আদেশ

করিতেন ; অর্থের অভাব হইলে শিক্ষাসমিতির অনুমোদন অনুসারে গভর্ণমেণ্ট সাহায্য করিতেন ও গভর্ণমেণ্ট প্রদত্ত সাহায্যের অনুপাত অনুসারে কলেজের উপর কর্ত্তৃত্ব প্রসারিত হইত। ১৮৩৫ সালে যখন এদেশের বালকগণকে ইংরেজী শিক্ষা দিবার অভিমত গর্ভর্ণমেণ্ট প্রকাশ করেন, তখন হিন্দু কলেজ গভর্ণমেণ্ট হইতে নিয়মিত সাহায্য পাইতেছিল, নামে ইহা সাহায্যপ্রাপ্ত কলেজ ছিল ; প্রকৃত পক্ষে ইহা তখনই গভর্ণমেণ্ট কলেজ হইয়া দাড়াইয়াছিল। ১৮৪১ সালে ইহা সম্পূর্ণরূপে গভর্ণমেণ্ট কলেজে পরিণত হয়। সেই বৎসর হইতে দেশীয় অভিভাবক গণের সহিত কলেজের সম্পর্ক প্রকৃত পক্ষে এককালে লোপ হয়।

১৮৩২ সালে কোর্ট অফ ডিরেক্টরস্ (Court of Directors) ডাঃ এডামসন্ (Dr. Adamson) নামক একজন পাদ্রীকে ইংলণ্ড হইতে হিন্দু কলেজের প্রধান অধ্যাপক করিয়া পাঠাইতে মনস্থ করেন। এ কথায় হিন্দু কলেজের অভিভাবকগণ আপত্তি করেন ; তাহার ফলে Dr. Adamsonএর নিয়োগ রহিত হয়। ১৮৩০ সালে পরিদর্শক ডাঃ উইলসন্ হিন্দু কলেজের একজন আইন ও নীতি দর্শনের (Law and Moral Philosophy) অধ্যাপকের অভাব জ্ঞাপন (report) করেন। তিনি বলিলেন "a course of lectures on morality might partly, however imperfectly, supply the want of religious instructions and would have a tendency to improve the sentiments and elevate the character of the students. He stated further that the want of such instructions had been felt by the students and that they had formed a society under the superintendence of Mr. De Rozio with the idea of discussing among themselves questions on morals and metaphysics." এই নীতিদর্শনের অধ্যাপক অভাবের

মূলে একটী কথা আছে। এই সময়ের হিন্দু কলেজের বালকগণের মধ্যে, স্বধর্ম্ম বিদ্বেষ রোগ দেখা দেয়। তাহার ফলে ধর্ম্ম ও নীতি সম্বন্ধে তাহাদের মধ্যে তুমুল আন্দোলন উঠে।

ডিরোজিও নামক ফিরিঙ্গী যুবক নিম্নশ্রেণীর একজন শিক্ষক ছিলেন, তিনি, এই দলের গুরু হন। অনেক বিচার ও তর্ক চলিত। "It is understood that these discussions took a very sceptical turn and it may be doubted if their tendency was on the whole beneficial." "Several of the members of the General Committee thought it would be well to encourage this feeling among the students and to give it a right direction. Mr. W. W. Bird was decidedly of opinion that in the absence of religious instruction, which the constitution of the College involved, a course of lectures on morality might be most beneficial" ফলে এ বিচিত্র ইচ্ছা কার্য্যে পরিণত হয় নাই। ডিরোজিওর চাকরী যায় ও অনেক বাঙ্গালী ছাত্র কলেজ পরিত্যাগ করে, একথা পূর্ব্বে বলিয়াছি।

আইন শিক্ষার সম্বন্ধে ১৮৩২ সালে T. Dickens নামক একজন ব্যারিষ্টার আইনের অধ্যাপক নিযুক্ত হন। তিনি তিন মাসের পর কার্য্য পরিত্যাগ করেন। তার পর বৎসর সার জন পিটার গ্রাণ্ট (Sir John Peter Grant) ঐ পদে নিযুক্ত হন। নিযুক্ত হইবার দুই মাস পরে তিনি সুপ্রিম কোর্টের (Supreme Court) জজ হন। সেই কারণে তাঁহাকে ঐ পদ ত্যাগ করিতে হয়। তাহার পর বৎসর, ফারম্যান (Firman) বলিয়া আর এক জন ব্যারিষ্টার ঐ পদে নিযুক্ত হইবার কথা হয়। অনেক দিন পর্য্যন্ত উপযুক্ত ব্যক্তির অভাবে ঐ পদটি খালি থাকে।

১৮৪৪ সালে তখনকার এডভোকেট জেনারেল (Lyall) লায়েল সাহেব বিনা পারিশ্রমিকে ঐ কাজ করিতে স্বীকৃত হন। প্রথমে স্থির হইয়াছিল ফোর্ট উইলিয়ম কলেজের নবাগত সিভিলিয়ান যুবকগণ হিন্দু কলেজের ছাত্রগণের সহিত এক সঙ্গে আইন সম্বন্ধে পাঠ (lectures) শুনিবেন। Court of Directors এই সংবাদ পাইবামাত্র এ বন্দোবস্ত রহিত করিয়া দেন। হুগলি ও হিন্দু কলেজের বালকেরা একসঙ্গে লেক্‌চার শুনিত। হুগলি কলেজের ছাত্রদিগের সপ্তাহে একবার করিয়া কলিকাতায় আসিয়া লেক্‌চার শুনিয়া যাইবার বন্দোবস্ত হইল।

হিন্দু কলেজে ড্রইং শিখাইবার নিমিত্ত একজন শিক্ষক নিযুক্ত হয় একথা বলিয়াছি। ১৮৩৬ সাল হইতে সার্ভেইং (Surveying) শিক্ষা দেওয়া হয়। অনেক দিন হইতেই সিভিল ইঞ্জিনিয়ারিং (Civil Engineering) শিক্ষা দিবার কথা হইতেছিল। কিন্তু এদেশে উপযুক্ত শিক্ষকের অভাবে হিন্দু কলেজে ইঞ্জিনিয়ারিং (Engineering) শিক্ষা কখনও দেওয়া হয় নাই।

১৮৩৯ সাল পর্য্যন্ত হিন্দু কলেজের ইংরেজ শিক্ষকগণ এই দেশ হইতেই নিযুক্ত হইত। সৈনিক ও চিকিৎসা বিভাগের কর্ম্মচারীগণ প্রধানতঃ এই কাজ করিতেন। ১৮৪১ সালে প্রথমে দুইজন ইংরেজ এদেশে শিক্ষক নিযুক্ত হইয়া আসেন। ১৮৫০ সাল পর্য্যন্ত আর চারিজন ইংরেজ শিক্ষক ইংলণ্ড হইতে নিযুক্ত হইয়াছিলেন। ইহাঁরা সকলেই কেমব্রিজ (Cambridge) বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ছিলেন।

প্রথমে ইহাদের বেতন মাসিক ২৫০ টাকা নির্দ্ধারিত হয়; পরে উহা ৪০০ টাকা হারে পরিবর্দ্ধিত হয়। হিন্দু কলেজে অনেক রকম শিক্ষার চেষ্টা হইয়াছিল; একসময়ে (১৮৩৪ সালে) Lessons on object সম্বন্ধে শিক্ষা দেওয়া হইত। চারি বৎসর পর এই বিফল চেষ্টা পরিত্যাগ হয়। এক সময়ে সঙ্গীত-বিদ্যা শিক্ষা দিবার পর্য্যন্ত চেষ্টা হইয়াছিল।

১৮৪৪ সালে Mr. Harradane নামক একজন ইংরেজ ইউরোপীয় সঙ্গীত শাস্ত্র শিখাইতে ক্লাশ খোলেন। "A class was formed with the sanction of the Committee of management on the understanding that the pupils attending it should pay an additional fee sufficient to remunerate the teacher; but they were not prepared both to learn it and to pay for it." অল্প সময়ের মধ্যেই এ ক্লাশ বন্ধ হইয়া যায়।

হিন্দু কলেজে বাংলা ভাষার দুর্দ্দশা চিরকালই ছিল। যদিও কলেজে বাংলা পড়াইবার যথেষ্ট আয়োজন ছিল, তথাপি নব্য শিক্ষিত যুবকদিগের মধ্যে বাঙ্গলা শিখিতে কেহই রাজি হইত না। ইংরেজ পরিদর্শক প্রতিবৎসরই রিপোর্টে বাঙ্গালী ছেলেদিগের বাঙ্গলা ভাষায় অজ্ঞতা সম্বন্ধে তীব্র কটাক্ষ করিতেন। দেওয়ান রাম কমল সেন ১৮৪১ সালের রিপোর্টে লেখেন "in short they appear to understand English better than their own language to which they attach little or no interest in comparison with English." ১৮৩৭ সালে হিন্দু কলেজের অভিভাবকগণ পাঠশালা নাম দিয়া কলেজের সংলগ্ন একটী বাংলা বিদ্যালয় খুলেন।

জেনারেল কমিটির (General Committee of Educations) সভ্যগণ চিরদিনই হিন্দু কলেজের বালকদিগের সহিত সৎ ব্যবহার করিতেন। তাঁহারা সকলেই ভিন্ন ভিন্ন সরকারী বিভাগের প্রধান কর্ম্মচারী ছিলেন, তথাপি নানা কর্ম্ম স্বত্ত্বেও তাঁহারা কলেজের সহিত ঘনিষ্ঠ সম্পর্ক রাখিতেন ও সময়ে সময়ে কলেজ পরিদর্শন করিতেন, বালকদিগকে পরীক্ষা করিতেন এবং পারিতোষিক বিতরণের সময় উপস্থিত থাকিতেন। লর্ড মেকলে, (Macaulay) এক সময় এই কমিটির সভাপতি ছিলেন—তিনিও প্রায় কলেজে আসিতেন ছাত্রদিগের

শিক্ষা সম্বন্ধে তত্ত্ব গ্রহন করিতেন ও বৎসরের শেষে ছাত্রদিগকে পরীক্ষা করিতেন। তাঁহার পরীক্ষার ফলে (এক বৎসরের) মন্তব্য নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম। তাঁহার মন্তব্যের সহিত সিনিয়ার বৃত্তি পরীক্ষা সম্বন্ধে কর্ণেল সাইকসের (Sykes) মন্তব্যটি (পরে প্রদত্ত হইয়াছে) তুলনা করিলে মেকলে কতদূর ছিদ্রান্বেষী ও অপরিনামদর্শী ছিলেন তাহা বুঝা যাইবে।

Mr. Macaulay examined the 1st class in general literature and composition in 1836. The following is his report :—

"I have to report to the Committee that I examined the 1st, Class of the students of the Hindu College, and that I was on the whole exceedingly gratified by the manner in which they acquitted themselves.

"I tried them in a very simple passage of Swift, and in another, much more complicated and artificial, from Cowley's dialogue on Oliver Cromwell ; I gave them also a passage, which none of them had ever read, from Shakespeare's King John.

"After they had been examined, I again called up two or three of the most advanced, and gave them passages of considerable difficulty from Lord Bacon's essays. They all read with ease, and most of them with great intelligence. I asked them numerous questions about the writers in whose works I examined them, and about the subjects which these writers had

treated. If I found them well informed, I prosecuted the examination further, and attempted to get to the bottom of what they knew of Western literature and history.

"The young lad Rajnarain Dutt appeared to be well read in English Poetry and answered questions about Shakespeare and Pope better then any of the others, but seems to have paid little attention to other snbjects.

"Indeed, I should be inclined to say that a disproportionable degree of attention has been bestowed on this branch of studies, by almost all the students. They all had by heart the names of all the dramatists of the time of Elizabeth and James the First, dramatists of whose works, they in all probability will never see a copy ; Marlow, Ford, Massinger, Decker, and so on. But few of them knew that James the Second was deposed. I have no doubt that Captain Richardson, who seemes most zealous and assiduous in the discharge of his duty, will direct their attention hereafter to the grave as well the lighter parts of English literature."

সেকালের নিম্ন ও উচ্চ বৃত্তির (Junior and Senior scholarship) কথা সকলেই শুনিয়াছি। ১৮৩৯ সালে এই বৃত্তির নিমিত্ত পরীক্ষা আরম্ভ হয়। ইহার কথা পরে বলিব। হিন্দু কলেজ গভর্ণমেণ্টের তত্ত্বাবধানে আসিলে গভর্ণমেণ্ট যথেষ্ট অর্থ সাহায্য করিতেন ; কিন্তু

ছাত্রেরাও যথেষ্ট মাহিনা দিত। ১৮৪০ হইতে ১৮৫০ সাল পর্য্যন্ত হিন্দু কলেজের উন্নতির চরম অবস্থা হয়। সেই সময়ে বার্ষিক প্রায় ৬০ হাজার টাকা ব্যয় হইত তাহার মধ্যে ছাত্রদিগের মাহিনা হইতেই প্রায় ৩০ হাজার টাকা উঠিত। সময় সময় ছাত্র সংখ্যা সাড়ে পাঁচ শতের (৫৫০) ও উপর হইত। হিন্দু কলেজে হিন্দু ছাত্রের পড়িবার নিয়ম ছিল, মুসলমান বা খৃষ্টান ছাত্র ভর্ত্তী করা হইত না। "and even the Hindoos who do not belong to the respectable castes."

আর একটী কথা বলিয়া এই অংশ শেষ করিব। হিন্দু কলেজের সহিত, ছাত্র দিগের চিকিৎসার নিমিত্ত একটী ডাক্তার খানা (Dispensary) সংশ্লিষ্ট ছিল। "The Committee have recently with large-hearted benevolence, directed that medicines shall be dispensed and medical aid afforded also to the wives and children of the students." তখন জামাই ষষ্ঠীর উপলক্ষে কলেজে তিন দিন ছুটির বন্দোবস্ত হইত।

কলিকাতা মেডিকেল কলেজ।

সংস্কৃত কলেজে ডাক্তারী শিক্ষা দেওয়া হইত একথা বলিয়াছি। সে সময় আরও একটী ডাক্তারী শিক্ষা দিবার স্কুল ছিল। সিপাইপল্টনের হাসপাতালে ঔষধ তৈয়ারী করা, বেণ্ডেজ বাঁধা, অল্প সামান্য ডাক্তারী করিবার নিমিত্ত কম্পাউণ্ডার (Compounder) ও ড্রেসার (Dresser) থাকিত। তাহারাই এই স্কুলে শিক্ষা পাইত; যাহারা পড়িত তাহারা সকলেই উত্তর পশ্চিম অঞ্চল বাসী পল্টনের সিপাই হাবিলদার দিগের পুত্র অথবা আত্মীয়। এই স্কুলে অতি সামান্যই ডাক্তারী শিক্ষা দেওয়া হইত; হিন্দিতে লিখিত ছোট ছোট পুস্তক পড়ান হইত; ছাত্রেরা ছাগল কুকুর কাটিয়া শরীর বিদ্যা (Anatomy) শিখিত। ডাক্তার ব্রিটন ও

তাহার পরে অশেষ কর্ম্মপটু ডাক্তার টিটলার (Tytler) শিক্ষকতা করিতেন; একজনই শিক্ষক থাকিত, তিনি সকল শাস্ত্র পড়াইতেন।

১৮৩৩ সালে এদেশে চিকিৎসা শিক্ষার কথা উঠে। একটী কমিটী গঠিত হয়; ডাক্তার গ্রাণ্ট (Grant) তাহার সভাপতি হন। স্থির হইল যে সমগ্র চিকিৎসা শাস্ত্র ইংরেজী ভাষায় শিক্ষা দেওয়া হইবে। কমিটীর এই মন্তব্যের ফলে ১৮৩৫ সালের জানুয়ারী মাসে গভর্ণমেণ্ট আদেশ প্রকাশ করেন যে সংস্কৃত কলেজে ও মাদ্রাসায় যে চিকিৎসা শিক্ষা দেওয়া হয়, তাহা বন্ধ হইবে ও তাহার পরিবর্ত্তে কমিটির মন্তব্যানুযায়ী একটী মেডিকেল কলেজ খোলা হইবে। ১৮৩৫ সালের ২০শে ফেব্রুয়ারী কলিকাতার মেডিকেল কলেজ খোলা হয়। ভর্ত্তী হইবার নিয়ম হইল, যে বালকদিগকে ইংরেজী বাঙ্গালা কিম্বা হিন্দি ও গণিত এই সকল বিষয়ে পরীক্ষা দিতে হইবে ও পরীক্ষার ফল অনুসারে তাহারা ভর্ত্তী হইবে। এই সকল বালকেরা ৭৲ টাকা হইতে ১২৲ টাকা পর্য্যন্ত মাসহারা পাইবে। এতদ্ভিন্ন অপর বালকে বিনা বেতনে পড়িতে পারিবে।

প্রথম বৎসর (১৮৩৫ সালে) পরীক্ষার ফলে ৪৯ জন বৃত্তি প্রাপ্ত ছাত্র ভর্ত্তী হয়, ইহাদের মধ্যে ৪৮ জন হিন্দু ও একজন খৃষ্টান ছিল। ইহা ব্যতীত আরও আটটি হিন্দু বালক বিনা বেতনে পড়িবার নিমিত্ত ভর্ত্তী হয়। ১৮৩৯ সালে দুই জন মুসলমান বালক ভর্ত্তী হয়। দশ বৎসর পরে (১৮৫০ সালে) মেডিকেল কলেজে আশী জন হিন্দু ও নয় জন মুসলমান ছাত্র পড়িত। ইহারা কেহই মাহিনা দিতনা। মেডিকেল কলেজে পরীক্ষা চিরকালই কঠিন, সেই বৎসর ৮ জন মাত্র ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হয়।

১৮৩৫ সালের ২০শে ফেব্রুয়ারী মেডিকেল কলেজ খোলা হয়, তখন পর্য্যন্ত বর্ত্তমান গৃহ নির্ম্মান হয় নাই। সেই বৎসর মে মাসে যে বাটীতে এখন মেডিকেল কলেজ আছে তাহা বাসোপযোগী হয় ও সেই স্থানে কলেজ উঠিয়া আসে। মেডিকেল কলেজে প্রথম শবচ্ছেদ সম্বন্ধে

অনেক গল্প আছে। গল্পগুলি প্রায় সমস্তই অমূলক। যে বৎসর বাঙ্গালী বালকেরা মেডিকেল কলেজে প্রবেশ করে সেই বৎসর প্রথমে তাহারা নর অস্থি লইয়া অস্থি শাস্ত্র (Osteology) পাঠ করে; পরে শীত ঋতু আসিলে শবচ্ছেদ আরম্ভ করে। এই নিয়ম এখন ও আছে। উপরে লিখিয়াছি পশ্চিম দেশীয় বালকগণ কুকুর কাটিয়া ছাগল কাটিয়া শরীর বিদ্যা শিখিত. ইংরেজ অধ্যাপকগণের আশঙ্কা হইয়াছিল যে বাঙ্গালি বালকেরা নরদেহ চিরিতে অস্বীকৃত হইবে। পরে দেখা গেল এই আশঙ্কার কোন ভিত্তি ছিলনা। ১৮৩৫ সালে ২৮ শে অক্টোবর চারিজন হিন্দু যুবক প্রথমে শবচ্ছেদ করেন। মধুসূদন গুপ্ত তাহাদের পথ প্রদর্শক। ১৮৩৭ সালে (David Hare) ডেভিড হেয়ার মেডিকেল কলেজের সম্পাদক (Secretary) নিযুক্ত হন।

যখন কলেজ খোলা হইল, প্রশ্ন উঠিল যে মেডিকেল কলেজের ছাত্রেরা রোগী দেখিবে কোথায়? সেই সময়ে কলিকাতাতে ইয়োরোপীয়-গণদিগের নিমিত্ত জেনারেল হাসপাতাল (General Hospital) ও দেশীয়-দের নিমিত্ত নেটিভ হাসপাতাল (Native Hospital), কোম্পাণীর ডাক্তারখানা ও চক্ষু রোগের চিকিৎসালয় এই চারিটি ডাক্তারখানা ছিল। এই চারিটি কলেজ হইতে দূরে অবস্থিত। ইউরোপীয়দের হাসপাতালে শিক্ষা অসম্ভব; কারণ ও প্রদর্শিত হইল"—তাহাদের রোগ এ দেশীয় লোকদিগের রোগ হইতে অনেক বিভিন্ন" "Whose maladies differed materially from those of the native constitution." তখন একটী নূতন হাসপাতাল নির্ম্মানের জন্য অনেক টাকা উঠিয়াছিল। অনেক দেশীয় সম্ভ্রান্ত লোক সাহায্য করিয়াছিলেন। সেই টাকা ও গভর্ণমেণ্ট প্রদত্ত সাহায্যে ১৮৩৮ সালের এপ্রিল মাসে বর্ত্তমান মেডিকেল কলেজ হাসপাতাল খোলা হয়। ছাত্রেরা তখন মেডিকেল কলেজে চার বৎসর পড়িত "At first the Professors held their appointments

on condition that they shonld not engage in private practice but should devote their whole time to the interests of the institution. The prohibition no longer exists or if it exists, it has been allowed to become a dead letter."

পূর্ব্বে মেডিকেল কলেজে Military Hospital Assistant দিগের শিক্ষার নিমিত্ত ক্লাশ ছিল। ইহাতে হিন্দি ভাষায় ডাক্তারী শিক্ষা দেওয়া হইত। পড়িবার সময় ছাত্রেরা বৃত্তি পাইত; ইহারা দেশীয় পণ্টনে হাসপাতাল এসিস্টেন্টের কাজ করিত। আজ প্রায় ৪০ বৎসর এক্লাশ কলিকাতা হইতে উঠিয়া গিয়াছে। বাংলা ক্লাশ ১৮৫২ সালে খোলা হয়। পঞ্চাশটি ছাত্র মাসিক ৫৲ টাকা হারে মাসহারা পাইত। এতদ্ব্যতীত বিনা বেতনে অনেকে পড়িতে পাইত। দুই বৎসর পড়িলেই শিক্ষা শেষ হইত। যাহাকে ইংরেজী মিলিটারি ক্লাশ বলে তাহা ১৮৪৮ সালে খোলা হয়। ইহার পূর্ব্বে ইংরেজ ও ফিরিঙ্গী যুবকগণ হাসপাতালে কাজ করিয়াই চাকরি পাইত।

মেডিকেল কলেজ স্থাপিত হইবার পূর্ব্বে গ্রাণ্ট সাহেবের সভাপতিত্বে যে কমিটী নিযুক্ত হয় সেই কমিটীর সদস্যগণ এদেশের জনকতক বালককে ইংলণ্ডে পাঠাইয়া চিকিৎসা শাস্ত্র শিক্ষা দিবার নিমিত্ত অভিমত প্রকাশ করেন। তখনকার সাধারণ শিক্ষা সমিতি (General Committee of Public Instruction) এই মতের পোষকতা করেন। তাঁহারা বলেন যে চারিটি বালককে একজন মেডিকেল কলেজের অধ্যাপকের সহিত ডাক্তারী শিখিবার নিমিত্ত ইংলণ্ডে পাঠান উচিত খরচ চল্লিস হাজার টাকার উর্দ্ধ হইবে না। ইঁহারা ফিরিয়া আসিয়া মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক প্রভৃতির কর্ম্ম করিতে পরিবেন। "to act as Assistant Professors of the Medical College, or

as independent lecturers, or as Superintendents of the Vernacular Medical Schools, which might hereafter be established in the Provinces. It was also hoped that the Court of Directors would be induced to confer upon some of them the appointment of Assistant Surgeons." গভর্ণমেণ্ট কিন্তু স্বীকৃত হইলেন না। ১৮৪৫ সালের প্রারম্ভে দ্বারিকা নাথ ঠাকুর ইংলণ্ডে দ্বিতীয়বার যাইতে মনস্থ করেন; তিনি দুইটি বাঙ্গালী বালককে সঙ্গে লইয়া যাইতে ও তাহাদের সমস্ত ব্যয়ভার বহন করিতে ইচ্ছা প্রকাশ করেন। ডাক্তার গুডিভ (Goodeve), মেডিকেল কলেজের একজন ইংরেজ শিক্ষক, আর একটী বালককে ইংলণ্ডে লইয়া যাইতে ও তাহার পড়িবার খরচ দিতে স্বীকৃত হন। পরে এই কাজের নিমিত্ত চাঁদা উঠে ও সেই টাকাতে আর একটী বালকের খরচ সঙ্কুলান হয়। ভোলানাথ বসু, গোপাল চন্দ্র শীল, সূর্য্যকুমার চক্রবর্ত্তী, দ্বারিকানাথ বসু, এই চারিজন ছাত্র ডাক্তার গুডিভের সহিত ১৮৪৫ সালের আরম্ভে ইংলণ্ডে চিকিৎসা শাস্ত্র শিখিতে গমন করে। ডাক্তার গুডিভ ইংলণ্ডে এই বালকদিগের অভিভাবকরূপে ছিলেন ও তজ্জন্য মাহিনা পাইতেন। ১৮৪৫ সালের গ্রীষ্মের প্রারম্ভে এই চারিজন বাঙ্গালী যুবক লণ্ডনের ইউনিভার্সিটী কলেজে ভর্ত্তী হয়। সকলেই সুখ্যাতির সহিত পরীক্ষায় উত্তীর্ণ হয়। প্রথম বৎসরেই দুইজন সুবর্ণ পদক পারিতোষিক পায়। ১৮৪৬ সালে শেষে ভোলানাথ বসু, গোপাল চন্দ্র শীল, ও দ্বারিকা নাথ বসু কলেজ অব্ সার্জ্জন (College of Surgeon) পরীক্ষায় মেম্বর উপাধি প্রাপ্ত হন। দ্বারিকা নাথ বসু সেই সময়েই ফিরিয়া আসেন। বাকি তিনজন লণ্ডনে এম, ডি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া দেশে প্রত্যাবর্ত্তন করেন। যে চারিজন ছাত্র ইংলণ্ডে প্রথমে চিকিৎসা শাস্ত্র শিখিতে গিয়াছিলেন, তাহার মধ্যে তিন জন স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া খৃষ্টান হন;

কেবল ডাঃ ভোলানাথ বসু ধর্ম্ম ত্যাগ করেন নাই। আজ কয় বৎসর হইল তাঁহার কাল হইয়াছে, তিনি স্বীয় জীবনে যাহা উপার্জ্জন করিয়াছিলেন মৃত্যুকালে দেশের কল্যানের নিমিত্ত তাহা সমস্ত উৎসর্গ করিয়া যান।

১৮৩৮ সাল হইতে এদেশে নিয়মিতরূপে সরকারী ডাক্তারখানা খোলা হয়। সেই বৎসর চারিজন ডাক্তার একশত টাকা বেতনে নিযুক্ত হন। প্রথম কয় বৎসর বেতনের হার নির্দ্দিষ্ট ছিল না; ৬০৲ টাকা হইতে তাঁহারা কখন কখন মাসে ১৫০৲ টাকা পাইতেন। ১৮৪৭ সালে স্থির হইল যে ডাক্তার দিগের বেতন একশত হইাত দুইশত পর্য্যন্ত হইবে। কোর্ট অফ্ ডিরেক্টরস্ (Court of Directors) এই মাহিনা স্থির করেন, তাঁহারা আরও বলিলেন "that it was always their desire to provide for the fair remuneration of all classes of their servants especially of tho-e whose employment must depend on educational services the result of deligent study and of intellectual powers."

পূর্ব্বপরিচ্ছেদে ১৮৩০ সালে সরকারী রাজস্ব হইতে কি পরিমাণে সাহায্য দেওয়া হইত তাহার তালিকা দিয়াছি। ১০ বৎসর পরে শিক্ষার নিমিত্ত কত টাকা ব্যয় হইত নিম্নে তালিকা দিলাম। তখনও আসাম হইতে আগ্রা প্রদেশের প্রান্ত পর্য্যন্ত বাঙ্গালা বিভাগ ছিল। এই বাঙ্গালা বিভাগের নিমিত্ত তালিকাতে যে আয়ের হিসাব দেখান হইয়াছে, তাহা এই সমগ্র বাঙ্গলা বিভাগের শিক্ষার নিমিত্ত ব্যয়ের হিসাব।

Receipts.	1840-41.	1841-42.
	Rs.	Rs.
Cash Balance of last year ...	23,875	219
Interest on account of General fund	18,000	46,500
Parliamentary lack of sicca Rs.	1,06,666	1,06,666
Separate Local and other grants to Schools and Colleges	82,583	87,363
Raja of Burdwan's donation	25,000	....
Miscellaneous receipts for Schools and Colleges ...	1,74,985	1,94,618
Government new grant ...	....	1,80,761
TOTAL Rs. ...	4,31,110-9-1	6,15 529-10-0

অনেকের মনে ধারণা আছে যে প্রথমে যখন এদেশে পাশ্চাত্য ও ইংরেজী শিক্ষা প্রবর্ত্তিত হয়, তখন এদেশের মুসলমান সম্প্রদায় এই শিক্ষা হইতে পৃথক্ রহিলেন। কথাটী কতদূর অমূলক, নিম্নলিখিত তালিকা হইতে বুঝা যাইবে। হিন্দু, মুসলমান ও খৃষ্টান, এই তিন সম্প্রদায় অন্তর্গত জনসংখ্যা ধরিলে অনুপাত হিসাবে মুসলমান ছাত্রগণের সংখ্যা কোন প্রকারেই ন্যূন বলিয়া মনে হয় না। তবে একটী কথা আছে। এই সকল ছাত্রগণ গভর্ণমেণ্ট স্থাপিত অথবা সাহায্যকৃত বিদ্যালয়ে পড়িত। তখন সহস্র সহস্র হিন্দু বাঙ্গালী বালকগণ বাঙ্গালীদিগের স্থাপিত

স্কুলে শিক্ষালাভ করিত। তাহাদের সংখ্যা সংগ্রহ করা অসম্ভব ও এ তালিকায় দেখান হয় নাই।

There are a present eight Colleges and forty two Government Schools.

(Bengal Presidency—from Assam to Agra.)

Year.	Christians	Maho-medans.	Hindoos	Total on the books.
1838-39	194	1,202	4331	5727
1839-40	198	1,400	4952	6550
1840-41	196	1,420	5708	7324
1841-42	240	1,507	5644	7391

সাধারণের শিক্ষা।

১৮৩৫ সালে লর্ড বেণ্টিঙ্ক এদেশে ইংরেজী শিক্ষা দেওয়া হইবে ইহা স্থির করেন; সেই বৎসর তিনি আর একটী শুভ কর্ম্মের অনুষ্ঠান সূচনা করেন। দেশী ভাষায় সাধারণ শিক্ষার (Vernacular Education) উন্নতি কল্পে তিনি তত্ত্ব সংগ্রহ করিতে মনস্থ করেন। বাঙ্গলা ও বিহারের কোন কোন অংশে, গভর্ণমেণ্টের তরফ হইতে এডাম নামক একজন ইংরেজ কর্ম্মচারী সেই তত্ত্ব সংগ্রহ করিতে সেই সালে পরিভ্রমণ করেন, ও তাঁহার পর্য্যটনের ফল ১৮৩৮ সালে তিন খানি রিপোর্টে (report) লিপিবদ্ধ করিয়া প্রকাশ করেন। অনুসন্ধানের ফলে তিনি অনুমান করেন যে বীরভুম থানায় শতকরা আটজন বালক পাঠশালায় যায়। বর্দ্ধমান থানায় শতকরা ষোলজন বালক, ত্রিহুতে শতকরা আড়াইজন পাঠশালায় বিদ্যা শিক্ষা করে।

তাঁহার রিপোর্টে বিশেষ কিছু নূতন নাই। বেশীর ভাগই এদেশের লোকদের ও তাহাদের শিক্ষা প্রণালী সম্বন্ধে নিন্দা ও গালী। উপসংহারে এডাম সাহেব এদেশে গ্রাম্য শিক্ষা সংস্কারের নিমিত্ত কতকগুলি অভিমত প্রকাশ করেন। তিনি বলেন যে নূতন ধরণের পাঠশালা খুলিবার প্রয়োজন নাই। যে পাঠশালা আছে তাহার সংস্কার চলিতে পারে। উপযুক্ত পাঠ্য পুস্তক প্রচলিত হওয়া আবশ্যক। প্রতি জেলায় একটী ইংরেজী বাঙ্গলা (Anglo-vernacular) স্কুল স্থাপিত হওয়া উচিত। পাঠশালায় কতকগুলি উপযুক্ত বালক কিছু বৃত্তি পাইয়া এই সকল ইংরেজী বাঙ্গলা স্কুলে পড়িবে, এই সকল ইংরেজী বাঙ্গলা স্কুলে গুরুমহাশয়েরা কাজ শিখিবে। তাহারা নিজে শিক্ষালাভ করিয়া পরে পাঠশালায় শিক্ষা দিবে; আর তিনি চারিটি জেলা লইয়া একজন ইনস্পেক্টর ও গুরুমহাশয় দিগের পরীক্ষক নিযুক্ত হইবে। এই সকল স্কুলে শিক্ষকদিগের বেতনের নিমিত্ত প্রতি গ্রামে কিছু জমি বরাদ্দ থাকিবে।

এডাম সাহেবের এই মন্তব্য ১৮৩৮ সালে তৎকালীন শিক্ষা সমিতির নিকট বিচার হয়। তাঁহারা এডাম সাহেবের সহিত একমত হইলেন না। "A further experience and more mature consideration of the important subject of Education in this country, has led us to adhere to the opinion formerly expressed by us, that our efforts should be first concentrated to the chief town or Sudder station of districts and to the improvement of Education among the higher and middle classes of the population; in the expectation that through the agency of these scholars, an additional reform will descend to the rural vernacular schools and its benefits be rapidly transferred among

all those excluded in ihe first instance by abject want from a participation in its advantages. তাঁহারা আরও বলিলেন "the plan would be almost impracticable' and that it would also involve more expenses than Mr. Adam supposed."

ফল কথা এখন জেলার সদরে বড়মানুষ ও মধ্যবিত্ শ্রেণীর ভিতর লেখা পড়া শিক্ষা সংস্কার করাই বাঞ্ছনীয়। তাহা হইলেই গ্রাম্য পাঠ-শালায় গিয়া সংস্কার পৌছিবে, আর এডাম সাহেব যাহা বলিয়াছেন তাহা কার্য্যে পরিণত করা এক প্রকার অসম্ভব। এইরূপ মত তারা পূর্ব্বে প্রকাশ করিয়াছিলেন তাহা আগে বলিয়াছি। তথাপি জন কয়েক সদস্যের অনুরোধে কলিকাতার নিকট এডাম সাহেবের প্রণালী মতে কার্য্য আরম্ভ হইল। অল্প দিনের মধ্যেই সে চেষ্টা ত্যাগ হয়। বাংলা দেশে এডাম সাহেবের অনুমোদিত প্রণালী নিস্ফল হয়। উত্তর পশ্চিম প্রদেশে কিন্তু এই প্রথা প্রবর্ত্তিত হয়; ইহাই হালকা বন্দি প্রথার মূল।

নিম্ন ও উচ্চ বৃত্তি (Junior and Senior Scholarships).

১৮৩৫ সালে লর্ড বেণ্টিঙ্ক যখন স্থির করিলেন যে এদেশে গভর্ণমেণ্ট সাহায্যকৃত স্কুলে ইংরাজী ভাষা শিক্ষা দেওয়া হইবে, তখন তৎকালীন গভর্ণ-মেণ্ট স্থাপিত বিদ্যালয়ের ছাত্রেরা কেবল বিনা বেতনে পড়িত এমন নহে, পড়িবার নিমিত্ত মাসহারাও পাইত। মাদ্রাসা ও সংস্কৃত কলেজ তখন কেবল এই দুইটী মাত্র গভর্ণমেণ্ট প্রতিষ্ঠিত কলেজ ছিল, এই উভয় স্থানেই বেশীর ভাগ ছাত্রগণ নির্দ্দিষ্টহারে মাসহারা পাইত। হিন্দু কলেজ তখন গভর্ণমেণ্ট কলেজ না হইয়া ও গভর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয় ছিল। ১৮৩৫ সালে হিন্দু কলেজে ৩৮৪ জন ছাত্রের মধ্যে ৩২৪ জন মাইনা দিয়া পড়িত; ৫২ জন মাসহারা পাইত। লর্ড বেণ্টিঙ্ক তাঁহার মন্তব্যে আদেশ

করেন, যে ভবিষ্যতে কোন ছাত্রকে আর মাসহারা দেওয়া হইবে না, "And he directs that no stipends shall be given to any student who may hereafter enter at any of these institutions." এই আদেশ ফলে অনেক গোল উপস্থিত হয়। বাংলা দেশে বিশেষ বিশৃঙ্খলা হয় নাই। ৫২টী মাসহারার মধ্যে ৪২টী মাসহারা উঠিয়া যায়; বাকী ১০টী থাকে। সংস্কৃত ও মাদ্রাসার মাসহারার নিয়ম পূর্ব্ববৎই রহিল। কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলে মাসহারা প্রথা উঠাইবার ফলে ছাত্র সংখ্যা অনেক কমিয়া যায়। পূর্ব্বে বলিয়াছি যে সময় হিন্দু কলেজের বালকেরা প্রায় সকলেই ৫৲ টাকা বেতন দিয়া পড়িত, সেই সময়ে দিল্লিকলেজে ৩২৫ জন বালকের মধ্যে ১৯ জন বালকমাত্র মাহিয়ানা দিত।

আর একটী প্রশ্ন উঠে। এতদিন পর্য্যন্ত সংস্কৃত, ফারসী, আরবী শিক্ষার নিমিত্ত গভর্ণমেণ্ট হইতে প্রচুর অর্থ সাহায্য করা হইত। যাঁহারা ইংরেজী শিক্ষার পক্ষপাতী ছিলেন, বিশেষ পাদ্রীগণ, তাঁহারা বলিলেন যে এই অর্থ এখন ইংরেজী শিখিতে দেওয়া হউক। আর এ দেশীয় প্রাচীন ভাষা শিখিবার নিমিত্ত অর্থ সাহায্যের প্রয়োজন নাই। তৃতীয় প্রশ্ন আরও উঠিল বাংলা দেশে বাংলা ভাষার অথবা ইংরেজীর সাহায্যে শিক্ষা দেওয়া হইবে কিনা?

১৮৩৭ সালে লর্ড অকল্যাণ্ড দিল্লি কলেজ পরিদর্শন করেন, তিনি মাসহারা প্রথা উঠাইয়া দেন ও (Scholarship) বৃত্তি প্রথা প্রবর্ত্তন করিতে আদেশ প্রদান করেন। দুই বৎসর পরে শিক্ষা সম্বন্ধে প্রশ্ন পুনরায় উত্থাপিত হয়। লর্ড অকল্যাণ্ড ২৪ শে ডিসেম্বর ১৮৩৯ সালে সালে শিক্ষা সম্বন্ধে তাঁহার চরম মন্তব্য প্রকাশ করেন। এই মন্তব্যটির নাম Delhi Minute.

পূর্ব্বে বলিয়াছি লর্ড বেণ্টিঙ্ক ইংরেজী শিক্ষা সম্বন্ধে আদেশ পত্র প্রকাশ

করিবার পরেই এদেশ পরিত্যাগ করেন। লর্ড বেণ্টিঙ্কের মন্তব্য কার্য্যে পরিণত করিবার ভার তাঁহার পরবর্ত্তী শাসনকর্ত্তা লর্ড অক্ল্যাণ্ডের উপর পড়ে। এদেশে ইংরেজী শিক্ষার ইতিহাসে লর্ড অক্ল্যাণ্ড বিশিষ্ট স্থান অধিকার করেন। যে ভাবে ইংরেজী শিক্ষা গভর্ণমেণ্ট স্কুলে দেওয়া হইবে, ইংরেজী শিক্ষা প্রদানের উদ্দেশ্য, বাঙ্গলা ভাষার সাহায্যে পাশ্চাত্য জ্ঞান বিস্তার, গভর্ণমেণ্ট স্কুল কলেজে খৃষ্টানী ধর্ম্ম প্রচার নিবারণ, এ সমস্ত বিষয় সম্বন্ধে লর্ড অক্ল্যাণ্ড মত প্রকাশ করেন। যে প্রণালীতে এখনও শিক্ষা দেওয়া হইতেছে সে প্রণালী অনেকটা লর্ড অক্ল্যাণ্ডের মন্তব্যের ফল। লর্ড অকল্যাণ্ডের Delhi Minute সম্পূর্ণ উদ্ধৃত করিবার এবিবরণে স্থান নাই, তথাপি মন্তব্য হইতে কিয়দংশ তুলিয়া দিলাম।

MINUTE OF LORD AUCKLAND.

In the Bengal Presidency, with its immence territory and a revenue of above 13 millions, the yearly expenditure of the Government on this account is little in excess of £24,000 or 240,0co Rupees*, and I need not

Parliamentary grant	8,888
Interest of Govt. Notes	3,030
Maddrissa	2,660
Sanskrit Coolege	2,055
Delhi Escheat Fund	250
Benares College	1,701
AGRA COLLAGE.	
Endowment of Villages	1175
Interest of Government Notes	622
Per Mensem Rs.	20,381

say how in a country like India, it is to the government that the population must mainly look for the facilities for the acquisition of improved learning.

Adam সাহেব বাংলা ও বিহারে পাঠশালার শিক্ষার অবস্থা পরি-দর্শন করিয়া দেশের প্রচলিত পাঠশালার সংস্কারের নিমিত্ত মত প্রকাশ করেন। তিনি উচ্চ ইংরেজী শিক্ষার বিরোধী ছিলেম। বাংলা ভাষায় পাশ্চাত্য জ্ঞান বিস্তার হয় ইঁহাই তাঁহার মত ছিল। অক্‌ল্যাণ্ড সাহেব এই মত সম্বন্ধে বলেন ;—

"Mr. Adam says of the condition of our English Scholars—"Extraordinary efforts have been made to extend a knowledge of the English language to the Natives, but those who have more or less profited by the opportunities presented to them, do not find much scope for their attainments, which on the other hand little fit them for the ordinary pursuits of native society. They had not received a good Native education, and the English education they have received finds little, if any use. There is thus a want of sympathy between them and their country men, although they constitute a class from which their countymen might derive much benefit. There is also little sympathy between them and the foreign rulers of the country, because they feel that they have been raised out of one class of society without having a recognised place in any other class."

When Mr. Adam enforces his views 'for the instruc-

tion of the poor and ignorant, those who are too ignorant to understand the evils of ignorance and too poor, even if they did, to be able to remove them,' the inference irresistibly presents itself that among these is not the field in which our efforts can at present be most successfully employed. The small stock of knowledge which can now be given in Elementary schools will of itself do little for the advancement of a people. The first step must be to diffuse wider information, and better sentiments amongst the upper and middle classes, for it seems, as may be gathered from the best authorities on the subject, that a scheme of general instruction can only be perfect, as it comprehends a regularly progressive provision for higher tuition.

তিনি বাঙ্গলা ভাষার সাহায্যে পাশ্চাত্য শিক্ষা প্রদানের বিরোধী ছিলেন না ; তিনি বলিলেন—

"When, indeed, the series of vernacular class Books for our single Zilla Schools, which is still a desideratum, and to which I shall subsequently refer, shall have been published, and their utility shall have been established by practice, Mr. Adam's recommendations may be taken up with some fairer prospect of advantage.

On the other hand, we are dealing with a poor people to the vast majority of whom the means of livelihood

is a much more pressing object than facilities for any better description or wider range of study. Our hold on the people is very imperfect and our power of offering motives to stimulate their zeal is but of confined extent."

লর্ড অক্‌ল্যাণ্ড ইংরেজী শিক্ষার পক্ষপাতী ছিলেন। ইংরেজীতে কৃতবিদ্য হইলে বাঙ্গালীরা পারদর্শিতা অনুসারে ইংরেজ কর্ম্মচারী দিগের সহিত একই প্রকার কর্ম্মে নিযুক্ত হইতে পারিবে ইহাই তাঁহার মত ছিল। এ সম্বন্ধে তাঁহার মত পড়িবার বিশেষ উপযুক্ত।

"I learn also in the course of my inquiries regarding the previous progress of Education in India, that a School Society existed for sometime in Calcutta, the operations of which were directed with partial success to the amendment of indigenous schools. Mr. Hare will probably be able to explain the history of this society, which drew a grant of 400 or 500 Rupees a month from Government, and to give also the causes of its extinction.

But I believe that, in all these opinions, the practical value of superior English acquirements is very greatly underrated. A familiarity with the general principles of legislation and government, and the power of offering information or opinions upon public affairs in English Reports (which is the form in which the higher correspondence regarding the British ad-

minstration of India will of course, always be conducted) must be qualifications so directly useful, as (not to speak of the recommendations of an improved moral character), to insure to the possessors of them a preference for the most lucrative public employments, after they shall have acquired that knowledge of life and of business, and that good opinion among those who have had opportunities of witnessing their conduct, which mere book-learning never can bestow. There are, as yet, no doubt, circumstances of temporary operation, which will keep for a period our best English Scholars from reaping from their studies all the worldly profit which will ultimately accrue to them. Our course of instruction has not hitherto been so naturel as to include any efficient and general arrangement for giving that knowledge of morals, jurisprudence, law and fiscal economy, which the Honourable Court have so wisely and earnestly insisted on, and which will be most directly useful in the discharge of adminstrative duties.

But in our Colleges I would carry instruction of this kind further than would be the aim of these Manuals, which would be more proper for use in our common Schools. Having thus applied suitable aids for the acquisition of the knowledge most requisite in public life. I would look with assured confidence to the recog-

nition by the community of the advantages of an advanced English Education, comprising those branches of study, a conversancy with which, would place an instructed Native Gentleman on a level with our best European officers."

উপরে লিখিত তিনটী প্রশ্নের কথা বলা হইয়াছে। সেইগুলি ও তৎভিন্ন অনেকগুলি প্রশ্নের মীমাংসা হয়। লর্ড অকল্যাণ্ড প্রথমেই বলেন যে বাংলা প্রদেশে (Bengal Presidency) হইতে তের কোটি টাকা রাজস্ব উঠে, কিন্তু শিক্ষার নিমিত্ত গভর্ণমেণ্ট আড়াইলক্ষ টাকার ও উপর ব্যয় করেন না। তিনি আদেশ করিলেন যে প্রাচীন ভাষা শিক্ষার নিমিত্ত যে অর্থ পূর্ব্বে দেওয়া হইত ভবিষ্যতে তাহাই দেওয়া হইবে। "to give a a decided preference, in Oriental institutions to the promotion of perfect efficiency in Oriental instruction." তাহার পর তিনি ভাষা সম্বন্ধে আদেশ করেন যে ইংরেজী ও বাঙ্গালা ভাষা এ উভয় ভাষারই সাহায্যে শিক্ষা দেওয়া হইবে। তবে যখন বাংলা ভাষায় উপযুক্ত পুস্তক যথেষ্ট সংখ্যায় মুদ্রিত হইবে তখন বাঙ্গালা কিম্বা ইংরেজীতে শিক্ষা দেওয়া বিধেয় কিনা সে বিষয়ে বিবেচনা করা যাইবে। এখন বালকেরা যে ভাষা পড়িতে চায় তাহাই পড়িবে। "It would be more advisable to extend to the pupils free liberty of choice in this respect and to allow them to attend the full course of English or Vernaculur tuition as they might themselves prefer." এ কথাটী বলিবার কারণ ছিল। যখন কলিকাতায় বাঙ্গালীরা নিজে ইংরেজী শিখিতে ছিল, তখন বোম্বাইতে দেশী ভাষার সাহায্যে পাশ্চাত্য শিক্ষা প্রদানের চেষ্টা বোম্বাই গভর্ণমেণ্ট করিতেছিলেন। বোম্বাইয়ে এ চেষ্টার ফল তখনও স্থির হয় নাই। লর্ড

অকল্যাণ্ডের ভাষা সম্বন্ধে অভিমত বাংলা প্রদেশে বিশেষ কার্য্যকর হয় নাই। বাঙ্গালীরা ইংরেজী শিক্ষার নিমিত্ত গভর্ণমেণ্টের মুখাপেক্ষী ছিল না। তৃতীয় কথা মাসহারা এবং বৃত্তি; লর্ড অকল্যাণ্ডের আদেশ ক্রমে মাসহারা উঠিয়া বৃত্তি প্রথা স্থাপিত হইল। প্রথমে ৫২ হাজার টাকা সমগ্র বাংলা বিভাগে বাৎসরিক বৃত্তির নিমিত্ত নির্দ্ধারিত হইয়াছিল। বলা হইল পরীক্ষার ফল দেখিয়া বৃত্তি দেওয়া হইবে। চারিজন পরীক্ষার্থীর মধ্যে একজন বৃত্তি পাইবে; এই হিসাবে বৃত্তির সংখ্যা নির্দ্দিষ্ট হইল। দুই প্রকার বৃত্তি নির্দ্ধারিত হইল; নিম্ন ও উচ্চ বৃত্তি (Junior and Senior Scholarship). প্রাচীন ভাষা (Oriental language) ও ইংরেজী কলেজে যে শিক্ষা দেওয়া হইত, এ উভয়েতেই পারদর্শিতানুসারে এই বৃত্তি দেওয়া হইত। নিম্ন বৃত্তি ৮৲ টাকা হিসাবে ছিল। প্রাচীন ভাষার নিমিত্ত উচ্চ বৃত্তি ২০৲ টাকা ও ইংরেজী ভাষায় উচ্চ বৃত্তি ৪০৲ টাকা হারে নির্দ্ধারিত হইল। ইংরেজী বিভাগে সর্ব্বশুদ্ধ ৭৭ টি নিম্ন বৃত্তি ও ৫৮ টী উচ্চ বৃত্তি দেওয়া হইত। প্রাচীন ভাষায় ১০২ টী নিম্ন ও ৭৭ টী উচ্চ বৃত্তি নির্দ্দিষ্ট ছিল। পরে সর্ব্বশুদ্ধ ৩১৫ টি বৃত্তি দেওয়া হইত তজ্জন্য মাসিক ৭৭৮৪৲ টাকা ব্যয় নির্দ্ধারিত হয়। তখন কেবল মাত্র হিন্দু ও হুগলি কলেজ ছিল; আর মফঃস্বলে গুটিকতক জেলার মধ্যে স্কুল স্থাপিত হইয়াছিল। নিম্ন বৃত্তি অধিকাংশ হিন্দু কলেজ ও হুগলী কলেজ সংশ্লিষ্ট স্কুল সমূহে প্রদত্ত হইত। অপরাপর স্কুলের জন্য একটী করিয়া জলপানির ব্যবস্থা ছিল। নিয়ম হইল যে নিম্নবৃত্তি পাইলে বালক দিগকে স্ব স্ব কেন্দ্রস্থিত হিন্দু কলেজ অথবা হুগলী কলেজ পরে ঢাকা কিম্বা কৃষ্ণনগর কলেজে পড়িতে হইবে। হিন্দু কলেজের ছাত্রদিগের জন্য ৫ টী নিম্ন ও সাতটী উচ্চ বৃত্তি নির্দ্দিষ্ট ছিল। এতদ্ব্যতীত বর্দ্ধমানের মহারাজা, প্রসন্নকুমার ঠাকুর, রাজা গোপী মোহন, জয় কৃষ্ণ সিংহ ও গঙ্গানারায়ণ দাস ইঁহাদের এক একটী প্রদত্ত জলপানি ছিল।

"The value of these scholarships will be Rs. 8 a

Month for the Junior Scholarships, which will be held for four years or under particular circumstances for a larger period and 15 rupees for the Senior Oriental for the first two years, to be increased to 20 rupees for the four last years, during which they can be held, and thirty rupees for the senior English Scholarships for the two first years, to be increased to forty rupees for the four last years. Of 5 senior Scholarships in the Hindu College at Calcutta, the Rajah of Burdwan's is 20 rupees a month, the Tagore scholarship 22 Rupees. Rajah Gopee Mohan 18 rupees. Joy Krishna Singh and Ganga Narayan Dass 12 rupees each."

হিন্দু কলেজ সংশ্লিষ্ট. শাখা স্কুল স্বরূপ কোন বিশেষ স্কুল ছিল না। কেবল দুইটী নিম্ন ও দুইটী উচ্চ বৃত্তি বাহিরের বালকদের দেওয়া হইত; হুগলি কলেজের সংশ্লিষ্ট এইসব স্কুল গুলি তখন ছিল :—হুগলি ব্রাঞ্চ স্কুল, সীতাপুর স্কুল, ত্রিবেণী, উমরপুর, বাঁকুড়া, যশোহর, ও মেদিনীপুর স্কুল। ঢাকার সংশ্লিষ্ট. সিলেট, বরিশাল, রামপুর বোয়ালিয়া, কুমিল্লা ও চট্টগ্রাম।

১৮৪০ সালে শিক্ষার নিমিত্ত বৰ্দ্ধমানের মহারাজা পচিশ হাজার টাকা প্রদান করেন। দুই বৎসর পরে রাজা বিজয় গোবিন্দ সিংহ বিশ হাজার টাকা ঐ কারণে দান করেন। মেডিকেল কলেজ খোলা হইলে দ্বারিকা নাথ ঠাকুর পারিতোষিক প্রভৃতির জন্য দুই হাজার টাকা দান করেন।

উচ্চ ও নিম্ন বৃত্তি পরীক্ষার্থীদিগকে কিরূপ ভাবে পড়িতে হইত, নিম্ন হইতে তাহার কিছু সংবাদ পাওয়া যাইবে।

The qualifications for the senior English scholarships are as follows :

English Composition—The candidate must be able to compose an English Essay, equal at last in style and matter to the Prize Essays at the Hindu College in the examinations of 1838—1839.

History—He must be able to answer a set of questions equal in number and difficulty to those given in 1838—1839 to the students of the Hindu College, as fully and correctly as those questions were answered by the students who obtained the prize.

General Literature ;—He must be able to explain passages of prose and verse, selected from Shakespeare, Bacon, Milton, Dryden, Swift, Addison, Johnson, and any others authors with any of whose works he may be acquainteed.

Mathematics :—He must have a knowledge of Algebra as far as Simple and Quadratic Equations, of Trigonometry, and of the four first books of Euclid.

Natural Philosophy :—He must have a knowledge of Mechanics, Astronomy, Hydrostatics, Pneumatics, and Optics as far as these subjects are treated of in the popular introduction to Natural Philosophy, published by the Society far the Diffusion of Useful knowledge.

The qualifications far obtaining the Junior English Scholarships are——

English Reading. The candidate must be able to

read with facility and correctness a passage of English prose, selected from Dryden, Swift, Addison or Johnson.

English Grammar. He must be able to parse correctly, and correct false Grammar.

History. He must know the leading facts of the Histories of Greece, Rome England, and India ; and the leading facts of Universal History, such as the rise and decline of nations and religions.

Geography. He must know the form of the Earth, its great divisions, and their sub-divisions into countries, the names of the capitals, and principal cities of each country, and of the principal mountains and rivers.

Arithmetic. He must know simple and compound rulesof three.

Hindoostanee or Bengalee. He must be able to translate correctly from one of these languages into English, and from English into one of these languages.

Note. If the candidate is a pupil of any of the Zillah schools, he will not be entitled to a scholarship unless he has a certificate of good conduct from the Local committee.

প্রথম প্রথম উচ্চ বৃত্তি পরীক্ষা সাধারণ শিক্ষা সমিতির (General Committee of Public Education) সদস্যরা করিতেন। ১৮৪৩ সালে স্থির হইল যে হিন্দু ও হুগলি কলেজের Principal নিজ নিজ কলেজের ছাত্র দিগকে নিম্ন ও উচ্চ বৃত্তির নিমিত্ত পরীক্ষা করিবেন।

উচ্চ বৃত্তি পরীক্ষার্থীদের মধ্যে যাহারা উৎকৃষ্ট স্থান অধিকার করিবে সাধারণ শিক্ষা সমিতির সদস্যগণ তাহাদিগের মৌখিক পরীক্ষা পুনরায় গ্রহণ করিবেন ; পরে পারদর্শিতা অনুসারে বৃত্তি নির্দ্দিষ্ট হইবে। পরীক্ষার সময় একটু আড়ম্বরও হইত। লর্ড হার্ডিঞ্জের সময় পর্য্যন্ত গভর্ণমেণ্ট হাউসে ছাত্রদিগের পরীক্ষা গৃহীত হইত। অনেক সময় গভর্ণর জেনারেল স্বয়ং উপস্থিত থাকিতেন। সময় সময় বক্তৃতা দিতেন। লর্ড হার্ডিঞ্জের সময়ের পর হইতে টাউন হলে পরীক্ষা হইত।

হুগলী ও হিন্দু কলেজের নিম্ন বৃত্তি ঐ দুই কলেজের Principal অধ্যক্ষগণ পরীক্ষা করিয়া যেরূপ নির্ব্বাচন করিতেন সেই ভাবে দেওয়া হইত। মফঃস্বল স্কুলে (Provincial Institution) স্থানীয় সমিতি (Local Committee) যেরূপ স্থির করিতেন সেই ভাবে দেওয়া হইত। ৮৪৭ সালের পূর্ব্বে পরীক্ষকেরা বিনা পারিশ্রমিকে পরীক্ষা করিতেন। এই বৎসর হইতে সাধারণ সমিতির সভ্যগণ আর পরীক্ষক হন নাই। ১৮৪৯ সালের পূর্ব্বে গভর্ণমেণ্ট স্থাপিত স্কুলের ছাত্রেরা কেবল, এই দুই বৃত্তির নিমিত্ত প্রতিযোগিতা করিতে পারিত। ১৮৪৯ সালে প্রথমে নিয়ম হইল—যে বেসরকারী স্কুলের ছাত্রেরা নিম্ন বৃত্তির নিমিত্ত পরীক্ষা দিতে পারিবে। তখন দুর্গাপূজার কিছু পূর্ব্বেই পরীক্ষা বসিত। উচ্চ বৃত্তি পরীক্ষার নিয়ম ছিল ২০ বৎসরের অধিক বয়স্ক ছাত্রেরা এ পরীক্ষা দিতে পারিত না। এক ক্লাশে দুই বৎসরের অধিক থাকিলে বৃত্তির নিমিত্ত প্রতিযোগিতা করিতে পারিবে না। বৃত্তিধারী ছাত্রদিগকে কেন্দ্রস্থিত কলেজে পড়িতে হইত ; ও প্রতিবৎসর তাহাদিগের পরীক্ষা গ্রহণ করা হইত।

উচ্চ বৃত্তির পরীক্ষার যেরূপ প্রশ্ন দেওয়া হইত, তাহাদিগের উদাহরণ ও ছাত্রগণের উত্তর এ স্থানে দিতে ইচ্ছা করে কিন্তু স্থান অভাবের হেতু দিতে পারিলাম না। পরীক্ষার ফল দেখিয়া ইংরেজ পরীক্ষকগণ চমৎকৃত

হইতেন ; এ দেশের বালকদের বিদ্যোপার্জ্জন শক্তি সম্বন্ধে ইংরেজদিগের অনেকগুলি পূর্ব্ব সংস্কার পরিত্যাগ করিতে হয়। ১৮৩৯ সালে প্রথমে বৃত্তি পরীক্ষা আরম্ভ হয়। ১৮৪০ ও ১৮৪১ সালের পরীক্ষার ফল দেখিয়া কর্ণেল সাইকস্ (Colonel Sykes) লিখিলেন, "Every precautionary measure appears to have been taken to prevent the possibility of intercommunication or collusion. × × × Such being the case I have no hesitation in expressing my astonishment at the answers of the pupils which are recorded in the reports, evincing an extent of acquirment and power of mind, in some individuals, that it might be thought could scarcely have resulted from the prolonged studies of an European University. You fairly begin to doubt whether in the arena of intellectual combat with some of these natives, educated Europeans might not only fail to prostrate the adversary but possibly get a fall themselves." এই সময়ে সাধারণ শিক্ষা সমিতির (General Committee of Public Instruction) সদস্যগণ মৌখিক পরীক্ষা করিতেন ; ইহাঁরা সকলেই সেই সময়ের স্থূল বেতন ভোগী উচ্চ পদস্থ কর্ম্মচারী ছিলেন।

অনেকগুলি উচ্চ বৃত্তিধারী ছাত্র দিগের উত্তর মুদ্রিত হয়। গোবিন্দ চন্দ্র দত্ত, পিয়ারী চরণ সরকার, ঈশ্বর চন্দ্র মিত্র, গোপাল চন্দ্র রায়, চন্দ্রশেখর গুপ্ত, উমেশ চন্দ্র দত্ত প্রভৃতির নাম দেখিতে পাওয়া যায়। শেষ দুই জন এখনও জীবিত আছেন।

১৮৪৬ সালে যাঁহারা হিন্দু কলেজ হইতে উচ্চ ও নিম্ন বৃত্তি পান তাঁহাদের নামের তালিকা আমার সম্মুখে রহিয়াছে। স্থান অভাবে

সকলের নাম দিতে পারিলাম না। প্রথম দশজনের মাত্র নাম দিলাম। ঈশ্বর চন্দ্র মিত্র, হর গোবিন্দ সেন, গোপাল লাল রায়, কালী প্রসন্ন দত্ত, দীনবন্ধু দে, বনমালী মিত্র, প্রসন্নকুমার সর্ব্বাধিকারী, রাজকিশোর ঘোষ, শ্যামা চরণ দত্ত। সর্ব্বশুদ্ধ ৩৫ জন পাশ হয়; তাহার মধ্যে ৫ জন কেবল ব্রাহ্মণ।

উপরে বলিয়াছি যে প্রাচীন ভাষা পরীক্ষার ফলে উচ্চ ওনিম্ন বৃত্তি দেওয়া হইত। ফলে এ পরীক্ষা কেবল সংস্কৃত কলেজের বালকেরাই সংস্কৃত ভাষায় দিত। ১৮৪৭ সালে প্রাচীন (সংস্কৃত) ভাষার নিম্ন পরীক্ষায় যে ৮ টী গণিতের প্রশ্ন দেওয়া হইয়াছিল তাহা নিম্নে তুলিয়া দিলাম।

১। ৮৭৯৩৪ অনেন রাশিনা ৫৬৭৮৬৪ রাশেরস্য গুণঃ ক্রিয়তাম্।

২। ৪৭২ অনেন রাশিনা ৩১৮৩৬৭২ রাশিরয়ং বিভজ্যতাম।

৩। যদি ৭৫ মনুষ্যাঃ ৭২ দিনৈঃ গৃহমেকং নির্ম্মান্তি তদা ৪৫ মনুষ্যাঃ কতিভিরহোভিঃ নির্ম্মাতুং শক্নুবন্তি।

৪। যদি ২৫ পুরুষাঃ ১২ অহোভিঃ ৬০০ সেরপরিমিতং ভুঞ্জতে তদা ২২ পুরুষাঃ ১৫ অহোভিঃ কিয়দ্ভোক্ষ্যন্তি।

৫। মাসত্রয়ে ৩ প্রতিশতং ১০০ দ্বাদশমুদ্রাত্মিকা ১২ বৃদ্ধিরিতি নিয়মেন ধনং গৃহীত্বা সপ্তসু ৭ মাসেষ্বতীতেষু ১০৯ মুদ্রা বৃদ্ধিরূপেন দত্তবান অত্র পৃচ্ছা কিয়তো মূলস্যেয়ং বৃদ্ধিঃ।

৬। যয়োঃ রাশ্যোর্বর্গান্তর, ৬১ রাশ্যন্তরঞ্চ ৩ তৌ রাশী কৌ।

৭। মাসি মাসি প্রতিশতং ১০০ মুদ্রাত্রয়াত্মিকাং ৩ বৃদ্ধিং দাস্যামি ইতি নিয়মেন ধনং গৃহীত্বা দ্বাদশসু ১২ মাসেষ্বীতিষু ৮৪০ মুদ্রা দদৌ, অত্র কিযন্মূলং কিয়তি বা বৃদ্ধিরিতি নির্ণীয়তাম্।

৮। আদ্যে দিনে ৪ মুদ্রা দত্ত্বা যথোত্তরং ২ মুদ্রাদ্বয়ং বৃদ্ধ্যাদানে ১৬ অহোভিঃ কিয়দ্ভবিষ্যতি।

১৮৪৫ সালের উচ্চ বৃত্তির পরীক্ষার নিমিত্ত নির্দ্দিষ্ট পুস্তকগুলি ও পরীক্ষার বিষয় ও নিয়মাদি নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম। ইহা দেখিয়া সে সময়কার বাঙ্গালীরা কিরূপ পরীক্ষা দিত বুঝা যাইবে।

The candidates must compose a fair English Essay. He must know the leading facts of Universal Histoy, with special reference to the Histories of Greece, Rome, India, England and modern Europe. The course of History which will form the subject of each annual examination, will be made known by the Council of Education on or before the 15 th, June of the previous year.

He must be able to explain passages of Prose and Verse, selected from Standard authors. Hereafter the works from which passages will be selected for the ensuing year, will be fixed by the Council of Education at least one year before each Scholarship Examination.

He must have a knowledge of Algebra as treated in Peacock's work on the subject, and in the chapter on Chances in Wood's Algebra ; of Euclid he must know the first four books, the 5th defination of the 5th, book, and the 21st Proposition of the 11th book ; Plane and Spherical Trigonometry (Hind's Snowbali's or Wood House's) and Conic Section.

He must have a knowledge of Astronomy, Mechanics, Hydrostaties, Puenamaties; and Optics, as treated

in the works noted in the margin. (Brinkley's Astronomy in the Natural Philosophy of the S. D. U. K. Whewell's Mechanics, Webster's Hydrostatics and Phelp's Optics with Pneumatis of the S. D. U. K.) sufficient to enable him to comprehend Herschell's Introductory discourse on the study of Natural Philosophy and Mrs Somerville's Connection of the Physical Science. He must also be acquainted with Mathematical and Physical Geogrnphy, as treated of in the publication of the Society for the Diffusion of Useful Knowledge.

He must write a fair essay in Vernacular. সে বৎসর পরীক্ষকদিগের নাম ছিল।

English Essay—The Hon'ble, Sir Herbert Maddock.
Literature—The Hon'ble C. H. Cameron.
History—The Hon'ble Sir H. W. Seton & D. Eliot, Esq.
Natural Philosophy—The Revd : F. Fisher, B. A.
Mathematics—The Revd : F. Fisher, B. A.
Vernacular Essay—The Revd : Krishna M. Banerji.

The examinition in the Town Hall was conducted (1843) on the dates, and under the immediate superintendence of gentleman named below :

Sept. 16th. General Literature—The Hon'ble C. H. Cameron.
" 7th. History—B. J. Colvin, Esqr.
" 18th. Mathematics—Russomoy Dutta, Esqr.

„ 19th. Natural Philosophy—A. R. Young, Esqr.

„ 21st. English Essay—J. W. Collvile Esqr.

„ 22nd. Vernacular Essay—C. Beadon, Esqr.

Mr. Beadon being present during the whole period, fficiating for the Secretary to the Council of Education ho was absent on duty at Hoogly."

যতদুর পর্য্যন্ত জানি কেবল দুই জন মাত্র মুশলমান উচ্চ বৃত্তি প্রাপ্ত হইয়া ছিলেন। এক জনের নাম ওয়ারিস্ আলী। হুগলীতে ইঁহার নিবাস ছিল। দ্বিতীয়টীর নাম আলাদাদ খাঁ, ইঁহার নিবাস ছিল ফরিদপুর জিলায়। ইনি কলিকাতার মাদ্রাসায় অধ্যয়ন করেন। ইঁহার পিতা Fort William কলেজে Librarian লাইব্রেরিয়ন ছিলেন। আলাদাদ খাঁ পরে শিক্ষা বিভাগে সব্‌ইন্‌সপেক্টর (Sub-Inspector) নিযুক্ত হন।

শিক্ষা ও গভর্ণমেণ্ট ১৮৪০-১৮৪৫।

১৮৪০ সালে শিক্ষা বিষয়ে গভর্ণমেণ্টের একটু দৃষ্টি পড়ে। তৎকালীন গভর্ণমেণ্ট সাহায্য কৃত স্কুল ও কলেজের পরিচালনার নিমিত্ত সেই বৎসর প্রথম নিয়মাবলী প্রকাশিত হয়। General Regulation for the Preparatory Schools and Colleges under the Committee of Public Instruction, Bengal. তখন তিন শ্রেণীর স্কুল ছিল, সাধারণ স্কুল (Schools,) প্রিপারেটরী (Preparatory) অথবা ব্রাঞ্চ স্কুল (Branch School), ইহারা কলেজের সহিত সংশ্লিষ্ট থাকিত, আর সিনিয়ার স্কুল (Senior School) অথবা কলেজ। স্কুলে ৬ হইতে বৎসরের বালক ভর্ত্তি হইত। ইহারা চারি বৎসর কাল পড়িত। তাহার পর ইহারা Senior বিভাগে উঠিত। সেখানে পাঁচ বৎসর পড়িতে হইত। তাহার পর বৃত্তি পাইলে আরও ৬ বৎসর শিক্ষা পাইত।

১৮৪০ সালে যে Regulation for the Schools and Colleges, under the General Committee of Public Instruction মুদ্রিত হয়, তাহা হইতে পাঠ্য পুস্তকের তালিকা নিম্নে দিলাম। তালিকাটী দীর্ঘ হইলে ও পাঠ করিবার বিশেষ উপযুক্ত। তৎকালীন ইংরেজ কর্ম্মচারীরা এদেশের বালকদিগের জন্য কি প্রকার শিক্ষা উপযুক্ত বিবেচনা করিতেন ইহা হইতে ইঙ্গিত পাওয়া যাইবে। স্কুলে প্রবেশ সম্বন্ধে নিয়ম ছিল :—

P. 37. No boy whose age exceeds eight years shall be admitted, unless he can read correctly and with a good pronounciation the 2nd Number of the English Reader of the School Book Society.

P. 38. No boy whose age exceeds 12 years shall be admitted unless he can read, parse and explain any passage in the fifth Nnmber of the English Reader of the School Book Society. He must also know the simple rules of Arithmetic ; the form of the Earth, its great divisions, and their sub-divisions into countries,—the names of the capitals and principal cities of each country, and of the principal mountains and rivers, He must be able to translate correctly from Bengalee or Hindustani, any passage from the 5th. Number of the English Reader.

P. 49. Corporal punishment is not permitted.

JUNIOR DEPARTMENT.

66. Two-thirds of the School time to be devoted to the English, and one third to the Vernacular studies.

67. The following is the course of English study assigned to each class :

4th. CLASS.

Cards of letters, syllables and words.

Cards of easy sentences.

English Reader, No. 1.

Cards of figures.

3rd. CLASS.

English Readers, Nos. 1. and II.

Elements of Arithmetic (Chamier's.)

Elements of Geography (Clift's.)

Writing on Slates.

* The Books specified throughout the series, both for the Junior and Senior Departments, are given as those at present available, and with the intention rather of exhibiting the studies to be pursued in each class, than as the books that upon further enquiry and experience may be found best adapted for instruction.

2nd. CLASS.

English Reader, Nos. II. III. and IV.

Elements of Grammar (Woolaston's.)

Arithmetic—the four simple and compound rules.

Geography by reference to Globes and Maps.

---

* See Note to rule 67.

(Geographical Primer—Chambers's Educatlonal Course).

Lessons an objects.

Writing.

1st. CLASS.

English Reader, Nos. IV. and V.

Azimghur Reader.

Biography (Chambers's Educational Course.)

Poetical Reader, No. II. (Gay's Fables.)

Grammar (M'Culloch's.)

Arithmetic—Fractions, Vulgar and Decimal.

Proportion, Involution and Evolution.

Geography by reference to Globes and Maps and preparation of maps.

Lessons on Objects.

Writing from dictation.

Translation from Vernacular into English.

SENIOR DEPARTMENT.

68. One hour of the School time to be devoted to the Vernacular, aud the remaining time to English studies.

69. The following is the course of English study assigned to each class.

Exercises in Syatax and Prosody (Lennie's and M'cCulloch's.)

English Reader, No. V.

Malkin's History of Greece.

Poetical Reader, No. III.

Algebra—to Simple Equations (Hall 's).

Use of Terrestrial Globe.

Physical Goography, (Society for the Diffusion of Useful Knowledge.)

Drawing (First Book of Drawing, Chambers's Educational Course).

Translation form the Vernacular into English.

English Composition.

3rd. CLASS.

Exercises in Syntax and Prosody.

English Reader. Nos. V. and VI.

Malkin's History of Greece.

History of Rome from Lardner's Encyclopaedia.

Hume's History of England.

Richardson,s Poetical Selections.

Algebra, (Hall's).

First 4 Books of Euclid (Plane Geometry by Belt. Chambers's Educational Course).

Physical Geography, (Society for the Dfffusion of useful Knowledge.)

Elements of Natural Philosophy (Do.—and Introdnction to the Sciences—Mechanics—Hydros-

tatics. Hydraulics and Penumatics—Chambers's Educational course.)

Translation from the Vernacular into English.

English Composition.

2nd. CLASS.

English Reader, No. VI.

Hume's History of England.

Marshman's History of India.

Russell's Modern Europe.

Bichardson's Poetical Selections.

Algebra, (Hall's and Hind's)

Geometry.

Plane Trigonometry and Conic Sections, (Bell's—Chambers's Educational Course.)

Natural Philosophy, (Herschell's Preliminary Discourse.)

Drawing.

Perspective.

Mechanical and Architectural Drawing.

Practical Surveying.

Translation from the Vernacular into English.

English Composition.

1st. CLASS.

Hume's History of England, with Snowball's Continuation.

Russell's Modern Europe.

Robertson's India.

Bacon's Essays.

Smith's Moral Sentiments.

Richardson's Poetical Selections.

Algebra.

Integral and Differential Calculus.

Spherical Trigonometry.

Astronomy, (Society for the Diffusion of Useful Knowledge and Herschell.)

Mechanics, Hydrostatics, Hydraulics, Optics.

Drawing.

Perspective.

Mechanical and Architectural Drawing.

Practical Surveying.

Translation from the Vernacular into English.

English Composition.

70. The following is the course of Bengalee study *

JUNIOR DEPARTMENT.

4th. CTASS.

Reading and Writing on Boards.

Burnomalla or Spelling book, Nos. I. II. III. and IV.

Dharrapat or Outlines of Arithmetic, Nos. I. II. and III.

Neeticotha Nos. I. and II. }
Monorunjan } Readers.
Dictation. }

3rd. CLASS.

Baycurrun or Grammar, (Abridgment of Ram Mohan Roy's.)

Dictation.

Composition of small sentences.

Translation of short sentences from English.

Outlines of Arithmetic, No IV.

Gayan Chandrica. } Readers.
Neeti Dursun. }

2nd. CLASS.

Gyunornub—Reader.

Parsing and Exercises on Grammar.

Translation from English lessons into Bengallee and to compose there-upon.

Pattroqummudy—Letter Writer, (Serampore Edition).

Composition of Letters, etc.

Dictation.

Smyth's Zemindarry Account.

1st. CLASS.

Selections from Probhod Chundrica—Readers.

Essay writing on given subjects.

Translation from English Lessons.

Exercise and Parsing on Grammar.

Dictation.

SENIOR DEPARTMENT.

Essay Writing.

Translation from English Pieces.

Exercise and Parsing on Grammar, etc. etc.

SANSKRIT.

Grammar.

Hittopodesha.

Rughoo.

Dictation.

Composition.

71. If in any College there are no scholars sufficiently advanced to profit by the course of study prescribed for any particular class, such class shall for the time being, remain in abeyance.

72. Besides this prescribed course of study it is intended that Lectures shall be given at the different Colleges on Natural and Experimental Philosophy, Natural History, Morals, Jurisprudence, and Political Economy, whenever the Scholars are sufficiently advanced to profit by them.

তৎকালীন হিন্দু কলেজের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যে পাঠ্য পুস্তকের তালিকা নিম্নে দিলাম, তাহা হইতে বুঝা যাইবে যে সে সময়ের ১৫।১৬ বৎসরের বাঙ্গালী বালকগণ হিন্দু কলেজে কিরূপ শিক্ষা পাইত ।

Senior Class or 8th or 9th year.

Russell's Modern Europe, Mackintosh's England, Swift's and Burke's, Works for reference, Bacon's Essay ; Pope's Essay on man, Pope's E-say on Criticism.

Scholarships—Senior Class 8th or 9th year.

Shakespeare and Milton, Poetical Selections, by Capt. Richardson, Stern's, A Sentimental Journey, Johnson's Vanity of Human Wishes Adam Smith's Moral Sentiments.

Herschell's Astronomy.

Trigonometry and Mensuration.

Algebra, Lacroix's by Rees.

Lectures on Natural Philosophy.

" " Astronomy.

" " Projection of maps ; Mechanical Drawing, Landscape and Perspective, Figure Drawing and Modelling, Ornamental Painting and Drawing

" " Intellectual Philosophy and Ethics.

" " Chemistry applied to the arts.

" " Political Economy.

" " Principles on jurisprudence.

এতদ্ভিন্ন উচ্চশ্রেণীতে লেকচার দিবার পদ্ধতি ছিল। (Natural Philosophy, Hydrostatics, Optics, Astronomy, Meteor-

logy, Chemistry, Agriculture, Mineralogy, Natural History, Political Economy, Principles of Jurisprudence Psychology, Ethics.)

এতদ্ভিন্ন সপ্তাহে দুই দিন Practical Geometry, Mensuration, Civil Engineering etc., শিক্ষা দিবার ব্যবস্থা ছিল। ইহাতেও বিস্তার শেষ হইল না। The student should continue the study of Algebraical Analytical Geometry, and will proceed to the study of Differential and Integral Calculus, and the Equations to Curves of the higher orders In this course the application of the higher branches of mathematics to Astronomical calculation should be pointed out.

এ সমস্ত বিষয় যে কথনও পড়ান হইয়াছিল সে বিষয়ে ঘোর সন্দেহ আছে। বলা বাহুল্য প্রত্যেক বালককেই এই সমস্ত পড়িতে হইত না। উচ্চবৃত্তি (Senior Scholarship) পরীক্ষার নিমিত্ত প্রতিবৎসর ভিন্ন ভিন্ন পড়িবার বিষয় নির্দ্দিষ্ট হইত; বালকেরা সেই অনুযায়ী বিষয় নির্ব্বাচন করিয়া লইত। পূর্ব্বে লিখিয়াছি বিশ বৎসরের অধিক বয়স হইলে অথবা কোন শ্রেণীতে দুই বৎসরের অধিক পড়িলে উচ্চ বৃত্তির নিমিত্ত বালকেরা প্রতিযোগিতা করিতে পারিত না।

১৮৪০ সাল হইতে ১৮৫০ সাল পর্য্যন্ত এ দেশে শিক্ষার ইতিহাসে মিশনারী দিগের নাম বিশেষ দেখিতে পাওয়া যায় না; তথন অনেক খৃষ্টান সম্পদায় কলিকাতায় কলেজ খুলিয়াছে। ১৮৪৩ সালে প্রেস বিটারিয়ান গণের ভাঙ্গা দল ফ্রিচার্চ্চ ইনস্‌টিটিউসন্‌ খোলা হয়। ১৮৩৮ সালে ভবানিপুরে লণ্ডন মিশনারী সোসাইটী স্কুল খোলে; পূর্ব্বে লিখিয়াছি ১৮৩০ সালে জেনারেল এসেম্ব্লি ইনস্‌টিটিউসন্‌ খোলা হয়। যথন এই

প্রেসবিটারিয়ান সম্প্রদায়ের মধ্যে আত্ম বিবাদ হয়, তখন জেনারেল এসেমব্লি ইনস্টিটিউসন্ দুই বৎসর কাল (১৮৪৪—১৮৪৬) বন্ধ ছিল। এই সময় হইতে মিশনারীগণ তাহাদের পূর্ব্ব কল্পিত শিক্ষার পদ্ধতি ও উদ্দেশ্য অনেকটা পরিত্যাগ করে। এখন যে ভাবে খৃষ্টান পাদ্রীগণ কাজ করিতেছে এই সময় হইতে তাহার সূচনা হয়।

১৮৪২ সালে গভর্ণমেণ্ট প্রতিষ্ঠিত জেনারেল কমিটি অফ পাবলিক ইনস্ট্রাক্সান্ (General Committee of Public Instruction) উঠিয়া যায়। তাহার স্থলে জেনারেল কাউন্সিল অব্ পাবলিক ইনস্-ট্রাক্সান্ General Council of Public Instruction) গঠিত হয়। গভর্ণমেণ্ট প্রথমে স্থির করিয়াছিলেন যে তৎকালীন গভর্ণমেণ্ট সাহায্য কৃত যে সকল স্কুল ও কলেজ ছিল, তাহাদিগকে গভর্ণমেণ্টের খাস তত্ত্বাবধানে আনা হইবে ও নব প্রতিষ্টিত কাউন্সিল্ অব্ এডুকেসান্ (Council of Education) সে সব বিদ্যালয়ের শিক্ষা সম্বন্ধে পরামর্শ ও মত প্রদান করিবেন। "Reference and advice upon all matters of important administration and correspondence." ব্যয়ের সম্বন্ধে (General and Financial business.) গভর্ণমেণ্ট সকল অধিকারের ভার নিজের হস্তে লইলেন। আর নূতন গঠিত (Council of Education) শিক্ষা সভার উপর ভার দেওয়া হইল যে ইহার সদস্যগণ কলিকাতা ও হুগলিস্থিত স্কুল ও কলেজ পরিদর্শন করিবেন। শিক্ষা সভার (Council of Edcation) সদস্যগণ ইহাতে ঘোর আপত্তি তুলেন; তাহার ফলে ১৮৪৮ সালে পুরাতন সাধারণ শিক্ষা সভার যে সকল অধিকার ছিল সেই সকল অধিকার এই নব গঠিত (Council of Education) শিক্ষা সভা প্রাপ্ত হইল। পূর্ব্বেও শিক্ষা বিভাগ বেনামী সরকারী বিভাগ ছিল, এখন ও তাহাই রহিল। ১৮৪২ সালের শিক্ষা সভার সদস্যগণের নাম দেখিলে গভর্ণমেণ্টের সহিত ইহার সম্বন্ধ বুঝা যাইবে:—C. H.

Cameron; J. C. C. Sutherland, F. Millet; F. J. Halliday; H. V. Bayley; C. C. Egerton, দুইজন মাত্র বাঙ্গালী, রসময় দত্ত ও রাধাকান্ত দেব সদস্য ছিলেন।

১৮৪৩ সালে গভর্ণমেণ্ট সাহায্য কৃত এই কয়টী বিদ্যালয় ছিল। হিন্দু কলেজ ও তাহার সংলগ্ন পাঠশালা, স্কুল সোসাইটির স্কুল (এখন যাহাকে হেয়ার স্কুল বলে) মেডিকেল কলেজ, মাদ্রাসা ও সংস্কৃত কলেজ, হুগলীতে মহম্মদ মহাসিনের কলেজ (Hoogly College) হুগলি ব্র্যাঞ্চ স্কুল, ইনফ্যাণ্ট স্কুল হুগলির নিকট সীতাপুর স্কুল ও উমরপুর স্কুল। বাঙ্গালা দেশের অপর অংশে ছিল বাঁকুড়া প্রবেসনাল স্কুল (Probational School) যশোহর স্কুল, ঢাকা কলেজ, কুমিল্লা স্কুল, চট্টগ্রাম স্কুল, রামপুর বোয়ালিয়া স্কুল, বরিশাল প্রবেশনাল স্কুল (Barisal Probational school), সিলেট স্কুল, আর মেদিনীপুর স্কুল। সে সময়ে বাঙ্গলা দেশের লোক সংখ্যা ছিল ৫ কোটী।

১৮৩৫ সালে হিন্দুকলেজের পরিচালকগণকে তৎকালীন সরকারী শিক্ষা সমিতির (General Committee of Instruction) শোভা সভ্য Honorary members) নির্ব্বাচিত করিলেন। তাঁহাদের মধ্যে দুইজন বাস্তবিক কার্য্যকর সদস্য হইলেন। এ বন্দোবস্ত কিন্তু অল্প কালের জন্য হইল। সরকারী নির্ব্বাচিত জেনারেল কমিটী আপনাদের মধ্যে হইতে ছয় জন সদস্য লইয়া একটী শাখা সমিতি গঠিত করিলেন। ইঁহারাই কলেজ পরিদর্শন ও পরিচালনা করিতেন। (For visiting and superintending the College) প্রসন্ন কুমার ঠাকুর প্রমুখ বাঙ্গালী সদস্যগণ এ বন্দোবস্তের বিপক্ষে ঘোর প্রতিবাদ উত্থাপন করেন ও তাঁহাদের অধিকার লোপ যাহাতে না হয় তাহা লইয়া আন্দোলন করেন। ১৮৪১ পর্য্যন্ত এই ভাবে চলিয়া আসিতে ছিল। সেই বৎসর (General Committee of the Public Instruction) সাধারণ

শিক্ষা সভা স্থির করিলেন "The future management and control of the Hindu College is to be vested in a Sub-Committee of the General Committee of Public Instruction, consisting of the present managers with the addition of two members of the General Committee, subject like all other sub-committees to the control of the General Committee."

শিক্ষা সভার সদস্যগণ সকলেই উচ্চ পদস্থ রাজ কর্ম্মচারী ছিলেন; তাঁহারা তাঁহাদের এই মন্তব্যটি গভর্ণমেণ্টের বিচারের নিমিত্ত পাঠাইয়াছিলেন। গভর্ণমেণ্ট তাঁহাদের সহিত সম্পূর্ণ এক মত প্রকাশ করিলেন। "The entire concurrence and approval); একটী কথা উঠিল, তখনও এ দেশীয় পরিচালনা সভার হস্তে হিন্দু কলেজের ২৩,০০০, টাকা ছিল, সে টাকার কি হইবে? স্থির হইল ঐ টাকার সুদে বৃত্তি প্রদত্ত হইবে। এ দেশীয় হিন্দু কলেজের পরিচালকগণ কিন্তু নিজেদের মৌলিক অধিকার সহজে পরিত্যাগ করেন নাই ও হিন্দু কলেজের শেষ অবস্থা পর্য্যন্ত এ বিষয় লইয়া আন্দোলন করিতে বিরত হন নাই।

উপরে লিখিয়াছি ১৮৪২ সালে General Committee of Public Justruction উঠিয়া গিয়া Council of Education গঠিত হয়। তখন বাংলা বিভাগ (Bengal Presidency) আসাম হইতে আগ্রা পর্য্যন্ত ছিল। ১৮৪৬ সালে বাঙ্গলা প্রদেশ (Bengal Province) অর্থাৎ বাঙ্গলা, বিহার, উড়িষ্যা এই তিন অংশের স্কুল কলেজ গুলি উত্তর পশ্চিমাঞ্চলের স্কুলগুলি হইতে পৃথক হইল ও সেই সকল স্কুল উত্তর পশ্চিম প্রদেশের লেফ্‌টেনণ্ট গভর্ণরের (Agra Government) অধীন হইল। তখন এদেশে বাঙ্গালী ছাত্রেরা অধিকাংশই মাহিনা দিয়া পড়িত। হিন্দু কলেজের প্রায় সকলেই মাহিনা দিত। ১৮৪৪ সালে আগরা গভর্ণমেণ্টের অধীনস্ত গভর্ণমেণ্ট

সাহায্য কৃত স্কুল সমুহে ২৪২০ জন বালক পড়িত। তাহার মধ্যে কেবল মাত্র ৪২ জন মাহিনা দিত। সেই বৎসর (১৮৪৬ সালে) রাম কমল সেন ও দ্বারিকা নাথ ঠাকুর উভয়ের মৃত্যু হয়। ইহাঁরা হিন্দু কলেজের পরিচালনা সভার সভ্য ছিলেন; তাঁহাদের স্থলে দুইজন ইংরেজ নির্ব্বাচিত হইলেন। ১৮৪৬ সালে হিন্দু কলেজের যে টুকু অবশিষ্ট স্বাধীনতা ছিল তাহা একেবারে বিনষ্ট হয়।

১৮৪৪ সালের ফেব্রুয়ারী মাসে তৎকালীন গভর্ণর জেনারেল স্যার হেনরি হার্ডিঞ্জ হিন্দু কলেজে উচ্চ বৃত্তি পরীক্ষার সময় একটী বক্তৃতা প্রদান করেন তিনি বলেন, " The Government is deeply sensible of the inestimable value of education and besides another College at Patna since last autumn, arrangements have been made for the establishment in Bengal, of hundred Schools for instructions in the vernacular. সেই বৎসর (১৮৪৪ সালে) ডিসেম্বর মাসে গভর্ণমেণ্ট এ সম্বন্ধে বোর্ড অব্‌ রেভিনিউকে যে পত্র লিখেন, তাহার কিয়দংশ নীচে উদ্ধৃত করিলাম।

"The Right Honorable the Governor of Bengal has determined to sanction the formation of Village Schools in the several disricts of Bengal, Behar, Cuttack, in which sound and useful elementary instruction may be imparted in vernacular language.

The number of Schools which the funds at the disposal of the Government will admit being formed, is one hundred aud one, to each of which a master will be appointed capable of giving instruction in Vernacular

reading, writing and Arithmetic, Geography and the Histories of India, and Bengal."

"The salaries of the masters will be as follows. 20 masters at Rs. 25 a month, 30 masters at Rs. 20 a month and 51 masters at Rs. 15 a month." The school will be established in any two or three of the principal towns of each district, where the inhabitants may be willing to provide a suitable building for the purpose, and to keep it in proper repair. The Collectors and Deputy Collectors of each district, will take care that the intentions of the Government in each respect are universally known before they decide on the location of the Schools, and invariably give the most populous places the preference."

It is the desire of the Government that all boys who may come for instruction to these schools, should be compelled to pay a monthly sum, however small, for their tuition, and also be charged the full value of books supplied to them from the public stores. Gratuitous education is never appreciated and moreover, the necessity for payment tends to induce more respectable classes to send their children to the Government Schools. All are equally in want of instruction, and it is obviously proper to begin with those who can not only contribute means for its further extension, but influence others by

their example to follow the same course." পর বৎসর (১৮৪৫ সাল) মার্চ্চ মাসে এ সম্বন্ধে পুনরায় যে পত্র লিখেন তাহারও কিয়দংশ নিয়ে দিলাম :—

"Each reading lesson being over, the pupils should be required to spell every long word, and to write from a dictation a few lines in it The Arithmetical tables must be got by heart, and the pupils practised every day in mental addition and subtraction. The pupils may next read the following books in Bengali : —Keith's Grammar ; Harle's Arithmetic ; Yate's Reader. The Grammar should be got by heart. The pupils should still be required to spell the more difficult words and to write from dictation passages in their reading lessons. They should likewise parse every sentence and answer easy questions on Grammar connected with what they read. The books which may then be given to them are Bengali :—Marshman's History of Bengal ; Pearce's Geography. The pupils should be constantly practised in composition and letter writing, and their studies in Arithmetic should also be continued ; they should parse daily three or four lines of their Reading lessons and be required to correct bad spelling and grammar. They should be minutely questioned upon every particular in the History they read and occassionally called upon to give written answers to the questions proposed. The

more advanced pupils may be required thrice a week to write essays and letters on various subjects, which should be valued, not for their length, but for their grammatical and orthographical corrections and for their closeness to the matter proposed."

বোর্ড অব্ রেভিনিউকে (Board of Revenue) পত্র লিখিবার কারণ ছিল। গভর্ণমেণ্ট এ সকল স্কুল তৎকালীন কাউন্সিল অব এডুকেশনের অধীনে রাখা যুক্তিসিদ্ধ বিবেচনা করেন নাই। নব প্রস্তাবিত স্কুলগুলি গভর্ণমেণ্টের স্কুল হইবে স্থির হইয়াছিল। তখনও গভর্ণমেণ্টের খাস শিক্ষা বিভাগ প্রকৃতরূপে গঠিত হয় নাই। বোর্ড অব্ রেভিনিউর সহিত রাজস্বের আয় ব্যয়ের সম্বন্ধ চিরকাল ঘনিষ্ঠ; সেই কারণে তাঁহাদেরই হস্তে এ ভার অর্পিত হইল। স্থির হইল যে গভর্ণমেণ্ট হইতে শিক্ষকদের বেতন দেওয়া হইবে; ছাত্রেরা এক আনা করিয়া মাসিক বেতন দিবে, এই অর্থ গুরু মহাশয়েরা পাইবেন; প্রথমে এই একশত এক স্কুল বাঙ্গলা, বিহার, উড়িষ্যায় স্থাপিত হইবার কথা হয়, তাহাদের মধ্যে প্রকৃত বাঙ্গলা দেশমধ্যে যশোহর জেলাতে ১৯টী, ঢাকা জেলাতে ১৫টী, মুর্শিদাবাদ জেলাতে ১৭টী, চট্টগ্রাম জেলাতে ৮টী স্কুল খোলা হইল। এই স্কুল গুলির প্রতি প্রথম হইতেই লোকে উদাসীন ছিল; চারি বৎসরের মধ্যে বাঙ্গলা দেশে ৩৭টী মাত্র স্কুল অবশিষ্ট থাকে। অতি অল্প সময়ের মধ্যেই সেগুলি প্রায় লোপ পায়। নানা কারণে লর্ড হার্ডিঞ্জের স্কুলের পরিণাম এরূপ ঘটিয়াছিল। সে কথা পরে লিখিব।

পরিচ্ছেদের আরম্ভে তখনকার বাঙ্গালী ছেলেদের নিমিত্ত যাহা পাঠের সামগ্রী এবং যেরূপ পাঠ্য পুস্তক নির্দ্দিষ্ট ছিল তাহা উদ্ধৃত করিয়া দিয়াছি। ১৮৪১ সালে তৎকালীন গভর্ণমেণ্ট সাহায্য কৃত বিদ্যালয় সমূহে এইরূপ পাঠের বন্দোবস্ত ছিল। অনেকেরই মনে প্রশ্ন উঠিতে পারে যে এরূপ

পাঠ্য পুস্তক কেন নির্ব্বাচিত হইল ? সাধারণ শিক্ষা সমিতি প্রধানতঃ জন কয়েক উচ্চ পদস্থ ইংরেজ কর্ম্মচারী লইয়া গঠিত হইত। ২।১ জন নামজাদা এদেশীয় ভদ্রলোক থাকিতেন। এই ইংরেজ কর্ম্মচারিগণ কাহার মত লইয়া কিংবা কোন উদ্দেশ্যে এইরূপ পাঠ্য পুস্তক বাঙ্গালী বালক দিগের নিমিত্ত নির্দ্ধারিত করিয়াছিলেন ? ইংলণ্ডে কোন বিদ্যালয়ে ১৫।১৬ বৎসরের ইংরেজ বালকগণ Shakespeare, Milton কখনও পড়েনা— একজন ইংরেজ পিতা অথবা অভিভাবক তাঁহার ১৫।১৬ বৎসরের বালকের নিমিত্ত Sterne's "A Sentimental Journey" নির্দ্দিষ্ট করিবেন একথা কোন ই রেজ বিশ্বাস করিবে না। বাঙ্গালী বালক দিগের পাঠের নিমিত্ত এ সকল পুস্তক ইংরেজ রাজকর্ম্মচারীরা কেন স্থির করিলেন ? ইংরেজী সাহিত্য শিক্ষিত বাঙ্গালীদের বিপক্ষে চিরদিনই এক ঘোর অভিযোগ আছে, যে ইহারা কার্য্যকরী অথবা প্রয়োজনীয় কোন বিষয়ই শিক্ষা করে না। এ কথাটা এককালে অসত্য নহে। ইংরেজী সাহিত্য শিক্ষিত বাঙ্গালী এক শ্রেণীর ইংরেজের নিকট চিরকাল বিদ্রূপের পাত্র। আমরা ভুল ইংরেজী লিখি, ভুল ইংরেজী বলি ইহাতে তাঁহারা হাসিয়া কুটি কুটি হন। সে প্রকার ইংরেজীকে তাঁহারা বাবু ইংরেজী Babu English নাম দিয়াছিলেন। আমরা যে তাঁহাদের মত তাঁহাদের ভাষা বলিতে অথবা লিখিতে পারি না ইহাতে তাঁহারা আমাদিগকে অতিশয় হেয় বলিয়া জ্ঞান করেন। ইংলণ্ডে Times টাইমস্ নামে পত্রিকা শিক্ষিত বাঙ্গালীর নাম First Class Classical Babus রাখিয়াছিল।

সময়ে আমরাও ইংরেজী সাহিত্য শিক্ষা সকল শিক্ষার চরম সোপান বলিয়া জ্ঞান করিতে শিখি। ইয়োরোপে প্রতি দেশেই অন্ততঃ একশত প্রকার শিক্ষা দিবার ব্যবস্থা আছে। সরকারী বা অপরাপর চাকরীর জন্যই হউক, ব্যবসা শিল্প বাণিজ্যের জন্যই হউক, বালকেরা যাহাতে ভবিষ্যৎজীবনে স্ব স্ব কর্ম্মে পারদর্শিতা ও উন্নতি লাভ করিতে পারে

তাহার নিমিত্ত অসংখ্য প্রকারের শিক্ষা প্রদান করিবার আয়োজন আছে; বাঙ্গালী বালকদের নিমিত্ত Anglo-Indian কর্ম্মচারিগণ কি ভাবিয়া এরূপ পাঠের বন্দোবস্ত করিলেন?

উপরে লিখিয়াছি, সময়ে ইংরেজী সাহিত্য শিক্ষা বিদ্যার চূড়ান্ত, এ জ্ঞান আমাদের ও জন্মিল। ইংরেজের মত ইংরেজী বলা, ইংরেজী লেখা, ইংরেজী সাহিত্যের চর্চ্চা, তাহাদের দেশের আচার পদ্ধতির অনুকরণ করা আমাদের একমাত্র গৌরবের সামগ্রী হইয়া দাঁড়াইল। উপরে গৌর মোহন আঢ্য স্থাপিত Oriental Seminaryর কথা বলিয়াছি। তাহারই এক বৎসরের বিবরণ হইত নিম্নে এক অংশ উদ্ধৃত করিয়া দিলাম

The Oriental Seminary received great encouragement and assistance from the late Rev. A. Morgan, Rector of the Paternal Academic Institution, and from the late lamented Mr. Woodrow, the Principal of the Martiniere. Both these gentlemen conducted many of the private examinations of the Seminary and paid it a very high compliment on the occasion of the Annual examination held at the Town Hall in 1852. In that year Mr. Woodrow said that, "though under his own care there were many whose parents loved to tell them of a home in 'dear old England,' he had none who knew the language of that home so correctly, or were so familiar with its stores of learning as these Hindu Youths."

উদ্ধৃত অংশটুকু পাঠ করিলে হাসিও পায়, দুঃখও হয়। বাঙ্গালী বালকদের ফিরিঙ্গি অথবা ইংরেজ বালকদিগের অপেক্ষা ইংলণ্ড এবং ইংরেজী ভাষার সহিত অধিক পরিচয় ছিল ইহাই হইল বিশেষ গৌরবের কথা! দুঃখের বিষয় এ ভাবটি এখনও সম্পূর্ণ যায় নাই।

কথাটি রহস্যের বিষয় হইলেও ইহার তলে ভাবিবার সামগ্রী অনেক আছে। ইংরেজ দিগের সহিত পরিচয় হওয়াতে আমাদিগের যেরূপ অবস্থা হইয়াছিল সেইরূপ অবস্থা অন্য দেশবাসীর পক্ষেও সময় সময় ঘটিয়াছিল। ইংলণ্ডই এক তাহার প্রধান উদাহরণস্থল। যখন ফ্রান্স-বাসী নরম্যান (Norman) গণ ১০৬৬ খৃঃষ্টাব্দে ইংলণ্ড জয় করে তখন তাহারাও তাহাদিগের ভাষা, শাসন পদ্ধতি, প্রভৃতি ইংলণ্ডে লইয়া যায় ও প্রবর্ত্তন করে; যে সময়কার ইংলণ্ডবাসী লোকেরা (Saxons) এরূপ নূতন অবস্থায় নিজেদের শিক্ষার সম্বন্ধে কি করিয়া ছিলেন? তাঁহারা কি ভাবে নিজেদের সন্তান সন্ততিদিগের নিমিত্ত, কিরূপ পাঠের ব্যবস্থা ও আয়োজন করিয়াছিলেন? ইংলণ্ডের Oxford ও Cambridge বিশ্ববিদ্যালয় চিরকালই বিদ্যাচর্চ্চার নিমিত্ত সুপ্রসিদ্ধ। (Norman) নরম্যানগণ কর্ত্তৃক ইংলণ্ড বিজয়ের পরে এই দুই বিশ্ববিদ্যালয়ের সূত্রপাত হয়। তখন ও সাক্সনগণ স্বদেশে দাসের মত থাকিত। বিজেতা নরম্যানগণ ছিল তাহাদের প্রভু। কি ভাবে এবং কি কারণে এ দুই বিশ্ববিদ্যালয়ের উৎপত্তি হয়, ও তথায় কি প্রকার শিক্ষা দেওয়া হইত তৎসম্বন্ধে Oxford বিশ্ববিদ্যালয়ের ইতিহাস হইতে (Jaffrson, Annals of Oxford) কতকটা উদ্ধৃত করিলাম। উদ্ধৃতাংশটি অতিশয় দীর্ঘ হইয়াছে। অধিক স্থান অধিকার করিলেও ইহাতে চিন্তা করিবার সামগ্রী অনেক আছে। বিবরণের আর এক ভাগে এ প্রশ্ন বিস্তৃত ভাবে বুঝিবার চেষ্টা করিয়াছি। এস্থলে উল্লেখ আবশ্যক যে ইতিহাস লেখক কতকটা রহস্যছন্দে এ প্রশ্নটির বিচার করিয়াছেন।

For to me nothing is clearer in the social story of our dark period, than that Oxford was at the outset of her career the exact mediœvel equivalent of our nineteenth century middle-class schools, and that her

chief object was to produce an adequate supply of persons possessing a sufficiency of the particular kinds of knowledge that were needed for the carrying on the prosaic affairs of a work-a-day world.

It is not for the pleasure of indulging in fanciful conjecture, but rather to assist readers in acquiring a true knowledge of our national life, that I suggest that Oxford's original success was mainly due to the practical ability with which she satisfied certain social needs arising out of the Norman Conquest. From the same movement which made England a country of two nations, and transforming the ownership of the greater part of her soil from the conquered to the victorious aristocracy which gave French rulers to the English populace, there sprang an urgent demand for educated business agents who could mediate in the common affairs of life between a nobility and a multitude, each of which two elements of the commonwealth spoke a language not understood by the other Our experience in India assists in showing us the necessity for such a class of official intercommunicators between the French nobles who could seldom speak ten words of English and their English tenants, who could rarely speak ten words of French. Every Baron within the limits of his jurisdiction, every Knight on his subordinate estate, every Norman Gentle-

man holding a manorial lordship and a tract of irregularly cultivated or comparatively unreclaimed soil, continually needed the services of a factor who could speak English and French, explain Saxon ways to the Norman mind, and. in enlightening the Norman mind upon Saxon ways, could save the social machine from coming to a deadlock. Disdaining mental, no less than bodily labour, with the coarse insolence of barbaric power, the Norman nobles could not condescend to acquire the language of the enslaved p·ople ; but no long time elapsed before the men of the fallen nation saw their advantage in rendering themselves serviceable to their foreign masters by the acquisition of certain kinds of learning which, had it not been for the French intruders they would not have troubled themselves to acquire.

To train the English boys who wished to take service of trust under the French nobles, or otherwise make profit out of the increased demand for men combining education with energy, school masters appeared in other towns besides Oxford ; but owing to causes of which enough has been said for the purposes of this omniscient work, the teachers on the shores of the Isis, surpassed all thier competitors, and the seminary of their formation, from being only a local influence, grew to be a national power. Before the gradual absorption of the Norman

intruders into the national stock had been effected, the secular clergy had selected as their chief nursery, the aggregation af schools which had outlived the special circumstances that called it into existence, and was firmly rooted into the confidence and affections of the humble people.

The training which Oxford for many a day gave to her pupils was as strictly practical, and closely pointed to the immediate uses for which her instructions were required, as the training of any commercial academy to be found at the present date betwixt Highgate Rise and Clapham Junction. She gave her best energies to teaching them grammar, an art no less useful in common affairs than beneficial to the mind ; though some of us contrive to get on very comfortably without a very accurate knowledge of its rules. She taught them to write clear, firm, legible hands, so that no employer should find them inefficient penmen. And she drilled them thoroughly in the primary rules of Arithmetic ; so that they were cleverer in casting up figures, and could be trusted to manage the accounts of great estates. French she taught for obvious reasons, of which no more need be said. She gave them no smattering of Greek, because a slight knowledge of that classic tongue was not a marketable commodity, as it

became on the revival of letters consequent on religious commotion and the discovery of printing; as it still remains, partly through the genuine scholarly tastes of a very limited number of Englishmen, but mainly from pedantic fashion arising from the direction which countless pedants of past times gave to the national studies. But Oxford taught her boys Latin—not out of compliment to a dead people, or from any notion that its literature was peculiarly calculated to endow the students intellectual vigour and moral dignity; but because though dead in one sense, Latin was eminently a living tongue and a knowledge of it was highly to be desired by every man of culture who designed to turn his knowledge to commercial account. French was the language in which the lawyers pleaded in court; but the records of the tribunals were kept in Latin, which had, moreover, a peculiar claim to rank amongst living languages in the fact that the learned of all the Western nations used it as a common tongue. Until he had acquired a certain proficiency in Latin, no aspirant to livelihood by letters was qualified to act as a nobleman's secretary, or even as clerk to a commercial corporation. Under these circumstances Oxford put Latin amongst the studies of a strictly practical training just as Mr. Jabez Flourish, M. C. P. of the Peckham

Commercial Academy, regards a knowledge of French as a necessary feature of a sound commercial education. With respect to other subjects which she taught to the best of her ability she was no less utilitarian. Whatever knowledge, or so-called knowledge, men requred for the actual use in the path of life, they could procure in her Schools. She taught the Bible and Church's deductions, from its words, to students who meant to enter religion That her sons might be armed to fight in the grand battle against disease—a battle, by the way which the best doctors of the present day say has only just begun—She instructed them about maladies and means for their cure. She had lectures on the various delusions of astrology, who distributed their teachings in the belief that they would result in the most useful and beneficial of all conceivable discoveries—an invention that would convert the baser metals into gold.

On the one field, where she laboured from a desire to raise the pupil's intellectual efficiency without any respect to the special career for which he was designed, she toiled to less good, and committed a larger number of absurdities, than in any other section of scholastlic enterprise. It was an evil day for her when she gave her brains and conscience for a while into the keeping

of fantastic logicians, whom she allowed to train and elevate her children by those processes of barren word splitting which have rendered sophistry a bye-word for learned foolishness and vain disputation. Save that the Sophister could earn fees by training others in his pernicious art, so long as pedantry sustained it in popular esteem, no material good ever came to the artist from his mastery of sophistical tricks. But for many a day scholastie disputants, alike simple and subtle, contrived to persuade themselves that sophistry sharpened the wits of its practitioners; and was all the more to be commended because, while contributing nothing to social convenience, it aimed only at imparting vigour and clearness to the mental faculties.

শিক্ষা ও সরকারি চাকরি।

উনবিংশ শতাব্দীর আরম্ভে এ দেশীয়দের পক্ষে সরকারী উচ্চ চাকরী সংখ্যায় বড় বেশী ছিল না। লর্ড কর্ণওয়ালিস্ এ দেশীয়দিগের সরকারী চাকরীতে প্রবেশের বিরুদ্ধে ছিলেন। ওয়ারেন হেষ্টিংস্ এ সম্বন্ধে উদার নীতি অনুসরণ করিতেন। হেষ্টিংসের সময়ে হুগলী ফৌজদারের বেতন বার্ষিক ৭৫০০০ টাকা ছিল। একর্ম্ম একজন দেশীয় লোক করিতেন। লর্ড কর্ণওয়ালিস্ সম্পূর্ণ বিপরীত পন্থা প্রবর্ত্তন করেন। রাজ্যশাসন ও শাসন সংক্রান্ত সমস্ত কর্ম্মই ইয়োরোপীয়দিগের দ্বারা পরিচালিত হইবে ইহাই তিনি নিয়ম করেন। তাঁহার সময় হইতে মাসিক ৭৫৲ টাকা বেতনের কোন দেশীয় কর্ম্মচারী ছিল কিনা সন্দেহ। পর্টুগিজ, ও ফিরিঙ্গী ইংরেজগণ বেশী মাহিয়ানায় সকল কাজ করিত। সেইভাবে অনেকদিন চলিয়া আসিয়াছিল; পুলিসে দারোগাগিরি ও

ও আদালতের সেরেস্তাদারী প্রভৃতি আমলাদের কার্য্য, তখন এদেশীয় গং করিতে পাইত। এতদ্ভিন্ন মুনসেফ বলিয়া এক শ্রেণীর কর্ম্মচারী অল্প বেতনে দেওয়ানী কাজ করিত। অনেক পরে সদর আমিন ও সদর আমিন আলা, যাহাকে চলিত ভাষায় সদর আলম্ব বলিত নিযুক্ত হয়। এই সব কাজে বাঙ্গালীরা নিযুক্ত হইত। ইহাদের শিক্ষার ও নিয়োগের নিমিত্ত সদর দেওয়ানী আদালত ১৮৩৬ সালে পরীক্ষা প্রবর্ত্তনের নিমিত্ত অনুরোধ করেন।

The Sudder Dewanee Adawlut, in ther report for 1836, strongly represented the necessity of securing a regular supply of properly educated young men for employment in the Judicial department ; and the Education Commitee, to whom the subject was referred, suggested the plan above described. The remarks of the Sudder Dewanee Adawlut, are as follow :—

The reports of the local authorities generally, however, speak favourably of these two grades of native Judges. Regarding the moonsiffs, there appears to be a greater difference of opinion, but under experienced and effiicient Judges, the Court entertained hopes that the moonsiffs will be ultimately found to perform thear duty in a correct and satisfactory manner.

As the readiest mode of improving the present system of nomination, the court would suggest the appointment of a regular professor, at all the Government Colleges, for the purpose of instructing the native youths in the

Land and Regulations of Government, and for enabling the young men brought up at these institutions to qualify themselves for the Judicial and Revenue branches of the public service. To each College possessing such a professor, whether in Calcutta or at any city in the interior, one or two moonsiffships and uncovenanted Deputy Collectorships might be presented as prizes every year, and these prizes should be bestowed on any native youth, above the age of 25 years, who might be found duly qualified, on public examination, for the situation ; the name of the successful candidate should then he placed on the records of this Court, in order that he might be employed in Bengal or Behar according to his parentage, directly a vacancy occured ; and in the meantime he should be obliged to continue his legal studies at the College, a monthly personal allowance of sixteen or twenty Rupees being granted to him by Government for his support. The Court would further recommend that the monthly salaries of the moonsiffs be fixed at 150 Rupes. The very important duties now confided to the Native Judges undoubtedly render the adoption of some systematic plan of education for these officers, indispensably necessary ; and the Court therefore begs to urge that these suggestions may receive an early consideration of Government.

গভর্ণমেণ্টের পক্ষ হইতে এই অনুরোধ অনুযায়ী কোন কাজ হয় নাই, তবে ৮৩৫ সালের পূর্ব্বেও যাহাতে ইংরেজীশিক্ষিত বাঙ্গালীরা সরকারী কর্ম্মে নিযুক্ত হইতে পারে সে বিষয়ে গভর্ণ মণ্ট কর্ম্মচারীগণ সময়ে সময়ে আন্দোলন করিতেন।

It is proposed that public examinations should be annually held at each of the great towns in the Bengal aud Agra Presidencies, by officers appointed to make the circuit of the country for that purpose; that these examinations should be open to all comers, wherever they may have been educated; those who acqult themselves should be ranked according to their merit; and that the list so arranged, together with the necessary particulars regarding the branches of knowledge in which each person distinguishes himself should be sent to the neighbouring functionaries to enable them to fill up from it the situations in thir gift which fall vacant.

১৮৩৩ সালে ৬ জন বাঙ্গালী প্রথমে ডেপুটি কালেক্টার (Deputy Collector) নিযুক্ত হন। ইহারা পারসী ভাষায় কাজ করিতেন। এইরূপ ইংরেজীতে অভিজ্ঞ ফারসী জানা ডেপুটি কালেকটর ১৮৭০ সালের পরে ও দুই এক জন ছিলেন। ১৮৩৭ সালে ফারসীর পরিবর্ত্তে ইংরেজী ও বাংলা আদালতের ভাষা হয়। "In Bengal the Persian language had disappeared from the Collector's office at the end of a month, almost as completely as if it had never been used. ... ... It melted away like snow."

ইংরেজী শিক্ষার বিস্তারের সহিত ইংরেজীতে অভিজ্ঞ লোকের অভাব রহিল না। ১৮৩০ সালেই অন্যূন .০ সহস্র বাঙ্গালী ইংরেজীতে

পারদর্শী হইয়াছিল। যে সকল বিভাগ, এখন আমরা সরকারী বিভাগ (Government Department) বলি, তাহাদের সূচনা অতি ধীরে ধীরে আরম্ভ হয়। এই সব বিভাগ প্রতিষ্ঠা করিতে কর্ম্মচারীর প্রয়োজন হইতে লাগিল। পূর্ব্বে পর্ত্তুগীজ ও ফিরিঙ্গীদের এই সব চাকরী এক চেটিয়া ছিল। এখন শিক্ষিত বাঙ্গালীর সংখ্যা বৃদ্ধি হওয়াতে অথবা অন্য কারণেই হউক গভর্ণমেণ্ট এদেশীয় গণের নিয়োগে সম্মত হইলেন। অল্প সময়েরই মধ্যে অনেক বাঙ্গালী এরূপ চাকরী পায়। ১৮৩৯।১৮৪০ সালে এরূপ বাঙ্গালীর সংখ্যা, তাহাদের বেতন ইত্যাদির সম্বন্ধে নিম্নে যে তালিকা দিলাম তাহা হইতে সে সময়ে শিক্ষা ও তাহার সহিত সরকারী চাকরীর সম্বন্ধ কতকটা বুঝা যাইবে। ইহারা সকলেই গভর্ণমেণ্ট সাহায্য কৃত স্কুলে শিক্ষা লাভ করিয়াছিলেন।

No.	Employment.	Amount of Salaries per month.
83	English Teachers	from Rs. 20 to 50
33	Arabian "	" 30 " 60
133	Persian "	" 10 " 20
50	Sanskrit "	" 16 " 60
20	Bengali "	" 16 " 20
4	Hindi "	" 16 " 20
5	Urdu Teachers	from Rs. 16 to Rs. 20
2	Supdts. of Abkari	500
23	Deputy Collectors	300

No.	Employmeat	Amount of Salaries per month.
7	Sadar Amins	300
18	Munsefs.	100
10	Zilla Pandits	60
19	Do. Maulavis	80
2	Asst. Surgeons.	50
1	Asst. Surgeon	200
102	Dewans & Banyans	„ 100 to 50
3	Nazirs	20
20	Native Doctors	20
3	Apothecaries	15
57	Asst. Surveyors	40
170	Writers	from 10 to 100
61	Merchant's Writers	15
128	Vakils	15
25	Sub-Asst. Surgeons	100
16	Record Keeper	from 30 to 50
425	Miscellaneous ·· ··	

১৮৪৪ সালে তৎকালীন গভর্ণর জেনারেল লর্ড হার্ডিঞ্জ শিক্ষা ও সরকারী চাকরী সম্বন্ধে তাঁহার বিখ্যাত মন্তব্য প্রকাশ করেন। এ মন্তব্যটী বিশেষ উল্লেখযোগ্য। বিলাতের পরিচালনা সভা (Court of Directors) এ দেশীয় লোকদিগের শিক্ষা সম্বন্ধে উনবিংশ শতাব্দীর আরম্ভ হইতে অনেক মন্তব্য পাঠাইতেন। কতকগুলি পুর্ব্বে উদ্ধৃত করিয়া দিয়াছি;—এ দেশের লোকের চরিত্র ভাল নয়; যাহাতে এ দেশের লোকদের সুনীতি সম্বন্ধে সুমতি হয় তাহার চেষ্টা বিশেষ প্রয়োজন; সেই চেষ্টা ফলে তাহারা শিক্ষা পাইলে সুচরিত্র হইবে; আর সুচরিত্র হইলে ছোট খাট সরকারী কর্ম্ম করিতে উপযুক্ত হইবে; এ দেশের লোকদিগের চরিত্র সংশোধন করিতে হইলে ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞান পড়া আবশ্যক; প্রাচীন ভাষা আরবী, ফারসি সংস্কৃত শিখিয়া এরূপ জ্ঞান হইবার সম্ভাবনা নাই; অতএব তাহাদের পরিবর্ত্তে ইংরেজী শিখাইতে হইবে। এই ছিল প্রধানতঃ তাহাদের সকল মন্তব্যের সার।

পরে উচ্চ বৃত্তি (Senior Scholarship) পরীক্ষার ফল বাহির হইতে লাগিল, এ দেশীয় বালকদিগের শিখিবার পটুতা ও আগ্রহের সম্বন্ধে কোন সন্দেহ রহিল না। লর্ড হার্ডিঞ্জ এই নব শিক্ষিত বালক দিগকে গভর্ণমেণ্ট চাকরী দিবার পক্ষপাতী ছিলেন। যাহাতে উচ্চ শিক্ষা বিস্তার হয় তাহাও তাঁহার অভিমত ছিল। প্রতিযোগিতায় অন্ততঃ পারদর্শীতার ফল অনুসারে কর্ম্মচারী নির্ব্বাচন হয় তাহাও তাঁহার ইচ্ছা ছিল। মন্তব্যটী নীচে দিলাম :—

LORD HARDINGE'S RESOLUTION.

Dated, 10th October 1844.

"The Governor General having taking into his consideration the existing state of education in Bengal, and being of opinion that it is highly desirable to afford it

every reasonable encouragement by holding out to those who have taken advantage of opportunity of employment in the public service, and thereby not only to reward individual merit but to enable the State to profit as largely and as early as possible by the results of the measures adopted of late years for the instruction of the people as well by the Government as by Private individuals and socities ; has resolved that in every possible case a preference shall be given in the selection of candidates for public employment to those who have been educated in the institutions, thus established and especially to those, who have distinguished themselves therein by more than an ordinary degree of merit and attainment...."The Governor General is accordingly pleased to direct that it be an instruction to the Council of Education and to the several Local Commitees and other authorities charged with the duty of Superintending of Public Instruction throughout the Provinces subject to the Government of Bengal, to submit to that Government at an early date and subsequently on the 1st of January in each year Returns (prepared according to the form appended to this Resolution) of students who may be fitted, according to their several degrees of merit and capacity, for such of the various public offices as, with reference to their age, abilities, and other

circumstances, they may be deemed qualified to fill."

The Governor General is further pleased to direct that the Council of education be requested to receive from the Governors or managers of all scholastic establishments other than those supported out of the public funds similar returns of meritorious students and to incorporate them after due and sufficient enquiry with those of Government Institutions, and also that the managers of such establishments be publicly invited to furnish returns of that description periodically to the Council of Education."

The returns when received will be printed and circulated to the heads of all Government Offices both in and out of Calcutta, with the instructions to omit no opportunity of providing for, and advancing the candidates thus presented to their notice, and in filling up every situation of whatever grade, in their gift, and to show them an invariable preference over others not possessed of superior qualifications. The appointment of all such candidates to situations under the Government will be immediately communicated by the appointing officer, to the Council of Education, and will by them be brought to the notice of Government, and the public in their annual reports. It will be the duty of controlling officers with whom rests the confirmation of

appointments made by their Subordinates to see that a sufficient explanation is afforded in every case in which the selection may not have fallen upon an educated candidate, whose name is borne on the printed returns."

"With a view still further to promote and encourage the diffusion of knowledge among the humbler classes of the people, the Governor General is also pleased to direct that even in the selections of persons, to fill the lowest offices under the Government, recourse be had to the relative acquirements of the candidate, and that in every instance a man who can read and write be preferred to one who cannot."

লাট সাহেবের এই মন্তব্যের দ্বারা সরকারী কার্য্যের নিয়োগ সম্বন্ধে বিশেষ ফল হয় নাই। তৎকালীন LaMartiniere, St. Paul, Parental প্রভৃতি ইয়োরোপীয় স্কুলের অধ্যক্ষগণ ও মিশনারীগণ ইহার বিপক্ষে ঘোর আপত্তি করেন। এ সম্বন্ধে পাদ্রী ডফের পত্র পরে দিয়াছি। বিলাতে (Court of Directors) ভারত পরিচালনা সভা লর্ড হার্ডিঞ্জের উদ্দেশ্য বিশেষ সদয় চক্ষে নিরীক্ষণ করেন নাই, তাহাদের মন্তব্য (Despatch) হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া দিলাম।

The Despatch of the Court of Directors.

Para I. Your public letters of the 21st May, No. 17 of 1845 informs us that you have intimated to the Council of Education your assent to their proposal, that all persons, whose names are inserted in the list of those qualified for the services of Government, shall

have passed, satisfactorily, an examination similar to that which entitles a student to a senior scholarship at the Calcutta and Hoogly English Colleges. This rule requires a critical acquaintance with the works of Bacon, Johnson, Milton, and Shakespeare, a knowledge of ancient and modern History, and of the Higher branches of Mathematical science, some insight into the elements of Natural History, and the principles of moral Philosophy and Political economy, together with considerable facility of composition, and the power of writing in fluent and idiomatic language an *impromptu* essay on any given subject of History, Moral or Political Economy."

(2) "It appears to us that the standard can only be attained by the students in the Government Colleges, and that therefore it virtually gives to them a monopoly of Public patronage."

(3). We are also of opinion that this high test, instead of promoting, will, in effect, discourage the general acquisition of the English language. Those who cannot hope to pass this test will not think it worth their while to bestow any time in learning the English language, at least with a view to employment in the public service.

(4) Nor are we disposed to regard a high degree of

Scholastic knowledge constituting an essential qualification for the public service. To only a moderate and practical knowledge of English, with a thorough command of the vernacular languages, and testimonials of regularity, steadiness, diligence, and good conduct, will be, in our opinion the best way to obtain the largest number of candidates competent to become useful officers in the different ranks of the Revenue and Judical Departments ; though we do not deny that there may be some few appointments which it may be desirable to bestow as the rewards of greater proficiency in the higher branches of literature.

(5) But we would not insist, throughout all India, on even a moderate acquaintance with the English language. Where, from local circumstances, the persons whom it would be most desirable to employ are found deficient in that knowledge we would not on that account peremptorily exclude them from employment, though other qualifications being equal, or nearly so, we would allow a knowledge of the English language to give a claim to preference.

(b) We are further inclined to doubt that this expediency of the subjecting all candidates to public examinations, held at the Presidency. It is not probable that young men from Behar or Cuttack will come to

Calcutta merely that they may be recorded as fit for official employment without any assurance that they will never be so employed. The same objection applies to the registration fee required from all candidates for examination. It will be felt as an unjust exaction, by those who derive no eventual benefit from showing themselves equal to the prescribed list ; and an examination being for the benefit of the public, the cost of it, if incurred at all, should be defrayed at the public expense."

লর্ড হার্ডিঞ্জের মন্তব্যের অনুসারে ১৮৪৫ হইতে ১৮৫০ সালের মধ্যে ৪১ জন ছাত্র চাকরী পাইবার উপযুক্ত হয়। জনকতক চাকরী পাইয়াছিল, তাহাদের মধ্যে ১৬ জনের বেতন ৪০৲ টাকা হইতে ২০০৲ টাকা পর্য্যন্ত হয়। তালিকা পরে দিয়াছি। লর্ড হার্ডিঞ্জের নির্ব্বাচিত প্রণালী শীঘ্রই পরিত্যক্ত হয়।

শিক্ষা ও চাকরী সম্বন্ধে আর দুইটি মন্তব্য উদ্ধৃত করিয়া এ পরিচ্ছেদ শেষ করিব।

"Para 14. The ultimate object which we have in view is to infuse into the student, possessed of talents and leisure, a test for literature and science. Such a result can only be obtained by slow and fostering care ; and our efforts have been particularly directed to this important aid.

15. It may also be noticed that the estimation in which natives of education and character are held by the Europeon Community, and the situations of trust

and emolument which have been conferred upon many of them, have already proved a strong incentive to the exertions of others in the same honourable course ; and this cause will continue to operate with increasing vigour in each succeeding year, as there can be no doubt that, in the course of time, a liberal education will be considered an indispensable qualification for Government employment, and numbers will thus be led to the pursuits of knowledge, who would have remained careless and indifferent to its attainment, were it not for the tangible and substantial advantages attached to the acquisition.

We have added in the Appendix the rules of the College of Mahammad Mohsin (Hoogly) in order to afford your Lordship a clearer view of the system thus pursued in our Colleges." (Report of the General Community of Education 1838-39)

"While we are most anxious to see a portion, of the eledves of our Institutions employed in the public service, we are equally anxious to see a select and highly and specially qualified portion, set apart for the duties of imparting the benefit of instruction, to the masses of this great Empire." (Report General Council of Education 1842-43)

শিক্ষার উদ্দেশ্য সম্বন্ধে আর আর মন্তব্য স্থানান্তরে দিয়াছি।

খৃষ্টান ধর্ম্মযাজকদিগের শিক্ষা সম্বন্ধে প্রভাব।

হিন্দুরা বিশেষ বাঙ্গালী হিন্দুরা, যে অতিশয় ব্রাহ্মণ প্রপীড়িত জাতি এরূপ বিশ্বাস সকলেরই মনে আছে। বিদেশীয়গণ এ বিষয় লইয়া অনেক কথা বলেন, তাঁহাদের লিখিত ইতিহাসে এ কথা লইয়া নানা প্রকার আন্দোলন করেন। আমাদের মধ্যেও অনেকের ধারণা আছে যে হিন্দু সমাজে ব্রাহ্মণের যেরূপ আধিপত্য সেরূপ প্রতাপ পৃথিবীর কোন দেশের ধর্ম্মযাজকগণের স্বদেশবাসীদিগের উপর নাই ও কখনও হয় নাই।

কথাটি সম্পূর্ণ অমূলক। ইউরোপে ধর্ম্মযাজকগণের স্ব স্ব দেশবাসী-দিগের সহিত সম্বন্ধ বুঝিতে হইলে অনেক কথা বলিতে হয়। সে বিষয় আলোচনা করিবার এ স্থান নহে। তবে মোটামুটি বলা যাইতে পারে যে খৃষ্টান ধর্ম্মযাজকগণের স্বধর্ম্ম অবলম্বীদিগের উপর প্রভাব স্ব সমাজে ব্রাহ্মণের প্রভাব অপেক্ষা অনেকগুণে অধিক; তবে এ স্থলে একটু পার্থক্য আছে; আমরা অশিক্ষিত, প্রায় নিরক্ষর জাতি; আমাদের ধর্ম্মযাজকগণ অশিক্ষিত শিষ্যগণের গুরু, অশিক্ষিত সমাজের নেতা। ইউরোপের, বিশেষ ইংলণ্ডের, অবস্থা সম্পূর্ণরূপে বিপরীত। সে দেশে নিরক্ষর বলিয়া স্ত্রী, পুরুষ, বালক, বৃদ্ধ কেহ নাই। অশিক্ষিত বলিয়া কেহ নাই বলিলেও অত্যুক্তি হয় না। এ সব দেশে গুরু অথবা ধর্ম্মযাজক জ্ঞানে ও চরিত্রে যে অতি উচ্চস্থান অধিকার করিবেন তাহা বলা বাহুল্য। ধর্ম্মযাজক হইতে হইলে B. A., M. A. প্রভৃতি বিশ্ববিদ্যালয় উত্তীর্ণ (Graduate) গ্রাজুয়েট হইতে হয় তাহারপর তাহাদের ধর্ম্মের ইতিহাস ধর্ম্মশাস্ত্র প্রভৃতি পড়িতে হয়। সকল গৃহস্থের গৃহে ও সকল সামাজিক অনুষ্ঠানে তাঁহারা আদৃতস্থান অধিকার করেন, সমাজে সকল স্থানেই তাঁহারা সম্মান প্রাপ্ত হন।

দেশের ইতিহাসের সহিত খৃষ্টান ধর্ম্মযাজকদিগের সম্বন্ধ অতি ঘনিষ্ঠ। সে সম্বন্ধ বুঝিবার ক্ষমতা আমাদিগের নাই। কারণ তদনুরূপ কোনও

জাতীয় জীবনের উপাদান আমাদের দেশে অনেক দিন হইতে নাই। যাহাকে ইংরেজীতে Ecclesiastical History (ধর্ম্মশাসন ইতিহাস) বলে আমাদের ভাষায় সে প্রকার কোনও গ্রন্থই নাই। যাহা লইয়া এই ধর্ম্মশাসন ইতিহাস লিখিত হয় সেরূপ ঘটনাও আমাদের দেশে কখনও হইয়াছে কিনা সন্দেহ, হওয়া সম্ভব কিনা তাহাও সংশয়স্থল। সাধারণ ইতিহাসের সহিত খৃষ্টান ধর্ম্মযাজকদিগের ইতিহাসের যে কিরূপ ঘনিষ্ঠ সম্পর্ক, যাঁহারা ইউরোপীয় জাতিদিগের ইতিহাস পাঠ করিয়াছেন তাঁহারা জানেন। যাহাকে আমরা ইতিহাস বলি ইউরোপে তাহার অর্দ্ধেক খৃষ্টান ধর্ম্ম যাজকগণের প্রভুত্বের ইতিহাস।

খৃষ্টান ধর্ম্মসম্প্রদায়দিগের পরস্পরের মধ্যে ভেদ ও পার্থক্যের কথা পূর্ব্বে উল্লেখ করিয়াছি। রোমান ক্যাথলিকদিগের সহিত প্রটেষ্টাণ্ট্ দিগের বিবাদ, এপিস্কোপেলিয়ান দিগের (Episcoplian) সহিত পিউরিট্যান-দিগের (Puritan) ও প্রেসবিটেরিয়ান দিগের (Presbyterean) কলহ এংলিক্যান দিগের (Anglican) ও ডিসেণ্টার দিগের (Dissenters) মধ্যে ঈর্ষা ও বিদ্বেষ, এই সকলের উদাহরণ ও তাহাদের ফল ইংরেজী ইতিহাসে প্রায় প্রতি পৃষ্ঠায় দেখিতে পাওয়া যায়। পূর্ব্বাপেক্ষা এ ভাবের এখন অনেক হ্রাস হইয়াছে, তবে এককালে এ পার্থক্যজ্ঞান লোপ হইয়াছে তাহা বলা যায় না।

পূর্ব্বে লিখিয়াছি যে পরিচালনা সভার সভ্যগণ (Court of Directors) এ দেশে নিজ কর্ম্মচারীদিগের মধ্যে ধর্ম্ম লইয়া কখনও ভেদ বিচার করেন নাই। এ দেশে শাসনকার্য্যে ইংরেজ কর্ম্মচারীদিগের মধ্যে ধর্ম্ম লইয়া কোনও প্রকার পার্থক্যের লক্ষণ দেখিতে পাওয়া যায় না। এ দেশস্থিত সকল প্রটেষ্ট্যাণ্ট (Protestant) ধর্ম্মযাজকগণ এক হিসাবে এংলিক্যান (Anglican) সম্প্রদায়ের প্রধান কর্ম্মচারী লর্ড বিশপের (Lord Bishop) অধীন।

অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ও উনবিংশ শতাব্দীর আরম্ভে ইংরেজ কর্ম্মচারী দিগের সহিত পাদ্রীগণের অনেক সময়ে বনিবনাও হইত না। রাজনৈতিক কারণে কর্ম্মচারীগণ অনেক সময় এরূপ কাজ করিতেন যাহাতে পাদ্রীরা ও তাঁহাদের বন্ধুগণ বিরক্ত হইতেন। এই কথা লইয়া ইংলণ্ডে পাদ্রী মহলে, পার্লামেণ্ট মহাসভায় ও সংবাদপত্রে অনেক প্রকার আন্দোলন হইত।

"Considerable sums of money were openly and systemetically disbursed from the public treasury for the celebration of Hindoo and Mahomedan festivals ; and one annual donation for what the applicants termed the "belly god feast" attracted particular attention from the quaintness of its designation. The Royal ensign was hoisted at Fort St. George and salutes were fired from the ramparts, on the anniversary of the Mahomedan festival of Bukreed, and on the birthdays of some of the Hindoo Gods. Military bands and escorts accompanied the processions and, on one occasion, a gate in the fort, had been widened to accomodate a heathen procession. The Collector of the district in which the great temple of Conjeveram was situated had been accustomed from the earliest period of our Government to send his public servants into the villages to press men to draw the car."

যে সময়ে হিন্দু মুসলমানদিগের উৎসবে ইংরেজ কর্ম্মচারীগণ যোগদান করিতেন, সিপাহী শাস্ত্রী মোতায়েন হইত। দশেরা, মহরম প্রভৃতি পর্ব্ব

উপলক্ষে পণ্টনের সিপাহী সম্মান প্রদর্শন করিতে উপস্থিত থাকিত, হিন্দু-মুসলমানদিগের পর্ব্ব উপলক্ষে তোপ ছোড়া হইত।

"Royal Salutes are fired from the batteries of Fort St. George, at the celebration of the Poongal (Hindu Feast) and at the Ramzan (Mussalman); and in honour of the latter at Trichinopoly, Trivanderam, in Travancore, the Company's troops are employed to do honour, at great inconvenience at the annual festival of the principal idol of the country. At Trichinopoly the European artillery and other troops are employed twelve times a year, to attend processions at the following Mussalman festivals.

Nature of the Processions	Periods at which the processions are take place.	Remarks.
Procession of the Ram Lila Festival	1st of Shawol	Royal Salute, and an h[illegible]
Do of the anniversary of Huzrat Nutter V alle Sahib, a Mahomedan saint	14 th of Ramzarin	An honorary escort.
Procession of the Bukreed Festival	10th of Zehiyya	Royal Salute and an honorary escort.

Nature of the Processions	Periods at which the processiens are take place.	Remarks.
Procession of the anniver-sary of Wallajah Nabab deceased in 1795	29th of Rubeeaul	An honorary escort.
Procession of the anniver-sary of the Mahl of Wallajah	15th Somadeedul	"
Procession of the aniversary of Omdut Omrah Nabab deceased in 1801	3rd of Rubeeoul	"
Procession of the aniversary of Ameerul Omrah deceased...	24 th of Mohurm	"
Procession of the aniversary of the Mahalat Ameerul Omrah...	3rd of Zehiyja	"
Procession of the aniversery of the Hissowal Moolk...	7th of Subha	
Procession of the aniversary of Nasserul Moolk	15 of Subha	"

Nature of the Processions	Periods atwhich the processions are take place.	Remarks.
Procession of the anniversary of Molekoom Nissa Begum, Daughter of Wallajah	29th of Suffer	"
Procession of the aniversary of the Mahil of Hissanul Moolk	16th of Sabhan	"

(The connexion of the East India Company's Government with the superstitious and idolatrous customs and rites of the natives of India, stated and explained by a late resident in India .

এই সব কথা লইয়া ইংলণ্ডে ঘোর আন্দোলন হইত। সমস্ত মিশনারী সভা সমিতি দারুণ আপত্তি করিতেন। পার্লামেণ্টে প্রশ্ন উঠিত, অনেক বাদানুবাদ হইত। পয়েণ্ড্যার (Poynder) বলিয়া এক ব্যক্তি এই দলের নেতা স্বরূপ ছিল। যাহাতে ইংরেজ গবর্ণমেণ্টর সহিত পৌত্তলিকতার (এদেশীয় দিগের ধর্ম্মের নাম) সহিত কোনও প্রকার সম্পর্ক না থাকে তাহাই এইরূপ আন্দোলনের উদ্দেশ্য ছিল। দেবোত্তর সম্পত্তি, মন্দির প্রতিপালনের সম্পত্তি এ সকলের সহিত ইংরেজ গবর্ণমেণ্টের সম্পর্ক একেবারে রহিত করিতে প্রতিবাদীগণ অনবরত ও নিয়মিতরূপে আন্দোলন করিত। এ সম্বন্ধে জগন্নাথের মন্দির লইয়া যে আন্দোলন হয় তাহা পাঠ করিলে মিশনারীগণের স্বদেশে প্রতাপ ও তাঁহাদের প্রতিবাদ ও চেষ্টার ফল অনেকটা অনেকটা বুঝা যাইবে।

জগন্নাথের মন্দির ও গবর্ণমেণ্ট।

১৮৪৫ ও ১৮৪৯ সালে "Parliamentary Returns on Idolatry" প্রকাশিত হয়। ইহাতে এই প্রশ্নের বিস্তারিত বিচার হয়। ইং ১৮৪৮ সালে "Proprietor's Blue book relating to Jugunnath" শীর্ষক পুস্তিকা গভমেণ্টের তরফ হইতে ছাপা হয়। পুরী, কাশী, গয়া এই তিন স্থানে যাত্রীগণের নিকট হইতে পূর্ব্বে পয়সা (pilgrim's tax) আদায় করা হইত। মিশনারীগণ বলিতেন যে এইরূপ করিলে পৌত্তলিকতার প্রশয় দেওয়া হয়। তাঁহারা বলিতেন যে ইংরেজ গভর্ণমেণ্ট ৯০০০ মন্দিরের পৃষ্ঠ পোষক ("Nine thousand temples which till of late years the Government patronised) !" শেষ কথাটীর অর্থ বুঝা কঠিন, বোধহয় দেবোত্তর সম্পত্তির কথা। পুরীর জগন্নাথ মন্দির সংক্রান্ত গভর্মেণ্টের যে অপবাদ ছিল তাহার কারণ কতকটা বুঝা যায়। মুসলমান-শাসন কালে প্রথমে জগন্নাথ যাত্রীদিগের উপর কর নির্দ্ধারিত হয়। যে টাকা উপসত্ব হইত তাহা মুসলমান শাসন কর্ত্তৃগণ গ্রহণ করিতেন। ১৭৬৫ খৃষ্টাব্দে মহারাষ্ট্রীয়গণ উড়িষ্যা অধিকার করেন। তাঁহাদের সময়েও এই কর গ্রহণ করা প্রথা জারি ছিল। প্রবাদ আছে যে ইহা হইতে বৎসরে ২০০,০০০৲ হইতে ৫০০,০০০৲ টাকা আদায় হইত। এই অর্থ মহারাষ্ট্রীয়গণ গ্রহণ করিত। বৎসরের শেষে মন্দিরের নিমিত্ত অর্থের অনাটন হইলে তাহারা সেই অভাব পুরণের নিমিত্ত বাৎসরিক বিশ পঁচিশ হাজার টাকা প্রদান করিত। জগন্নাথের মন্দিরের জমিদারী প্রভৃতি সম্পত্তি হইতে অন্য উপসত্ব ছিল। তাহা হইতে প্রধাণতঃ ব্যয় সঙ্কুলান হইত। ইং ১৮০৩ সালে উড়িষ্যা ইংরাজ দিগের অধীনে আসে। ইং ১৮০৭ সালে স্থির হইল যে মন্দিরের ব্যয়ের নিমিত্ত যাত্রীদিগের নিকট হইতে যে কর আদায় হয় তাহা হইতে সমস্ত খরচ চলিবে। "The whole expenses of the temple were then paid out of the

public funds i. e. out of the net proceeds of the pilgrim tax"। এই বন্দোবস্তের ফলে ইংলণ্ডে ভারত গভমেণ্টের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ হয়। পার্লামেণ্ট মহাসভায় (House of Common) এ বিষয়ের প্রশ্ন উঠে ও বিচার হয়।' তাহার ফলে যাত্রীদিগের উপর কর (Pilgrim tax) উঠিয়া যায়। "After a determined resistence for some years to this state of things by the Christian public in England who were scandalised at the East India Company's thoroughgoing patronage of idolatory it was resolved by the House of Commons that the Pilgrim Tax should be abolished"। এই আদেশ ইং ১৮৪০ সালে লর্ড অক্ল্যাণ্ডের (Lord Auckland) নিকট আসিয়া পোঁছে। তখন কথা উঠিল, মন্দির চলে কি প্রকারে। লর্ড অক্ল্যাণ্ড বলিলেন "That the Government promise of the allowance for the support of the temple was distinct and unconditional"। পুরীর মন্দির প্রতিপালনের নিমিত্ত গভর্মেণ্টের পক্ষ হইতে সাহায্য প্রদানের অঙ্গীকার করা হইয়াছিল। এই প্রতিশ্রুতি স্পষ্টরূপেই করা হইয়াছিল ও তাহার সহিত কোন প্রকার কড়ার ও সর্ত্ত সংলগ্ন ছিল না। এই কথা লইয়া অনেক বাদানুবাদ চলে। লর্ড হার্ডিঞ্জ (Lord Hardinge) ক্ষতি পুরণের পক্ষপাতী ছিলেন। তিনি জগন্নাথের অধিকার "Rights of Jugunnath" এই কথা ব্যবহার করেন। ইহার নিমিত্ত তাঁহাকে একটু বেগ পাইতে হইয়াছিল। ফল কথা ইং ১৮৫১ সালে মিশনারী আন্দোলনের ফলে গভর্মেণ্টের সহিত জগন্নাথের মন্দিরের সকল সম্পর্ক রহিত হয়। মিশনারীগণ বলিতেন "Ought the Government regulate a Hindu Temple any more than the pew-rents of a dissenting chapel ?"

এ দেশে গবর্ণমেণ্ট প্রস্তাবিত সংস্কৃত কলেজ স্থাপন বিপক্ষে মিশনারী-গণ প্রতিবাদ করিতেন। যখন কাশীতে সংস্কৃত কলেজ খোলা হয় তাঁহারা লিখিলেন :—

"Further, within a month after the Court has resolved to close India against Christian truth, they sent out their approbation of the plan of establishing a college at Benares for cultivation of the laws, literature and *religion* of the Hindoos."

পাদ্রীগণ গবর্ণমেণ্ট সাহায্যকৃত স্কুল কলেজে খৃষ্টান ধর্ম্মের গ্রন্থ বাইবেল পড়ান হয় না বলিয়া তীব্র অভিযোগ করিতেন। যখন লর্ড অকল্যাণ্ড (Lord Auckland) ১৮৩৯ সালে শিক্ষা সম্বন্ধে দিল্লী মন্তব্য (Delhi Minute) প্রকাশ করেন তখন তাহাতে বাইবেল পাঠের কথার কোন উল্লেখ ছিল না। পাদ্রী ডফ (Duff) এই মন্তব্য সম্বন্ধে তিনখানি পত্র প্রকাশ করেন তাহার মধ্যে একখানি হইতে কিয়দংশ নীচে উদ্ধৃত করিয়া দিলাম।

DR. DUFF'S LETTER.

While certain parts of his Lordship's Minute have been warmly applauded, others have been warmly reprobated. Of the latter, the two great central points are, the re-endowment of orientalism, including its false religion; and the total exclusion of the true religion from course of higher instruction in the literature and the science of Europe. As the Act of a Government which represent the British nation this is neither more nor less than a national recognition of the false religions

of Bruhmanism and Muhammadism, and at the same time a national abnegation of the only true religion that is, Christianity. Surely, surely this is a great national sin ; which if not repented of, and removed, may, sooner or later, draw down the most terrible but righteous retribution at the hands of an offended God.

১৮৭০ সালে ইংলণ্ডে পার্লামেণ্টে অভিজাত সভায় (House of Lords) এ দেশস্থিত গবর্ণমেণ্ট বিদ্যালয়ে বাইবেল পাঠ সম্বন্ধে অনেক বাদানুবাদ হইয়াছিল। ডিউক অফ মারলবরো (Duke of Marlborough) বাইবেল পাঠের সমর্থনকারী পক্ষের নেতা ছিলেন। এ দল এখনও একেবারে লোপ পায় নাই।

"That the authoritative exclusion of the word of God form the course of education afforded in the Government Schools and Colleges ought under suitable arrangements to be removed."

তিনি আরও বলিলেন !

The Exclusion of the Bible and at variance with the principles laid down by Parliament for the Government of India.

"Neutrality in the sense of total non-interference with the religions of the people impossible by a Christian Government, a full and just toleration, an unquestionable duty."

পূর্ব্ব পরিচ্ছেদে উনবিংশ শতাব্দীর প্রারম্ভে এ দেশের অনেক রাজ-রচাকর্ম্মীদিগের পাদ্রীদিগের সহিত সহানুভূতির উদাহরণ দিয়াছি

নিম্নে পাদ্রী লিখিত পুস্তক হইতে যে অংশ উদ্ধৃত করিলাম তাহা হইতে উনবিংশ শতাব্দীর মধ্যভাগে পাদ্রী ও কোন কোন রাজকর্ম্মচারীদিগের পরস্পরের সহিত সম্বন্ধ কিছু বুঝা যাইবে।

"That the late Hon. J. E. D. Bethune was not what is called a friend of Missions, is well known.

That he was not hostile to them, his having invited this communication testifies. And the writer is glad to be able to further mention, that his first acquaintance with Mr. Bethune arose from a message sent to him after preaching in St. Paul's Cathedral that he (Mr. Bethune) was interested in the discourse, and considered the proposition proved, that proposition being, "The certain triumph of Christ's Missions in India." About two years afterwards, he allowed the writer to conduct him to the Church Missionary Society School, at Krishnagar, where, having inspected the ward, he addressed the teachers and the youths, commending the advantages of the Schools, and the benevolence of its supporters.

"That Mr. Bethune was, in God's hand, an instrument for advancing the Missionary cause, the following facts will illustrate.

"As Legislative Member of Council and President of the Law Commission, his career is distinguished for the enactment which relieved the native Christians from the penal code, and placed them on a par with their heathen

and Mohamadan neighbours in the enjoyment of civil and religious liberty, and the protection of property. He was also permitted to see, before his death, the final and the complete severance of the East India Government from the connection with, and the support of the Temple of Jagannath."— Rev. Jones.)

উপরে লিখিয়াছি, ১৮৪০ সালে গবর্ণমেণ্ট শিক্ষা সম্বন্ধে নিয়মাবলী (General Regulations for the Preparatory Schools and Colleges under the Committee of Public Instruction, Bengal) প্রকাশ করেন। প্রস্তাবিত নিয়মগুলি পুস্তিকাকারে মুদ্রিত করিয়া শিক্ষা সমিতির সভ্যগণ ও অপরাপর উচ্চপদস্থ ইংরেজ কর্ম্মচারী দিগের তাহাদের তৎসম্বন্ধে মতের নিমিত্ত পাঠান হয়। আমার সম্মুখে যে খণ্ড পুস্তিকা রহিয়াছে তাহায় উপর Bishop of Calcutta লিখিত আছে। মত প্রকাশের নিমিত্ত পুস্তিকাতে সাদা কাগজ বাঁধাই আছে। দুইটি নিয়ম সম্বন্ধে তৎকালীন বিশপ্ সাহেব স্বহস্তলিখিত যে মত প্রকাশ করিয়াছেন তাহা এই পুস্তিকাতে আছে। লিখিত অংশগুলি অসম্পূর্ণ সবস্থানে স্পষ্ট করিয়া পড়া যায় না। যতদূর বুঝিতে পারা যায় নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম। বিশপ সাহেবের তখন সাধারণ শিক্ষা সমিতির সহিত কোন সম্পর্ক ছিল না।

General Regulations for the Preparatory Schools and Colleges under this Committee of Public Instructions, Bengal.

19. The Teachers are particulary enjoined to abstain from controversial discussions with the boys

either on religion or other subjects connected with the prejudices of the natives.

"The first clause of Rule 19 had better be omitted, as the term controversial discussion may be understood to exclude the calmest discussions in reply to questions proposed by the pupils and absolutely essential to be honesetly (?) answered by the master and which may possibly kindle into unintentional wrath ... should be always avoided and rudeness and all such should be always avoided but not always what may......"

113. The choice of class books and books of reference will be left to the Lecturers ; and they will submit a list of such books as they require, for the sanction of school master and the Principal. They will be careful to avoid any reference to religion in giving their Lectures.

"The last clanse in Rule 113 had better be omitted it is impossible indeed to be complied with. References to Religion can not but arise in Historical, chronlogical and antiquarian readings. The History of the world, the History of England, the History of Bengal, abound, and must abound with references and can a Master avoid replying to questions proposed to him in Christian morals, the Christian Revelation, the character and life of the Christian......"

অনেকে বোধ হয় জানেন না যে পূর্ব্বে আসাম প্রদেশে গবর্ণমেণ্ট পরিচালিত ও সাহায্য কৃত স্কুলে বাঙ্গলা ভাষায় শিক্ষা দেওয়া হইত। পরে আসামী ভাষা বাঙ্গলা ভাষার স্থান অধিকার করে। এই পরিবর্ত্তন মিশনারীদিগের চেষ্টায় ও তাঁহাদের আন্দোলন ফলে সাধিত হয়। এই আন্দোলনের ইতিহাস নানা কারণে পড়িবার উপযুক্ত। আসাম প্রদেশে গ্রাম্য আসামী ভাষা প্রবর্ত্তনের পক্ষপাতী ছিলেন মিশনারীগণ; ইহার বিপক্ষে ছিলেন মিঃ রবিন্সন্ (Mr. Robinson) নামে আসাম বিভাগের স্কুল ইনস্পেক্টর (William Robinson, Inspector of Government Schools, Assam.) আর আসাম বিভাগের কমিশনর জেন্‌কিনস্ সাহেব Mr. Francis Jenkins, Commissioner of Revenue, Assam.)

১৮৩৪ কিম্বা ৮৩৫ সালে একদল আমেরিকান মিশনারী আসামে আসিয়া আড্ডা স্থাপন করেন। তখন আসামে বিশেষ কামরূপ বিভাগে টোল চতুষ্পাটীর অপ্রতুল ছিল না। এ সকল স্থানে কেবল মাত্র ব্রাহ্মণ বালকেরাই অধ্যয়ন করিত। জনসাধারণ অথবা নিম্ন শ্রেণীর নিমিত্ত তখন কোনও প্রকার স্কুল ছিল না। ইহাদেরই শিক্ষার নিমিত্ত মিশনারীগণ দুই তিনটি স্কুল খোলেন। আসামবাসী সাধারণের শিক্ষার নিমিত্ত তাঁহারা মিশনারীগণের মৌলিক প্রথা অনুসারে পাঠ্যপুস্তক রচনা করেন। এ সকল পুস্তক রোমান (Roman) অক্ষরে মুদ্রিত হইত। চারি পাঁচ জন আমেরিকান মিশনারী কাজ করিতেন তাঁহাদের মধ্যে এক জন পাদ্রী মিঃ ব্রন্‌সন্ (Mr. Bronson) ইঁহাদের মুখপাত্র স্বরূপ ছিলেন। গবর্ণমেণ্ট স্কুলে বাঙ্গলা ভাষা প্রচলনের বিপক্ষে ও ভবিষ্যতে আসাম প্রদেশে স্কুল সমূহে বাঙ্গালা ভাষা শিক্ষার বিপক্ষে তাঁহারা প্রতিবাদ করেন।

বিবাদটি একটু কৌতুকাবহ, তবে কৌতুকের পশ্চাতে অনেক চিন্তা করিবার সামগ্রী আছে। একদিকে দাড়াইলেন উচ্চ পদস্থ ইংরেজ কর্ম্ম

চারীগণ আর একদিকে দাঁড়াইলেন জনকতক মিশনারী। আসামবাসী লোকেরা এ বিবাদে নিরপেক্ষ রহিলেন। কেবল আনন্দরাম ফুকনের সাহায্য পাদ্রীরা সংগ্রহ করিতে পারিয়াছিলেন। প্রবাদ আছে আনন্দ রাম ফুকনের মাতামহ একজন বাঙ্গালী ব্রাহ্মণ ছিলেন। ফলে ইংরেজ কর্ম্মচারীদিগের পরাজয় হইল, পাদ্রীদিগের জেদ বজায় রহিল।

আসাম প্রদেশে স্কুল সমূহে বাঙ্গলা ভাষা পাঠের প্রস্তাব শুনিয়া পাদ্রীগণ ঘোর আপত্তি উত্থাপন করেন, ও তৎকালীন (১৮৪৫ সালে) বাঙ্গলার লেফটেণ্যাণ্ট গবর্ণর সার ফ্রেডেরিক হ্যালিডের (Sir Frederic Halliday) নিকট এই প্রস্তাবের বিপক্ষে আবেদন পাঠান। তাঁহারা যে শ্রেণীর আসামীগণের মধ্যে কাজ করিতেন সে সকল লোক, স্কুলের পাঠ্য বাঙ্গলা পুস্তক বুঝিতে পারে না তাহাই তাঁহাদের সর্ব্বপ্রধান যুক্তি ছিল। তাঁহারা বলিলেন, "Bengali is not the vernacular of Assam. The common people do not understand that language, written or spoken." নিম্নে তাঁহাদর আবেদন হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া দিলাম।

